The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online www.ajkalusa.com /weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 895 | 07 November 2025 | শুক্রবার ২২ কার্তিক ১৪৩২



million New Yorkers ready to flee NYC if Mamdani becomes mayor → Page 18

Ex vice president Dick Cheney to George W. Bush Dies → Page 19





The MTA is hiring : Jobs that don't a require College Degree → Page 18

Trump Administration Says SNAP Will Be Partially Funded After Judges' Rulings → Page 19



# ইতিহাস গড়লেন মামদানি

হাসান মাহমুদ

'তিনি আসলেন, দেখলেন এবং সবকিছু জয় করলেন'। সম্মোহনি দুর্বার এক আকর্ষণে লাখ লাখ মানুষের হৃদয়ে স্থান করে নিলেন অল্প কিছুদিনের মধ্যে। তারুণ্যের ছোঁয়ায় তিনি ইতিহাস গড়লেন নিউইয়র্কের ১১১তম প্রথম মুসলিম মেয়র নির্বাচিত হয়ে। অনন্য এই ঐতিহাসিক বিজয় জোহরান মামদানির জন্য অপেক্ষা করছিল। নিউইয়র্কের ইতিহাস লিখতে হলে মামদানির বিজয় ইতিহাস উঠে আসবে আগামী দিনে। ডেমোক্র্যাটিক দলের প্রার্থী হিসেবে প্রাইমারীতে বিজয়ী হবার পর বিভিন্ন মহল থেকে আসা নানা প্রতিবন্ধকতা, হুমকি, অসহযোগিতা ডিঙ্গিয়ে জোহরান মামদানি (৩৪) এখন বিশ্বব্যাপি অত্যন্ত জনপ্রিয় এক এরপর ৩০ পৃষ্ঠায়



## ঝড়ের বেগে সব জয় করলেন কে এই মামদানি?

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের ইতিহাসে ঝড়ের বেগে এসে সব জয় করলেন কে এই মামদানি? দু'বছর এরপর ২৬ পৃষ্ঠায়

## ব্রুকলিনে শাহানার রেকর্ড ভোটে বিজয়

আজকাল রিপোর্ট

টানা দ্বিতীয়বারের মতো বিপুল ভোটের ব্যবধানে সিটি কাউন্সিল মেম্বার হলেন এরপর ৩০ পৃষ্ঠায়

## বিপুল ভোটে বিজয়ী সোমা সায়ীদ

আজকাল রিপোর্ট

বাংলাদেশি বংশোদ্ভূত অ্যাটর্নি সোমা সায়ীদ সুপ্রিম কোর্টের বিচারক পদে ডেমোক্র্যাটিক পার্টির এরপর ৩০ পৃষ্ঠায়

## 'জগাখিচুরি' অবস্থায় জাতীয় নির্বাচন অনিশ্চিত

মাসুদ করিম, *ঢাকা থেকে*

বাংলাদেশে এই মুহূর্তে রীতিমত 'জগাখিচুরি' অবস্থা বিরাজ করছে। রাজনৈতিক দলগুলোর মধ্যে কোন ঐক্য প্রতিষ্ঠা করা ছাড়াই জাতীয় ঐকমত্য কমিশন তাদের কার্যক্রম সমাপ্ত করেছে। প্রধান উপদেষ্টার প্রেস উইংয়ের তথ্য মোতাবেক, গত ১৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে কার্যক্রম শুরু করার পর ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থবছরে জাতীয় এরপর ৪৫ পৃষ্ঠায়

## 'আজকাল' সম্পাদকের শুভেচ্ছা

আজকাল রিপোর্ট



শাহ নেওয়াজ গ্রুপের প্রেসিডেন্ট ও সিইও, আজকাল সম্পাদক ও প্রকাশক, সাউথ এশিয়ান ফর জোহরান-এর এরপর ৩০ পৃষ্ঠায়

## বাংলাদেশ সোসাইটির জমকালো সুবর্ণ জয়ন্তী উৎসব

আজকাল রিপোর্ট

জমকালো আয়োজনে প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি বা সুবর্ণ জয়ন্তী উৎযাপন করেছে যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশিদের মাদার সংগঠন 'বাংলাদেশ সোসাইটি'। গত ২ নভেম্বর নিউইয়র্কে অভিজাত 'টেরেস অন দ্য পার্ক'-এ অনুষ্ঠিত এ আয়োজনে এক এরপর ৩০ পৃষ্ঠায়

অনুষ্ঠানের আরো ছবি ৩৪ ও ৩৫পৃষ্ঠায়




































NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416


সালেহ উদ্দিন আহমদ-এর কলাম
মামদানির জয় যুক্তরাষ্ট্রের রাজনীতি যেভাবে বদলে দিতে পারে
০৫ পৃষ্ঠায়


চিত্তরঞ্জন সরকার-এর কলাম
উভয় সংকটে বিএনপি: সংস্কার গ্রহণ, না প্রত্যাখ্যান
০৬ পৃষ্ঠায়


উমর ফারুক-এর কলাম
ইতিহাস ও বাস্তবতায় জিয়াউর রহমান
১২ পৃষ্ঠায়






# আন্তজার্তিক লোকসঙ্গীত সম্মেলনের প্রস্তুতি সভা

আজকাল রিপোর্ট

আগামী ২২ নভেম্বর, শনিবার জ্যাকসন হাইটস জুইস সেন্টারে, অনুষ্ঠিত হবে আন্তজার্তিক লোকসঙ্গীত সম্মেলন-২০২৫। সম্মেলনকে সামনে রেখে গত ২ নভেম্বর জ্যাকসন হাইটসের ঢাকা গার্ডেনে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের কো-কনভেনর মনিরুল ইসলাম মনির। সঙ্গীতশিল্পী সুলতানা খানমের পরিচালনায় সভায় বক্তব্য রাখেন হাজী আব্দুর রহমান, সৈয়দ হাসমদ আলী, হাবিবুর রহমান খান, আবু তালেব চৌধুরী চান্দু, ফারুক আহমদ, নুর ইসলাম বর্ধন প্রমুখ।
সংগঠনে সম্মেলনের প্রস্তুতি নিয়ে বক্তাগণ অভিমত এরপর ১৫ পৃষ্ঠায়



# সোহেল আহমদ আটলান্টিক সিটির কাউন্সিল নির্বাচিত

আজকাল রিপোর্ট

নিউজার্সি রাজ্যের আটলান্টিক সিটি কাউন্সিল নির্বাচনে কাউন্সিল অ্যাট লার্জ পদে জয়লাভ করেছেন বাংলাদেশি আমেরিকান সোহেল আহমদ।গত ৪ নভেম্বর নির্বাচনে ডেমোক্র্যাটিক দলের মনোনীত প্রার্থী হিসেবে টিম স্মল প্যানেল থেকে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন তিনি।
সিটিতে প্রথম বাংলাদেশি-আমেরিকান হিসাবে এই নির্বাচনে জয় পেয়ে ইতিহাস সৃষ্টি করেছেন তিনি। ভোট দিয়ে জয়ী করায় আটলান্টিক সিটির বাংলাদেশি এরপর ১৫ পৃষ্ঠায়

# আধুনিক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের অধিকারী হচ্ছে বাংলাদেশ

হাসান মাহমুদ



বাংলাদেশ সেনাবাহিনীকে আধুনিকীকরণ করার লক্ষ্যে বর্তমান অন্তর্বর্তীকালিন সরকার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র দিয়ে সাজানোর উদ্যোগ নিয়েছে। চীনের কাছ থেকে বাংলাদেশ এই ক্ষেপণাস্ত্র কেনার উদ্যোগ নেয়ার পর তা এখন বেশ আলোচিত প্রতিবেশি রাষ্ট্রগুলোতে। ইতোমধ্যে এসওয়াই ৪০০ ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র কেনার জন্য চীনের সাথে বাংলাদেশের একটি চুক্তি স্বাক্ষর হয়েছে বলে জানা যায়। বাংলাদেশ সরকার তার প্রতিরক্ষা নীতির আওতায় সেনাবাহিনীকে অত্যাধুনিক অস্ত্রে সজ্জিত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এই কৌশলের অংশ হিসেবে চীনের কাছ থেকে ওই ক্ষেপণাস্ত্র কেনা হচ্ছে। এই চুক্তি চীন ও বাংলাদেশের মধ্যে প্রতিরক্ষা অংশীদারিত্বকে আরও জোরদার করবে বলে মনে করা হচ্ছে। বাংলাদেশে ড্রোন নির্মাণের একটি কারখানাও স্থাপন করছে চীন। যার কাজ এখন দ্রুত চলছে।
মূলধারার মিডিয়ায় এক প্রতিবেদনে বলা হয়েছে, চীনে ডিএফ ১২-এ নামে পরিচিত এসওয়াই-৪০০ ক্ষেপণাস্ত্রটি ২০০৮ সালে ঝুহাই এয়ারশোতে প্রথম প্রদর্শিত হয়েছিল। চীন এর আগে এই ক্ষেপণাস্ত্র মায়ানমার ও কাতারের কাছে বিক্রি করেছে।
ক্ষেপণাস্ত্রটি ৪০০ কিলোমিটার দূরের লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম। এটি ২০০/৩০০ কেজি ওয়ারহেড বহন করতে পারে। এসওয়াই-৪০০ কে স্মার্ট ক্ষেপণাস্ত্র বলা হয়। কারণ এটি দ্রুত তার সঠিক লক্ষ্য এবং আঘাতগুলি নির্ভুলতার সাথে শনাক্ত করতে পারে। এটি প্রায় ৬ মিটার দীর্ঘ এবং ম্যাক ৫ প্রায় ৬,০০০ কিলো. ঘণ্টায় ছুটতে পারে। ক্ষেপণাস্ত্রের রাডার ব্যবস্থা সঠিক লক্ষ্যমাত্রা নিশ্চিত করতে খুব দ্রুত সক্রিয় হয়। এরপর ১৫ পৃষ্ঠায়



# ভার্জিনিয়ার মুসলিম লেফটেন্যান্ট গভর্নর গাজালা হাশমি

আজকাল রিপোর্ট

ডেমোক্র্যাট প্রার্থী মুসলিম গাজালা হাশমি ভার্জিনিয়ার লেফটেন্যান্ট গভর্নর নির্বাচিত হয়েছেন। তিনি রিপাবলিকান জন রিডকে পরাজিত করেছেন। হাশমি ভার্জিনিয়া সিনেটে প্রথম মুসলিম এবং প্রথম দক্ষিণ এশীয় আমেরিকান সিনেটর হিসেবে দায়িত্ব পালন এরপর ২৪ পৃষ্ঠায়



# ইউপিএস কার্গো বিমান দুর্ঘটনায় নিহত ৭

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের লুইসভিল আন্তর্জাতিক বিমানবন্দরে উড্ডয়নের সময় ইউপিএস কার্গো প্লেন বিধ্বস্ত হয়েছে। এ সময় তাতে আগুন ধরে যায়। খবরে বলা হয়েছে, উড্ডয়নের পরপরই ইউপিএস কার্গো বিমানটি বিধ্বস্ত হয়। গত মঙ্গলবার বিকেল ৫টা ১৫ মিনিটে এই দুর্ঘটনা ঘটে। আগুনে বিমানটি ও আশেপাশের ভবনগুলো সম্পূর্ণভাবে জ্বলে যায়। এতে কমপক্ষে ৭ জন নিহত হয়েছেন। স্থানীয় কর্মকর্তারা জানিয়েছেন, মৃত্যুর সংখ্যা আরও বাড়তে পারে। দুর্ঘটনায় কমপক্ষে ১১ জন আহত হয়েছেন এবং কয়েকজন নিখোঁজ। বিমানটি বিধ্বস্ত এরপর ২৪ পৃষ্ঠায়

# গভর্নর হোকুলের জরুরি অবস্থা জারি

আজকাল রিপোর্ট

নিউ ইয়র্কে জরুরি অবস্থা জারি করেছেন গভর্নর ক্যাথি হোকুল। চলমান শাটডাউনে গত ১ নভেম্বর থেকে খাদ্য সহায়তা বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কায় এই ব্যবস্থা নেয়া হয়। পাশাপাশি জরুরি খাদ্য সহায়তা দিতে ৬ কোটি ৫০ লাখ ডলার জরুরি অর্থ তহবিল বরাদ্দের আশ্বাস দিয়েছেন তিনি। ফুড ব্যাংকগুলোতে প্রয়োজনীয় সহযোগিতা দিতে স্বেচ্ছাসেবক দল নিয়োগের ঘোষণা দিয়েছেন গভর্নর। হোকুল জানান, জরুরি খাদ্যাবস্থার সময় নিউ ইয়র্কের প্রতিটি স্কুলে সকাল ও দুপুরের খাবার দেওয়া হবে।
খাদ্য সহায়তা বন্ধ প্রসঙ্গে এক সংবাদ সম্মেলনে হোকুল বলেছেন, ট্রাম্প প্রশাসন ৩০ লাখ নিউ ইয়র্কারের খাদ্য সহায়তা বন্ধ করতে যাচ্ছে। এ ছাড়া অবর্ণনীয় স্বাস্থ্য এরপর ২৪ পৃষ্ঠায়

# চিটাগং ইউনিভার্সিটি এলামনাই'র নতুন কমিটি গঠন




আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে বসবাসরত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠন চিটাগং ইউনিভার্সিটি এলামনাই ফেডারেশন অব ইউএসএ'র নতুন কার্যকরী কমিটি গঠিত হয়েছে। এতে প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন রায়হানুল ইসলাম চৌধুরী, জেনারেল সেক্রেটারি হয়েছেন মোহাম্মদ সাইফুর রহমান চৌধুরী টিপু। নতুন কমিটি ২০২৬-২০২৭ মেয়াদে দুই বছরের জন্য কাজ করবে।
১৯ সদস্যবিশিষ্ট এ কমিটিতে ভাইস প্রেসিডেন্ট হিসেবে রয়েছেন সৈয়দ মঈন, মো. মাওলা দিলু ও জামশেদ হোসেন। জয়েন্ট সেক্রেটারি প্রতাপ চন্দ্র শীল ও লুৎফুন ভূঁইয়া হেনা, ট্রেজারার ইকরামুল বাকী, অর্গানাইজিং সেক্রেটারি মোহাম্মদ হুদা, প্রেস-মিডিয়া এন্ড পাবলিকেশন সেক্রেটারি এহসান জুয়েল, এডুকেশন ও কালচারাল সেক্রেটারি মোহাম্মদ কামাল, সোশ্যাল ওয়েলফেয়ার সেক্রেটারি হয়েছেন আমানা রশিদ।
এছাড়া সাত কার্যনির্বাহী সদস্যের দায়িত্ব পেয়েছেন চুন্নু জামান, সারোয়ার কামাল, আবদুল ওয়াহেদ মাহফুজ, মোস্তফা আমিন এরপর ১৫ পৃষ্ঠায়




NY INSURANCE BROKERAGE INC

আপনি কি TLC প্লেট নিতে চান??

NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ



CONTACT US:

SCAN ME

718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

Design & Print by: ihopeprint.com, 929-538-7903

## সম্পাদকীয়

# মামদানির বিজয়ে মূলধারার রাজনীতিতে বাংলাদেশিদের উত্থান

নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে জোহরান মামদানি ঐতিহাসিক জয় পেয়েছেন। জয় হয়েছে প্রবাসী বাংলাদেশিদের। বাংলাদেশি 'আঙ্কেল আন্টিদের'। যুক্তরাষ্ট্রের মূলধারার সকল মিডিয়ায় এ নির্বাচনে বাংলাদেশিদের ভূমিকাকে গৌরোবজ্জল বলে উল্লেখ করা হয়েছে। শতকরা ৯৮ ভাগ বাংলাদেশি মুসলমান এবার ভোট দিয়েছেন। আর যা অধিকাংশ পেয়েছেন জোহরান মামদানি। মুসলমান হিসেবে ভালোবাসার আবেগকে ধারন করে বারবার মামদানি বাংলাদেশিদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। নিউইয়র্ক টাইমস এ নির্বাচনে একটি ছোট উদীয়মান বাংলাদেশি কমিউনিটি মামদানিকে নির্বাচিত করতে যে ভূমিকা রেখেছে তার ফলাও করে প্রচার করেছে। বাংলাদেশিরাই ছিল মামদানির নির্বাচনী প্রচারণার ভ্যানগার্ড। নির্বাচনের দিন বাংলাদেশি মহিলারা ঘর থেকে বের হয়ে ভোটের লাইনে দাঁড়িয়েছিলেন সূর্য উঠার আগেই। নির্বচনী প্রচারনায় তারা ডোর টু ডোর প্রচার করেছে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হুমকি ও হুংকারকে তোয়াক্কা না করে ইমিগ্রান্ট কমিউনিটি মামদানিকে ভোট দিয়েছে। বিলিয়নিয়র, ট্র্যাডিশনাল রাজনীতিবিদ ও ধনিক শ্রেনীর রক্তচক্ষুকে এড়িয়ে মামদানির ভোট কোয়ালিশন এ বিজয় ছিনিয়ে এনেছে। বিশেষ করে যুব সম্প্রদায়ের অকুন্ঠ সর্মথনে অপ্রতিরোধ্য হয়ে উঠেছিলেন মামদানি।

> তবে ৪ নভেম্বর মঙ্গলবার অনুষ্ঠিত সাধারণ নিবার্চনে রেকর্ডসংখ্যক প্রবাসী বাংলাদেশি তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। তাদের প্রচারণার কেন্দ্রে ছিলেন জোহরান মামদানি। বাংলাদেশি তরুণ প্রজন্ম বেছে নিয়েছেন মামদানিকে। যুক্তরাষ্ট্র সহ নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটি রাজনৈতিক শক্তি হিসেবে আর্বিভূত হলো। নিউইর্কাররা অবাক হয়ে দেখলো বাংলাদেশিদের মূলধারা রাজনীতিতে উত্থান। শাহানা হানিফ, কাজি ফৌজিয়া, শাহ নেওয়াজ, আতাউর রহমান সেলিম, মোহাম্মদ আলী, গিয়াস আহমেদ, এটর্নি মঈন চৌধুরী, এম এন মজুমদার ও ফকরুল ইসলাম দেলোয়ার সহ হাজারো বাংলাদেশি ছিলেন মামদানির নির্বাচনী প্রচারনার প্রাণ শক্তি। আবারও প্রমানিত হলো ঐক্যবদ্ধ বাংলাদেশি কমিউনিটি অসম্ভবকে সম্ভব করতে পারে

নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে ডেমোক্রেট প্রার্থী জোহরান মামদানির বিজয় নিশ্চিত হওয়ার পর প্রবাসী বাংলাদেশিরা বাঁধভাঙা উচ্ছ্বাসে মেতে ওঠেন। রাত ১০টার পর সিটির ব্যস্ততম জ্যাকসন হাইটস, জ্যামাইকা, ব্রঙ্কস ও ব্রুকলিনে আনন্দ সমাবেশ করেছেন তারা। রাতেই মামদানির প্রধান ক্যাম্পেইন অফিস ম্যানহাটনে ছুটে গেছেন বিপুলসংখ্যক বাংলাদেশি। নিউইয়র্ক সিটি নির্বাচনে অধিকাংশ বাংলাদেশি শুরু থেকে জোহরান মামদানির পক্ষে ছিলেন। গত ২৪ জুন মঙ্গলবার অনুষ্ঠিত প্রাইমারিতে বিপুলসংখ্যক বাংলাদেশি আমেরিকান তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। তবে ৪ নভেম্বর মঙ্গলবার অনুষ্ঠিত সাধারণ নিবার্চনে রেকর্ডসংখ্যক প্রবাসী বাংলাদেশি তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। তাদের প্রচারণার কেন্দ্রে ছিলেন জোহরান মামদানি। বাংলাদেশি তরুণ প্রজন্ম বেছে নিয়েছেন মামদানিকে। যুক্তরাষ্ট্র সহ নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটি রাজনৈতিক শক্তি হিসেবে আর্বিভূত হলো। নিউইর্কাররা অবাক হয়ে দেখলো বাংলাদেশিদের মূলধারা রাজনীতিতে উত্থান। শাহানা হানিফ, কাজি ফৌজিয়া, শাহ নেওয়াজ, আতাউর রহমান সেলিম, মোহাম্মদ আলী, গিয়াস আহমেদ, এটর্নি মঈন চৌধুরী, এম এন মজুমদার ও ফকরুল ইসলাম দেলোয়ার সহ হাজারো বাংলাদেশি ছিলেন মামদানির নির্বাচনী প্রচারনার প্রাণ শক্তি। আবারও প্রমানিত হলো ঐক্যবদ্ধ বাংলাদেশি কমিউনিটি অসম্ভবকে সম্ভব করতে পারে।

# মামদানির জয় যুক্তরাষ্ট্রের রাজনীতি যেভাবে বদলে দিতে পারে

### সালেহ উদ্দিন আহমদ



নিউইয়র্ক শহরের মেয়র নির্বাচন নিয়ে বাংলাদেশেও ছিল বিপুল কৌতূহল ও উৎসাহ। কারণ, মুসলমান প্রার্থী জোহরান মামদানি। যাঁকে বলা হয়েছে নিউইয়র্কের 'বাঙালি আন্টিদের' প্রার্থী-তিনিই ছিলেন ডেমোক্রেটিক পার্টির মনোনীত প্রার্থী। নিউইয়র্ক সিটি 'বাঙালি আন্টিদের' নিরাশ করেনি। জোহরান মামদানি ৫০ শতাংশের বেশি ভোট পেয়ে নিউইয়র্ক সিটির মেয়র হলেন এবং ইতিহাস গড়লেন।

নিউইয়র্ক সিটি ছাড়াও আরেকটি গুরুত্বপূর্ণ সিটি মিনিয়াপোলিসে মেয়র নির্বাচন হলো, সেখানেও প্রতিদ্বন্দ্বিতায় আছেন একজন মুসলমান প্রার্থী-ওমর ফাতেহ।

৪ নভেম্বর, মেয়র নির্বাচন ছাড়াও যুক্তরাষ্ট্রে নির্বাচন হলো নিউজার্সি ও ভার্জিনিয়ার দুটি স্টেটে গভর্নর পদে। দুটিতেই ট্রাম্পের মনোনীত প্রার্থীদের হারিয়ে ডেমোক্র্যাটরা জয়ী হয়েছেন। এ নির্বাচনে সবচেয়ে বড় হার হয়েছে প্রেসিডেন্ট ট্রাম্পের। শুধু নিউইয়র্ক, নিউজার্সি ও ভার্জিনিয়ায় নয়, যেসব স্টেটে ভোট হয়েছে, তার এক্সিট পুলে দেখা গেছে প্রেসিডেন্ট ট্রাম্প বড় আকারে মার্কিন জনগণের আস্থা হারিয়েছেন।

**নিউইয়র্ক সিটিতে মামদানির জয়জয়কার**

নিউইয়র্ক সিটির মেয়র এখন একজন অভিবাসী মুসলমান! তাঁর গুরুত্ব ও পরিচিতি থাকবে সারা বিশ্বে। জোহরান মামদানি নির্বাচিত হওয়ায় সারা বিশ্বের মুসলমানরা অবশ্যই আনন্দিত, তবে মামদানিকে তাঁর ধর্মীয় পরিচয়ের জন্য নিউইয়র্কের জনগণ নির্বাচিত করেননি। তাহলে মাত্র ৯ শতাংশ মুসলমান ভোট নিয়ে তিনি প্রাইমারি থেকেই বিদায় নিতেন। তাঁর পরিচিতি ও দিগন্ত আরও বিশাল। তাই তো নিউইয়র্কের বিভিন্ন জনগোষ্ঠী তাঁকে মেয়র হিসেবে বেছে নিয়েছে।

নিউয়র্ককে বলা হয় 'ইহুদিদের শহর'। পৃথিবীর যত নামীদামি ধনি ইহুদি আছেন, তাঁদের বেশির ভাগ বাস করেন নিউইয়র্ক শহরে। সেই শহরে ভারত-উগান্ডার একজন মুসলমান অভিবাসীর ছেলে নিউইয়র্ক শহর জয় করে নিয়েছেন। যুক্তরাষ্ট্রের সব প্রভাবশালী রাজনৈতিক ও সম্পদশালী ব্যক্তিত্ব সর্বতোভাবে মামদানির বিরোধিতা করেছিলেন। ডেমোক্রেটিক পার্টির প্রাইমারি নির্বাচনে মামদানি সাবেক গভর্নরের অ্যান্ড্রু কুমো ও বর্তমান মেয়র এরিখ আদামসকে হারিয়ে দলের মনোনয়ন পান। অন্য যেকোনো প্রার্থীর জন্য ডেমোক্রেটিক পার্টির মনোনয়ন পাওয়ার পর নির্বাচিত হওয়া খুব সহজ হতে পারত। কারণ, নিউইয়র্ক সিটিতে ৭০ শতাংশ ভোটার ডেমোক্রেটিক পার্টির রেজিস্টার্ড ভোটার। কিন্তু মামদানির জন্য কাজটা অত সহজ ছিল না।

> যুক্তরাষ্ট্রে যে মুসলমান রাজনীতিকেরা ক্রমান্বয়ে এগিয়ে যাচ্ছেন, এর আরেকটি প্রমাণ ভার্জিনিয়া স্টেটসের লেফটেন্যান্ট গভর্নর পদে নির্বাচনে জয়ী হয়েছেন গাজালা ফেরদৌস হাশমি। তিনি চার বছর বয়েসে ভারত থেকে বাবা-মায়ের সঙ্গে যুক্তরাষ্ট্রে আসেন। এখন যুক্তরাষ্ট্রের একটি প্রভাবশালী স্টেটের দ্বিতীয় ব্যক্তি

সবচেয়ে বড় বাধা আসে প্রেসিডেন্ট ট্রাম্প থেকে। তিনি মামদানিকে হারানোর জন্য সর্বতোভাবে চেষ্টা করেছিলেন। অ্যান্ড্রু কুমোকে ট্রাম্প পরিচিত করেন স্বতন্ত্র প্রার্থী হিসেবে মামদানির বিরুদ্ধে আবার সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে। টাকাপয়সার সংস্থানও তিনি করলেন বড় ইহুদি ব্যবসায়ীদের চাঁদা নিয়ে। তিনি চাপ দিয়ে বর্তমান মেয়র এরিখ আদামসকে প্রতিদ্বন্দ্বিতা থেকে সরিয়ে দিলেন, যাতে তাঁর ভোটগুলো অ্যান্ড্রু কুমো পান। এরিখকে বলা হলো তাঁকে সৌদি আরবে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত করা হবে।

সিনেটে ডেমোক্রেটিক পার্টির নেতা চাক সুমারসহ ডেমোক্র্যাট অনেক নেতা মামদানিকে সমর্থন করতে অস্বীকার করলেন। সুমার নিজেও একজন ইহুদি ও ইসরায়েলের কট্টর সমর্থক। কিন্তু বিরোধীদের এত চেষ্টা সত্ত্বেও মামদানির জনপ্রিয়তা একটুও কমেনি।

প্রেসিডেন্ট ট্রাম্প নির্বাচনের আগের দিন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে অ্যান্ড্রু কুমোর প্রতি সরাসরি সমর্থন জানিয়েছেন, যদিও তাঁর এ সমর্থন অনেক আগের থেকেই সবার জানা ছিল।

নির্বাচনের ঠিক এক সপ্তাহ আগে অ্যান্ড্রু কুমো মামদানির আচরণকে উপহাস করে একটি বিশ্রী বিজ্ঞাপন ছেড়েছিলেন, যেখানে তিনি নিজের হাতে ভাত খান এবং ফিলিস্তিনি অধিকার নিয়ে কথা বলেন এবং কেফিয়া ও ফিলিস্তিনি পতাকাসহ 'অপরাধীদের' সঙ্গে ছবি তুলেছেন। কিন্তু এ বিজ্ঞাপন নিউইয়র্কবাসীর অনেককেই বরং মামদানিকে তাঁদের নিজেদের লোক ভাবতে সহায়তা করেছেন।

নিউইয়র্ক সিটির জনগণ দৃঢ়ভাবে মামদানিকে সমর্থন দিয়েছেন। কারণ, তিনি নিউইয়র্কের সাধারণ সমস্যাগুলো আত্মস্থ করতে পেরেছিলেন এবং সেগুলো সমাধান করার প্রতিশ্রুতি দিয়েছেন। এরপর ২৩ পৃষ্ঠায়

# অসৎ যে-কেউ হতে পারে, সৎ হতে পারে কেবল মানুষ

### রাজু আহমেদ

> সততা মানে আত্মসম্মান-অসত্যের কাছে বিক্রি না হওয়ার গৌরব। মানুষকে কারও না কারও ছায়ায় থাকতে হয়, কিন্তু সেই ছায়া যেন পরগাছা না হয়। যারা সৎ নয়, তাদের ছায়া থেকেও দূরে থাকতে হবে। যাদের সঙ্গে দেখা হলেই সম্পদ ও সঞ্চয়ের গল্প শুরু হয়, তাদের থেকে দূরে থাকতে হয়। কারও সঙ্গে তুলনা করে ভালো থাকতে গেলে নিজের জীবনের সবটুকু ভালো হারিয়ে যায়। সততা আত্মসম্মানের আদিরূপ-যে একবার বিক্রি হয়, সে আর মাথা তুলে দাঁড়াতে পারে না



সততা টিকিয়ে রাখার জন্য সংগ্রাম করতে হবে। অভাব দাঁড়িয়ে থাকবে দুয়ারে, সমাজ অনেক কথা শোনাবে। সহকর্মী ও সহযাত্রীদের কাছ থেকে অসহযোগিতা মিলবে। প্রিয়জন এবং আত্মীয়স্বজন অযোগ্য, বোকা বলে উপহাস করবে। এই সময়ে সৎ থাকা মানে স্রোতের বিপরীতে চলা। দৃঢ় মনোবল না থাকলে কেউ এই লড়াইয়ে টিকে থাকতে পারবে না। তবে কেউ যদি টিকে যায়, তবে সে সমাজের শুধু ব্যতিক্রম নয় বরং ধ্রুবতারা হয়ে বাঁচে।

সততার সুবাস সমাজকে আলোকিত করে। অথচ সততার অভাবে ধুঁকছে সময়। চারদিকে স্বার্থপরতা, অসততা এবং চরিত্রহীনতার মহফিল চলছে। ভণ্ডামিতে কে কাকে পাল্লা দিতে পারে, সেটার প্রতিযোগিতাই সর্বত্র। সততার গল্প এখন প্রায় পাঠ্যপুস্তকের বিষয় হয়ে পড়েছে। পরিবার, সমাজ ও রাষ্ট্রে এর বাস্তবায়ন ক্রমশয়ে কমছে।

সততা শুধু অর্থের বা চরিত্রের মধ্যে সীমাবদ্ধ নয়। সততা চর্চা করতে হবে আমাদের কথা ও বক্তব্যেও। একজন মানুষ ঘুষ নেয় না, দুর্নীতিতে জড়ায় না, কিন্তু কাজে ফাঁকি দেয়-এই সততার উপকার সামান্যই। তবে যে সব অপরাধ করে এবং যে সব থেকে দুইটা-পাঁচটা বাদ দেয়-উভয়ের মধ্যে পার্থক্য স্পষ্ট।

মন্দের ভালো দিয়েও জীবন চলতে পারে, তবে আমাদের কামনা হওয়া উচিত সর্বোত্তম। সততা এমন এক স্বভাব, যা শুরুতেই অন্যের কাছ থেকে আদায় করা যায় না। বরং সৎকর্মের চর্চা, ন্যায়ের বার্তা ও দায়িত্ববোধ আগে নিজের মধ্যে জাগ্রত করতে হয়। সততায় টিকে থাকা যুদ্ধের মতো কঠিন, কিন্তু যে আত্মবিশ্বাস রাখে, সে এই যুদ্ধে পরাজিত হয় না।

সৎ থাকতে হলে প্রতিশ্রুতিবদ্ধ হতে হয় বঞ্চনা ও ব্যথা সহ্য করার জন্য। সমাজ তো আসলে বিষিয়ে আছে। কতিপয় মন্দস্বভাবের মানুষের কাছে জিম্মি সমাজব্যবস্থা। ঘুণধরা সিস্টেমের মধ্যে লড়াই করেই টিকে থাকতে হয়। এই সংগ্রামই সৎ মানুষকে মহৎ করে তোলে। চোখের সামনে অনেক সময় দেখা যায়-অযোগ্যরা প্রভাবশালী হয়ে উঠছে, অমানুষেরা নেতৃত্ব পাচ্ছে। নৈতিকতা টিকিয়ে রাখতে হলে এইসব অপমান সহ্য করার মনোবল রাখতে হয়। সামান্য প্রতিকূলতায় হাল ছেড়ে দিলে মর্যাদায় বাঁচা যায় না। আত্মসম্মান রক্ষাই সৎ থাকার আসল পুরস্কার।

মানুষ যদি দাসত্বের মানসিকতা থেকে মুক্ত না হয়, তবে কেউ কাউকে মুক্তি এনে দিতে পারে না। সততা মানে আত্মসম্মান-অসত্যের কাছে বিক্রি না হওয়ার গৌরব। মানুষকে কারও না কারও ছায়ায় থাকতে হয়, কিন্তু সেই ছায়া যেন পরগাছা না হয়।

যারা সৎ নয়, তাদের ছায়া থেকেও দূরে থাকতে হবে। যাদের সঙ্গে দেখা হলেই সম্পদ ও সঞ্চয়ের গল্প শুরু হয়, তাদের থেকে দূরে থাকতে হয়। কারও সঙ্গে তুলনা করে ভালো থাকতে গেলে নিজের জীবনের সবটুকু ভালো হারিয়ে যায়।

সততা আত্মসম্মানের আদিরূপ-যে একবার বিক্রি হয়, সে আর মাথা তুলে দাঁড়াতে পারে না।

চোখে চোখ রেখে কথা বলার সাহস এরপর ৩৮ পৃষ্ঠায়

> এই স্বাধীনতাই মানুষকে মানুষ করে তোলে। মানবজীবন সম্পদহীন হলেও সততায় ভরপুর হওয়া উচিত। একসময় সবাই উপলব্ধি করবে, সততাই প্রকৃত সম্পদ। ব্যক্তিত্বহীন হয়ে বাঁচা মৃত্যুর চেয়েও তুচ্ছ। অভাব, কুটনামি বা চাপ কোনো কিছুই আদর্শ থেকে বিচ্যুত করতে পারবে না। অনৈতিক অর্জন আত্মতৃপ্তি দেয় না, বরং অস্থিরতা বাড়ায়। তাই মানুষ হিসেবে সৎ হওয়া, সততার গল্প হওয়া এবং অন্যের জন্য প্রেরণা হওয়াই জীবনের আসল অর্জন। অসৎ যে-কেউ হতে পারে, সৎ হতে পারে কেবল মানুষ

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# উভয় সংকটে বিএনপি: সংস্কার গ্রহণ, না প্রত্যাখ্যান

চিত্তরঞ্জন সরকার

ঢাকার নয়াপল্টনে একদল নেতা-কর্মী দাঁড়িয়ে আছেন, হাতে নীল-সাদা ব্যানার-তাতে লেখা, 'দফা এক, দাবি এক-শেখ হাসিনার পদত্যাগ।' সময়টা ২০২৩ সালের শেষ ভাগ। মুখে স্লোগান, চোখে রাগ, কিন্তু ভেতরে যেন এক অজানা ক্লান্তি। এ দৃশ্য নতুন নয়। এর আগেও কয়েকটি নির্বাচন ঘিরেও বিএনপির এমন সব আন্দোলন দেখা গেছে-জোর আছে, কিন্তু জনসমর্থন নেই।

২০০৭ সালে ক্ষমতা হারানোর পর থেকে দলটি যেন বারবার একই বৃত্তে ঘুরে বেড়াচ্ছে। কখনো হরতাল-অবরোধে দেশ অচল করেছে, কখনো নির্বাচন বর্জনের সিদ্ধান্তে নিজেকে রাজনীতির বাইরে ঠেলে দিয়েছে। ২০১৪ সালের ভোটে অংশ নেয়নি, আবার ২০১৮ সালের নির্বাচনে বহু নাটকের পর অংশ নিয়েও বিভ্রান্তি কাটাতে পারেনি। কেউ প্রার্থী হয়েও শেষ মুহূর্তে সরে গেছেন, কেউ নির্বাচিত হয়েও শপথ নেবেন কি না, তা নিয়ে দোদুল্যমান থেকেছেন। যদিও শেষ পর্যন্ত কয়েকজনের সংসদে যাওয়া দলের অভ্যন্তরীণ দ্বন্দ্বকে আরও স্পষ্ট করে দিয়েছে।

সব মিলিয়ে বিএনপি এখনো যেন এক অনিশ্চিত পথে হাঁটছে-যে পথে দিকনির্দেশনা অস্পষ্ট, আর প্রত্যাশার সঙ্গে বাস্তবতার দূরত্ব ক্রমেই বাড়ছে। আওয়ামী লীগের দীর্ঘ শাসনকাল পেরিয়ে গেলেও দলটি এখনো খুঁজছে নিজের রাজনৈতিক পুনর্জন্মের সূত্র।

এর মধ্যেই জাতীয় ঐকমত্য কমিশনের সংস্কার বাস্তবায়নের প্রস্তাব ঘিরে আবারও রাজনৈতিক অস্থিরতার নতুন অধ্যায় শুরু হয়েছে। রাজনৈতিক বিশ্লেষকেরা একে বলছেন 'বিএনপির জন্য কৌশলগত ফাঁদ'। কারণ, সংস্কার মেনে নিলে তা রাজনৈতিক পরাজয়ের স্বীকারোক্তি হবে, আর না মেনে নিলে তাদের ঘাড়ে চেপে বসবে 'সংস্কারবিরোধী' তকমা।

বিএনপি তাই এখন সময় কেনার রাজনীতিতে ব্যস্ত। গত দুই দিনে দলের শীর্ষ নেতৃত্বের একাধিক বৈঠক হয়েছে-লন্ডনে তারেক রহমানের সঙ্গে স্থায়ী কমিটির দীর্ঘ আলোচনা, এরপর ঢাকায় সংবাদ সম্মেলন। আপাতত সংযমী ভঙ্গিতে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর শুধু বলেছেন, প্রত্যাখ্যানের কথা তো আমরা বলিনি।

এই একটি বাক্যই যেন অনেক কিছু বলে দেয়-বিএনপি জানে, সরাসরি 'না' বলার মানে হবে রাজনৈতিক অচলাবস্থায় ফিরে যাওয়া, আর সেই সুযোগটাই প্রতিপক্ষ হাতছাড়া করবে না।

তবে এই সংযমী অবস্থানের ভেতরে লুকিয়ে আছে গভীর রাজনৈতিক অস্বস্তি। ঐকমত্য কমিশনের সুপারিশে যে তিনটি বিষয়ে বিএনপির আপত্তি-গণভোটের সময়, ভিন্নমতের উল্লেখ না থাকা এবং সংবিধান সংস্কার পরিষদ গঠনের ধরন, এগুলো শুধু কারিগরি প্রশ্ন নয়; দলটির রাজনৈতিক ভবিষ্যৎ নির্ধারণেও বড় ভূমিকা রাখবে। কারণ, এই তিনটি দিকই ক্ষমতার কাঠামো ও গণতন্ত্র চর্চার প্রাতিষ্ঠানিক ভবিষ্যৎ নির্ধারণ করে দিতে পারে।

বিএনপি ভেবেছিল, বাস্তবায়নের আগে সুপারিশগুলো নিয়ে আবারও তাদের আলোচনার সুযোগ থাকবে; কিন্তু সেখানে ভিন্নমতের স্থান না রেখেই কমিশন সরাসরি বাস্তবায়ন প্রস্তাব দিয়েছে। এতে বিএনপির আপত্তি এখন 'বিরোধিতা' হিসেবে উপস্থাপিত হচ্ছে, যা সরকার ও কমিশন উভয়ের জন্যই সুবিধাজনক।



এই অবস্থায় বিএনপির সামনে তিনটি সম্ভাব্য পথ খোলা-প্রথমত, সংস্কার বাস্তবায়নের পুরো প্রক্রিয়া থেকে নিজেকে প্রত্যাহার করা; দ্বিতীয়ত, শর্ত সাপেক্ষে আংশিক সমর্থন জানানো; তৃতীয়ত, সরকার ও কমিশনের সঙ্গে আলোচনার মাধ্যমে কিছু পরিবর্তন আনার চেষ্টা করা। এখন পর্যন্ত দলটি তৃতীয় পথেই হাঁটছে।

সংবাদমাধ্যম সূত্রে জানা গেছে, বিএনপির একটি প্রতিনিধিদল শিগগির জাতীয় ঐকমত্য কমিশনের সভাপতি ও প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সঙ্গে দেখা করবে। তবে এই সংযমী অবস্থান কতটা ফলপ্রসূ হবে, তা নির্ভর করছে সরকারের প্রতিক্রিয়ার ওপর।

এরপর বিএনপি হয়তো কঠোর অবস্থানে যেতে বাধ্য হবে। কারণ, নির্বাচনের সময়সীমা (আগামী ফেব্রুয়ারি) এখন খুব কাছে। বিএনপির নেতারা চান, এই সময়সীমার মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হোক-এবং এটাই তাঁদের রাজনৈতিক অগ্রাধিকার। কিন্তু এই 'নির্বাচন চাওয়া'র মনোভাবই এখন তাদের সবচেয়ে বড় দুর্বলতা হিসেবে ব্যবহৃত হচ্ছে।

অন্যদিকে জামায়াতে ইসলামী ও এনসিপি যেভাবে সরকারপন্থী অবস্থান নিয়ে কমিশনের সুপারিশ সমর্থন করছে, তাতে বিএনপি ক্রমেই রাজনৈতিকভাবে একা হয়ে পড়ছে। বিশেষ করে এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর মন্তব্য-'ওনারা (বিএনপি) ভুল করেছেন, এখন সেই ভুল আমাদের ঘাড়ে চাপানো উচিত নয়'-এ যেন বিএনপির রাজনৈতিক বিচ্ছিন্নতাকেই প্রকাশ করে।

বিএনপির সংকটের আরেক দিক হচ্ছে তাদের অতীত অভিজ্ঞতা। জুলাই সনদে স্বাক্ষরের সময় তারা যে 'নোট অব ডিসেন্ট' দিয়েছিল, তা কমিশনের চূড়ান্ত নথিতে স্থান পায়নি। মির্জা ফখরুলের ভাষায়, 'আমরা ভেবেছিলাম, ভিন্নমতও নথিভুক্ত হবে, কিন্তু দেখা গেল, আমাদের মন্তব্য গায়েব।' এই অভিযোগের সত্যতা থাকুক বা না থাকুক, রাজনৈতিকভাবে এটি বিএনপির জন্য একধরনের 'মানসিক ক্ষোভ' তৈরি করেছে, যার প্রতিফলন এখনকার সংযত প্রতিক্রিয়ার ভেতরেও স্পষ্ট।

এরপর ২৩ পৃষ্ঠায়



> এতে দলটি অন্তত নৈতিক অবস্থান ধরে রাখতে পারবে; জনসমক্ষে বার্তাও যাবে-বিএনপি কোনো সংস্কারের বিপক্ষে নয়, বরং গণতান্ত্রিক স্বচ্ছতা ও জন-অংশগ্রহণের পক্ষে। রাজনীতি কখনো সরলরেখায় চলে না। এখানে অন্ধবিশ্বাসের জায়গা নেই, আবার চূড়ান্ত প্রত্যাখ্যানও সব সময় প্রজ্ঞার পরিচায়ক নয়। বিএনপি যদি এখন নিজের অতীত ভুলগুলো স্বীকার করে, আবেগের রাজনীতি থেকে বেরিয়ে বাস্তবতার মাটিতে দাঁড়িয়ে নতুন কৌশল নির্ধারণ করতে পারে, তবে পরিস্থিতি ঘুরিয়ে দেওয়ার এখনো সুযোগ আছে। কিন্তু সেই সাহস যদি না দেখায়, যদি পুরোনো বিভ্রান্তির ঘূর্ণিতে আটকে থাকে, তবে ইতিহাস হয়তো আবারও একই কথা বলবে, যে দল সময়ের সঙ্গে নিজেদের কৌশল বদলাতে পারে না, তার ভাগ্য শেষ পর্যন্ত নির্ধারিত হয় ইতিহাসের প্রান্তে; খেলোয়াড় নয়, দর্শকের আসনে

# আমাদের কপালে কী আছে

আলম রায়হান

> অথচ কিংবদন্তির সাংবাদিক ও লেখক আবদুল গাফফার চৌধুরীর বয়ানিতে খুবই উচ্চমার্গের চিত্র ফুটে উঠেছে। পিআইবির আয়োজনে এক অনুষ্ঠানে তিনি জানিয়েছিলেন, 'অন্নদা শঙ্কর রায় তখন বরিশালের ডিসি। ডিসিকে বলা হতো ডেপুটি ম্যাজিস্ট্রেট (ডিএম)। ডিএম লজে প্রত্যেক পূর্ণিমায় একটি আসর বসত। বড় বড় সাহিত্যিক আসতেন।' অতীত প্রসঙ্গ সুখস্মৃতি রোমন্থনের জন্য আপাতত থাক। চলমান ইলিশ প্রসঙ্গে আসা যাক। প্রশ্ন হচ্ছে, যে ডিসি-এসপিরা মা ইলিশ রক্ষার মতো সাধারণ বিষয়টির ব্যবস্থাপনা করতে পারেন না, তারা ফেব্রুয়ারির নির্বাচনী পরিস্থিতি কীভাবে সামলাবেন? দেশের মাটিতে এবং পরদেশে বাংলাদেশ নিয়ে কত খেলা চলছে! আমাদের কপালে কী আছে? শেষতক কে হাসবে, এই প্রশ্ন এখন সবার মনে

প্রচলিত একটি প্রবচন, 'মশা মারতে কামান দাগানো!' এর নানান রকমের দ্যোতনা রয়েছে। এক. অক্ষমের আস্ফালন। দুই. মানুষকে বোকা বানানোর কৌশল। যে কাজটি হাসিনা সরকার নানাভাবে করার চেষ্টা করেছে। আবার মশা নিয়েও হরেক কিসিমের মশকরাও করেছে বিগত সরকার। মশা মোকাবিলার নামে মাছ-পাখি, কোনো কিছুই বাকি রাখা হয়নি। এমনকি শাব্দিক অর্থেই কামানের মতো ফগার মেশিন ব্যবহার করেছে। বলা হয়, ওষুধে না মরলেও ফগার মেশিনের বিকট শব্দে মশককুল ক্ষণিকের জন্য হলেও বয়রা হয়ে যেত। মহাসমারোহে এ ফগার উদ্বোধনও করা হয়েছে এবং এর মডেল হয়েছেন মেয়র হিসেবে ব্যর্থতার মনুমেন্ট খোদ সাঈদ খোকন। বিশিষ্ট ব্যক্তিদের সন্তান যে কোন মাত্রায় আকাশ্মা হতে পারে, তার চিরকালের পোস্টার বয় হয়ে থাকবেন আলুমার্কা সাবেক এই মেয়র।



বলাবাহুল্য, বিগত সরকারের কোনো আয়োজনেই মশা মরেনি। তবে দুটি কাজ হয়েছে। এক. মশক নিধনের নামে বখেদমতে হুজুরে আলারা জনগণের কাঁড়ি কাঁড়ি টাকা মেরে দিয়েছেন। দুই. মশার কয়েল ব্যবসায়ীরা সমানে পাবলিকের পকেট কেটেছেন। এই ধারায় বহুজাতিক কোম্পানিগুলোও পিছিয়ে ছিল না। অবশ্য এরা কোনোকালেই পিছিয়ে থাকে না। তবে এজন্য ক্ষমতাসীনদের নজরানা তো দিতেই হয়েছে। এই তরিকা সে-যুগ বা এ-যুগ বলে কোনো কথা নেই, সর্বকালেরই। কিন্তু কোনোকালেই মশা মরেনি। ফলে এক ধরনের বদ্ধমূল ধারণা হয়েছিল, বাংলাদেশ থেকে শেখ হাসিনা ও মশা দূর হওয়ার নয়। কিন্তু জনতার প্রবল চাপে শেখ হাসিনা দূর হয়েছেন। তবে এটি আকাশ ভেঙে পড়ার মতো তেমন কিছু নয়। কারণ, যুগে যুগে এমনটাই হয়ে আসছে। আর উৎখাত ও হত্যার মাধ্যম শুধু সরকার নয়, শাসনব্যবস্থাই পাল্টে দেওয়া হয়েছে নানান দেশে। এ ক্ষেত্রে বিশেষ ঘটনা হিসেবে বিবেচনা করা হয় অক্টোবর বিপ্লবকে। ১৯১৮ সালে সপরিবারে হত্যা করা হয় রাশিয়ার শেষ সম্রাট জার দ্বিতীয় নিকোলাসকে। গুলি করে এবং বেয়নেট চার্জ করে সম্রাটের স্ত্রী ও সন্তানদের হত্যা করা হয়। এমনকি গৃহকর্মীদের রেহাই দেয়নি বলশেভিকরা। এ হত্যাকাণ্ড চালানো হয় ইয়েকাতারিনবার্গের অর্থোডক্স গির্জায়। যে গির্জাকে বলা হয় 'চার্চ অন দ্য ব্লাড'। হত্যার পর মৃতদেহগুলো শহরের বাইরে ফেলে দেওয়া হয়। একই রকম হত্যাকাণ্ড ঘটেছে ১৯৭৫ সালে বাংলাদেশে। তবে লাশগুলো পড়েছিল সিঁড়ি ও মেঝেতে। পরে যথাযথ নিয়মে দাফন করা হয়েছে।

উৎখাত ও হত্যাকাণ্ড প্রসঙ্গে দুটি কথা প্রচলিত আছে। এক. ক্ষমতা চিরকালের নয়। দুই. বেশি দিন ক্ষমতা আঁকড়ে থাকতে চাইলে নিদারুণভাবে বিদায় নিতে হয়। এ ক্ষেত্রে হত্যাকাণ্ড মামুলি বিষয়। এ হিসেবে শেখ হাসিনার কপাল ভালো বলেই মনে করেন অনেকে। বলা হয় সামগ্রিক পরিস্থিতি তার জীবন রক্ষার অনুকূলে ছিল। পিতার মতো শেখ হাসিনা লাশ হননি। বরং 'চাচা আপন প্রাণ বাঁচা' প্রবচন ধারণ করে জীবন নিয়ে উড়াল দিতে পেরেছেন, পেয়েছেন সেফ এক্সিট। বিশ্লেষকরা বলছেন, মূলত জটিল পরিস্থিতি যেন আরও জটিল না হয় এবং সম্ভাব্য সংঘাত এড়ানো যায়-তাই সমঝোতার মাধ্যমে সেফ এক্সিটের দিকে আগানো হয়। আর এর মাধ্যমে সাধারণত দুপক্ষই লাভজনক অবস্থানে থাকে। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদের মন্তব্য, 'চলে গেলে সেও নিরাপদ থাকল, আমরাও ঝামেলামুক্ত থাকলাম। ব্যাপারটা এরকম যে, একজন দুর্বৃত্ত, একজন গণশত্রু পালালেন, তাকে সাহায্য করা হলো পালাতে। যারা এ সাহায্য করলেন তারাও একই গোয়ালের গরু।'

একটু খেয়াল করলেই অনেকের মনলে আসবে, শেখ হাসিনার সেফ এক্সিটের পর দেশ থেকে অনেক উপদ্রবের মতো মশাও অনেকটা বিদায় নিয়েছে। এদিকে মশার ব্যাপারে আমার নিজের কিছুটা হলেও বক্তিম অভিজ্ঞতা আছে রাজধানী ঢাকা ও বিভাগীয় শহর বরিশালে। এ প্রসঙ্গে ধরা যাক, যেহেতু রাজধানীতে হেভিওয়েট হুজুররা থাকেন, সেহেতু মশা না মেরে দুই আনা-এক আনা, তথা পাতি হুজুরদের আর কোনো উপায় নেই। কিন্তু বরিশালে তো সেরকম বিশাল মাপের কোনো হুজুর থাকেন না। আগিলা জমানার দানবসম হুজুরে আলাদের অনেকে পলাতক, কারও সম্বল এখন থালা-বাটি-কম্বল। এ অবস্থায় বরিশালে একমাত্র বখেদমতে হুজুরে আলা হচ্ছেন বিভাগীয় কমিশনার মো. রায়হান কাওছার এবং তিনি বরিশালের সিটি করপোরেশনের প্রশাসকেরও দায়িত্বে আছেন। মানে বিভাগের প্রধান কোতোয়ালের পাশাপাশি তিনি নগর পিতাও। নগরপ্রধান হিসেবে সাধারণের দৃষ্টিতে তার প্রধান কাজগুলোর মধ্যে রয়েছে মশা মারা ও আবর্জনা পরিষ্কার করা। তবে শুধু এটি নয়, তিনি আরও অনেক কাজ করেছেন, যা বরিশালে অবস্থান করে সরকারি কর্মকর্তার পক্ষে করা প্রায় অসম্ভব। এ অসম্ভবকে সম্ভব করতে গিয়ে তাকে রাজনৈতিক চাপও মোকাবিলা করতে হয়েছে বলে গুঞ্জন রয়েছে। শোনা কথা,

এরপর ২৪ পৃষ্ঠায়



# কেমন প্রার্থী তালিকা হলো বিএনপির

সাঈদ বারী

> এতে যেমন নবায়নের প্রয়াস রয়েছে, তেমনি পুরোনো দ্বন্দ্বের ছায়াও রয়ে গেছে। তরুণ প্রার্থীদের মাধ্যমে দলটি নতুন প্রজন্মের কাছে পৌঁছানোর চেষ্টা করছে, আবার অভ্যন্তরীণ ভারসাম্য রক্ষার প্রয়োজনে অনেক পুরোনো মুখও টিকিয়ে রেখেছে। এ দ্বৈত বাস্তবতাই হয়তো বিএনপির ভবিষ্যৎ নির্ধারণ করবে, তারা কি সত্যিই পরিবর্তনের রাজনীতিতে বিশ্বাস করছে, নাকি কেবল নির্বাচনী আবহ তৈরি করছে।
> অন্যদিকে এ প্রার্থী তালিকা দলের জন্য একটি সুযোগও বটে। দীর্ঘদিনের ফ্যাসিবাদের জাঁতাকলে পিষ্ট হয়ে হতাশা ও বিচ্ছিন্নতার পর নিজেদের পুনর্গঠনের সুযোগ। এখন দেখা যাক, বিএনপি এ সুযোগকে কৌশল ও ঐক্যের মাধ্যমে কতটা কাজে লাগাতে পারে



বিএনপি অবশেষে আনুষ্ঠানিকভাবে তাদের নির্বাচনী যাত্রা শুরু করেছে। আন্দোলন, গ্রেপ্তার ও রাজনৈতিক অনিশ্চয়তায় দীর্ঘ এক অচলাবস্থার পর দলের প্রার্থী তালিকা প্রকাশ দেশের রাজনীতিতে নতুন আলোচনার জন্ম দিয়েছে। দীর্ঘদিন পর নির্বাচনে অংশ নেওয়ার ঘোষণা দলটিকে রাজনীতির কেন্দ্রবিন্দুতে ফিরিয়ে এনেছে। তবে এ ঘোষণার ভেতরেই লুকিয়ে আছে নানা কৌশল, চ্যালেঞ্জ ও সম্ভাবনার ইঙ্গিত।

ঘোষিত ২৩৭ আসনের তালিকায় অভিজ্ঞ নেতৃত্বের পাশাপাশি বেশ কিছু নতুন মুখের উপস্থিতি লক্ষণীয়। এর মধ্য দিয়ে বিএনপি চেষ্টা করেছে একটি ভারসাম্য রক্ষা করতে- একদিকে অভিজ্ঞ ও পরিচিত নেতাদের ধরে রাখা; অন্যদিকে তরুণ ও উদ্যমী কর্মীদের সামনে নিয়ে আসা। এ ভারসাম্য রক্ষার প্রচেষ্টা দলের ভেতর 'পুনর্গঠনের রাজনীতি'র ইঙ্গিত দেয়, যা বিএনপির ভবিষ্যৎ টিকে থাকার জন্য জরুরি।

প্রার্থী তালিকায় তরুণ প্রার্থীদের অংশগ্রহণ এবার চোখে পড়ার মতো। ছাত্রদল ও যুবদলের মধ্য থেকে উঠে আসা বেশ কয়েকজন নেতা এবার মনোনয়ন পেয়েছেন। অনেকে রাজপথে আন্দোলনে সক্রিয় ছিলেন, কেউ কেউ আবার সোশ্যাল মিডিয়া বা সংগঠক হিসেবে দৃশ্যমান ভূমিকা রেখেছেন। বিএনপি যদি এ নতুন প্রজন্মের উদ্দীপনাকে কাজে লাগাতে পারে, তবে তা ভোটারদের মধ্যে দলটির ভাবমূর্তি পুনর্গঠনে সহায়ক হতে পারে। বিশেষ করে শহরাঞ্চলের তরুণ ভোটারদের কাছে বিএনপির দীর্ঘ অনুপস্থিতি কাটিয়ে একটি নতুন যোগাযোগ স্থাপন সম্ভব হতে পারে।

তবে নারী প্রার্থীর উপস্থিতি এখনো সীমিত। নারী নেতৃত্বে বিএনপি ঐতিহাসিকভাবে শক্তিশালী হলেও বাস্তব প্রার্থিতার ক্ষেত্রে সেই প্রতিফলন এবারও পুরোপুরি দেখা যায়নি। মনোনয়ন পাওয়া নারীদের অধিকাংশই শিক্ষিত ও রাজনৈতিকভাবে সচেতন, কিন্তু তাদের সংখ্যা তুলনামূলকভাবে কম। বাংলাদেশে নারী ভোটারদের অংশগ্রহণ ক্রমবর্ধমান হলেও বিএনপি এ সামাজিক বাস্তবতাকে যথাযথভাবে প্রতিফলিত করতে পারেনি-এ অভিযোগ আগেও উঠেছে, এবারও তা রয়ে গেল।

দলের হেভিওয়েট প্রার্থীদের মধ্যে কিছু নাম বাদ পড়ায় অভ্যন্তরীণ সমালোচনা বেড়েছে। দীর্ঘদিন সাংগঠনিক দায়িত্বে থাকা, কিংবা আন্দোলনে দৃশ্যমান এমন কিছু নেতা তালিকায় না থাকায় অসন্তুষ্টির সুর স্পষ্ট। বিএনপি নেতৃত্ব এটিকে 'প্রয়োজনীয় পুনর্গঠন' হিসেবে দেখাতে চাইলেও বাদ পড়া নেতাদের ক্ষোভ যদি সামাল না দেওয়া যায়, তবে নির্বাচনের মাঠে তা দলের জন্য বিপর্যয় ডেকে আনতে পারে। এ অবস্থায় 'বিদ্রোহী প্রার্থী' হওয়ার আশঙ্কাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না।



প্রথমবারের মতো বিএনপির টিকিট পাওয়া প্রার্থীর সংখ্যা এ নির্বাচনে তুলনামূলক বেশি। তাদের মধ্যে রয়েছেন জেলা পর্যায়ের সংগঠক, প্রাক্তন ছাত্রনেতা, পেশাজীবী ও স্থানীয় জনপ্রতিনিধিরা। অনেকেই রাজনীতিতে নতুন হলেও নিজ নিজ অঞ্চলে পরিচিত মুখ। নতুনদের অংশগ্রহণ ভবিষ্যতের দল গঠন প্রক্রিয়ায় ইতিবাচক ভূমিকা রাখতে পারে। তবে অভিজ্ঞতা ও রাজনৈতিক বাস্তবতা সামাল দিতে না পারলে নবীন প্রার্থীরা শক্ত প্রতিদ্বন্দ্বিতায় পিছিয়ে পড়ার ঝুঁকিতেও থাকবেন।

সবচেয়ে আলোচিত সিদ্ধান্ত নিঃসন্দেহে খালেদা জিয়ার নির্বাচনে অংশ নেওয়ার ঘোষণা। দীর্ঘ রাজনৈতিক নিষ্ক্রিয়তা ও শারীরিক সীমাবদ্ধতার মধ্যেও ঘোষণাটি বিএনপির জন্য কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ। একদিকে এটি দলের মধ্যে ঐক্যের প্রতীক, অন্যদিকে এটি নির্বাচনী প্রচারণায় আবেগী গতি সঞ্চার করবে। তৃণমূল কর্মীরা আবারও 'খালেদা জিয়ার নেতৃত্বে নির্বাচন'-এ প্রতীকে সংগঠিত হওয়ার সুযোগ পাবেন। রাজনৈতিক বাস্তবতায় এটি প্রতিদ্বন্দ্বীদের কাছেও একটি প্রতীকী বার্তা- বিএনপি এখন আর কেবল আন্দোলনের দল নয়, নির্বাচনে ক্ষমতার প্রতিযোগিতায় ফেরার প্রস্তুতি নিয়েছে।

তবে প্রশ্ন থেকেই যায়, এ আবেগ কতটা বাস্তব প্রভাব ফেলবে? খালেদা জিয়ার স্বাস্থ্য ও নিরাপত্তাজনিত অবস্থার কারণে তার সরাসরি নির্বাচনী অংশগ্রহণের নিশ্চয়তা নেই। সে ক্ষেত্রে এ সিদ্ধান্ত প্রতীকী থাকলে দলের অভ্যন্তরীণ প্রত্যাশা ও বাস্তবতার মধ্যে নতুন ফাঁক তৈরি হতে পারে। তবু রাজনৈতিক কৌশল হিসেবে এটি দলের সংগঠনকে অন্তত সাময়িকভাবে একত্রিত করেছে।

বিএনপির বড় চ্যালেঞ্জ এখন অভ্যন্তরীণ ঐক্য রক্ষা করা। যারা মনোনয়ন পাননি, তাদের মধ্যে অনেকেই দীর্ঘদিন দলের আন্দোলনে সক্রিয় ছিলেন। তাদের অসন্তোষ যদি বিদ্রোহী প্রার্থী হিসেবে মাঠে প্রকাশ পায়, তবে সেটি দলের প্রার্থীদের জন্য কঠিন প্রতিদ্বন্দ্বিতা তৈরি করবে। নির্বাচনের আগমুহূর্তে এমন ভেতরকার বিভাজন বিএনপির মূল লক্ষ্যকে ব্যাহত করতে পারে। তাই কেন্দ্রীয় নেতৃত্বের সামনে এখন সবচেয়ে বড় কাজ-অভ্যন্তরীণ সংলাপ ও সমঝোতার মাধ্যমে এ অসন্তোষ প্রশমিত করা।

আবার আন্দোলনে সহযাত্রী কয়েকটি দলকে কিছু আসন ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত বিএনপির রাজনৈতিক কৌশলের অংশ হিসেবে ইতিবাচকভাবে দেখা যেতে পারে। এতে ছোট দলগুলোর মধ্যে আস্থা তৈরি হবে, যা ভবিষ্যতে বিরোধী রাজনীতির ঐক্য গঠনে সহায়ক হতে পারে। তবে এ আসন ছাড়ার প্রক্রিয়ায় যদি সমন্বয় ও বাস্তব মূল্যায়ন না থাকে, তবে জোটের ভেতরেও অসন্তোষ দেখা দিতে পারে। বাংলাদেশের নির্বাচনী বাস্তবতায়

এরপর ১৫ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

**অহেতুক ঝামেলা এড়াতে**
**অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে**
**ট্যাক্স ফাইলিং করুন।**

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# চলমান সংকটের দায় আসলে কাদের

দীর্ঘ রাজনৈতিক সংগ্রামে সমাধানযোগ্য এবং এ মুহূর্তে ঝুঁকিপূর্ণ ক্ষেত্রগুলোই কি তাহলে আকর্ষণ করেছিল? যা হোক এটা ঘিরে এক প্রকার 'ষড়যন্ত্রতত্ত্ব' অবশ্য এখনও উড়ে বেড়াচ্ছে বাজারে। আলোচনার মাধ্যমে রাজনৈতিক দলগুলো 'পিন পয়েন্ট' করা কিছু ইস্যুর নিষ্পত্তি করতে পারলে তো ভালোই। সরকারের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টারা এতে অনানুষ্ঠানিকভাবে ভূমিকা রাখলেও ক্ষতি নেই। গণভোট হলে সেটি একাধিক কারণে জাতীয় নির্বাচনের সঙ্গেই হতে যাচ্ছে বোধ হয়। সে ক্ষেত্রেও বেশি 'না' ভোট পড়ার ঝুঁকি যেন তৈরি না হয়, সেটি ভাবতে হবে সংস্কারে অতিউৎসাহীদের। তেমনটি ঘটলেও সংস্কারের মাধ্যমে গণতন্ত্র মজবুত করার পথ থেকে বিচ্যুত হওয়া যাবে না। জুলাই গণঅভ্যুত্থান এ ক্ষেত্রে অসাধারণ সুযোগ তৈরি করেছিল, তাতে কোনো সন্দেহ নেই

হাসান মামুন



রাষ্ট্র সংস্কার তো বটেই; খাতওয়ারি ছোটখাটো সংস্কার নিয়েও রাজনৈতিক মতপার্থক্য থাকতে পারে। স্রেফ 'রাজনৈতিক অবস্থান' দুর্বল হয়ে যাওয়ার শঙ্কায়ও অনেক ক্ষেত্রে দেখা যায়, কোনো দল এমনকি 'যুক্তিপূর্ণ' ইস্যুতেও একমত হচ্ছে না। শঙ্কা প্রকাশ না করে দলটি হয়তো তখন আচরণ দিয়ে বুঝিয়ে দেয় তার অবস্থান। সে ক্ষেত্রে কী করা! অন্যরা একত্র হয়ে জোরাজুরি করে তো তাকে রাজি করাতে পারবে না। আর আপত্তি জানানো দলটি যদি হয় মাঠে থাকা সর্ববৃহৎ রাজনৈতিক দল; তখন কাজটা প্রায় অসম্ভব।

জুলাই জাতীয় সনদ ঘিরে শেষ পর্যন্ত এমন পরিস্থিতিই সৃষ্টি হয়েছে। এটি নিয়ে গণভোটে সব পক্ষ রাজি হওয়ার পর প্রধান দুই দল সনদে স্বাক্ষর করায় যে স্বস্তি মিলেছিল, তার অনেকটাই মিলিয়ে গেছে এর বাস্তবায়ন পদ্ধতি ঘিরে। কার্যপরিধির বাইরে গিয়ে জাতীয় ঐকমত্য কমিশন সনদ বাস্তবায়ন পদ্ধতি অনুসন্ধানে নেমে যাওয়াতে সংকট তৈরি হলো কিনা, সে প্রশ্নও তোলা যায়। জুলাই সনদ চূড়ান্ত করে তারা কার্যক্রম শেষ করতে পারতেন। এ প্রক্রিয়া সম্পন্ন করতে তারা গণঅভ্যুত্থান-পরবর্তী সময়ের অনেকখানি ব্যয় করে ফেলেছেন। অতিরিক্ত সময়ও দেওয়া হয়েছিল সংস্কার প্রশ্নে দলগুলোর মতপার্থক্য কমাতে। দেখা গেল, সংবিধান সম্পর্কিত অনেক সংস্কারে দলগুলো কাছাকাছি এলেও তাতে সন্তুষ্ট হয়নি ঐকমত্য কমিশন। এমনও বলাবলি হচ্ছে, রাজনীতির একটি পক্ষের পছন্দসই সংস্কারে আরেক পক্ষকে বাধ্য করার কাজে ব্যবহৃত হয়েছে কমিশন। তারা অবশেষে 'নোট অব ডিসেন্ট' বা ভিন্নমত বাদ দিয়ে গণভোট আয়োজনের লক্ষ্যে সরকারকে আদেশ জারির সুপারিশ করায় এ অভিযোগ বেশি করে উঠেছে।

বিপুলসংখ্যক রাজনৈতিক দলের অংশগ্রহণে দীর্ঘ সংস্কার আলোচনার পর এমন পরিস্থিতি সৃষ্টি হওয়া মোটেও কাঙ্ক্ষিত ছিল না। আলোচনার শুরুতে প্রধান উপদেষ্টা কিন্তু বলেছিলেন, রাজনৈতিক ঐকমত্যের বাইরে তারা নিজে থেকে কিছুই করবেন না। ঘোষিত এ অবস্থান বজায় থাকলে গণঅভ্যুত্থান-পরবর্তী টালমাটাল পরিস্থিতিতে অল্প সময়েই প্রধান সংস্কারের বিষয়গুলো চিহ্নিত করে বলে দেওয়া যেত- কোথায় ঐকমত্য আছে আর কোথায় নেই। ঐকমত্যের জায়গাগুলো ধরে বাস্তবায়নের গ্রহণযোগ্য পথেও এগিয়ে যাওয়া যেত। এর বদলে ঐকমত্য কমিশন গঠন করে দীর্ঘ প্রচেষ্টা চালানো হয়েছে কিছু গুরুতর মতপার্থক্যের প্রশ্নে দলগুলোকে এক জায়গায় আনতে। তাতে সাফল্য একেবারে নেই, তা নয়। তবে এতে সন্তুষ্টি কম। আছে ব্যর্থতা ঘিরে এক প্রকার অসন্তোষ। সংবিধান সংস্কারের সব প্রশ্নে গণঅভ্যুত্থানের পক্ষগুলোকে যেন এ মুহূর্তেই একমত হয়ে নির্বাচনে যেতে হবে। নইলে কিছুই যেন অর্জিত হলো না। এমন মানসিক অবস্থান থেকে সম্ভবত ভিন্নমত বাদ দিয়ে গণভোট আয়োজনের সুপারিশ করেছে ঐকমত্য কমিশন। এর ভেতর দিয়ে রাজনীতির বড় পক্ষটির বিরুদ্ধে অবস্থান নিয়ে কার্যক্রম শেষ করলেন তারা।



সংস্কারের উদ্যোগ এই প্রথম নেওয়া হলো, তা তো নয়। প্রথম তত্ত্বাবধায়ক সরকারের আমলেও সংস্কারের সুপারিশ তৈরির আন্তরিক উদ্যোগ নেওয়া হয়। এক-এগারোর পরও রাষ্ট্র সংস্কারে কম উদ্যোগ-আয়োজন পরিলক্ষিত হয়নি। এর ফল সবার জানা। অতঃপর সংস্কারের বিপরীতেই চলেছে দেশ। এর পরিণতিও জানা। এ অবস্থায় ছোটখাটো সংস্কার তো বটেই; রাষ্ট্র সংস্কারও প্রত্যাশিত। মাঠে থাকা কোনো রাজনৈতিক দল কিন্তু এর বিরোধিতা করেনি। সংস্কারের প্রয়োজনে দ্রুত নির্বাচনের দাবি থেকেও দ্রুত সরে এসেছে একটি দল; সুষ্ঠু নির্বাচন হলে যারা ক্ষমতায় যাবে বলে সবার ধারণা। কৌশল ও বাহুবলে দীর্ঘ সময় তাদের ক্ষমতার বাইরে রাখে বিগত সরকার, এটাও অনস্বীকার্য। গণঅভ্যুত্থানের পর তারাও কি সংস্কার আলোচনায় সময় ও শ্রম দিতে দ্বিধা করেছেন? যাদের এখনই ক্ষমতায় যাওয়ার সম্ভাবনা কম বা নেই বললেই চলে, তারা 'বেশি সংস্কার' চেয়েছেন, তাতেও দোষের কিছু নেই। সমস্যাটা ওখানে যে, সরকার দৃশ্যত তাদের পক্ষ নিয়েছে শুরু থেকে। এর পরিণতিতে ভিন্নমত বাদ দিয়ে বিষয়বস্তু স্থির করে গণভোট আয়োজনের সুপারিশ উৎপাদিত হয়েছে, বললে ভুল হবে না।

অন্তর্বর্তী সরকারের আমলে গণভোট আয়োজনের প্রশ্নেও তো ঐকমত্য তৈরি হয়েছিল। এর আগে নির্বাচিত সংসদে সিদ্ধান্ত নিয়ে গণভোট আয়োজনের কথা বলছিল একটি পক্ষ। জুলাই সনদের এক প্রকার 'আইনি ভিত্তি' তৈরির দাবিতেও তারা সম্মত হয়। কিন্তু এর নাম করে তাদের ভিন্নমত উড়িয়ে দিয়ে অন্য পক্ষের পছন্দমতো প্রস্তাব বাস্তবায়নের বাধ্যবাধকতা তৈরির চেষ্টা কি গ্রহণযোগ্য হবে? উপদেষ্টা পরিষদের বৈঠকে 'উদ্বেগ' জানানো হয়েছে সংস্কার সম্পর্কিত কিছু প্রশ্নে রাজনৈতিক মতপার্থক্য রয়ে গেছে বলে। দলগুলোকে অতঃপর বলা হলো নিজেরা আলোচনা করে পারলে সাত দিনের মধ্যে 'ঐক্যবদ্ধ দিকনির্দেশনা' দিতে। সরকার নাকি এতে কোনো ভূমিকা রাখবে না। রাজনৈতিক দলগুলো ব্যর্থ হলে পরে সরকার এ বিষয়ে সিদ্ধান্ত নেবে। সরকারের এমন অবস্থানে শুভবুদ্ধিসম্পন্ন মানুষও উদ্বিগ্ন হতে পারে। তারা তো জানে, কোন প্রশ্নে কোন দলের কী অবস্থান। দীর্ঘ দর-কষাকষিতেও এসব মতপার্থক্য যায়নি। সরকারেরও এটি ভালো করে জানা। তারপরও সর্বশেষ চেষ্টা হিসেবে হয়তো আরও কিছুটা বাড়তি সময় তারা দিল। নিজেরাও

এরপর ২৩ পৃষ্ঠায়

# ফেসবুকের ডলার ফাঁদে বন্দি মানুষ

কাজী বনফুল

ফেসবুক প্ল্যাটফর্ম আমাদের অঞ্চলের মানুষের মনস্তত্ত্বের ওপর যে নেতিবাচক প্রভাব বিস্তার করেছে, সেটা আর বলার অপেক্ষা রাখে না। যার ফলে সামাজিকভাবে এর কুপ্রভাব সর্বত্র বিরাজমান। ফেসবুক আমাদের দেশের মানুষের মনস্তাত্ত্বিক চিন্তাধারার ওপর যে পরিমাণ নেতিবাচক প্রভাব বিস্তার করে ক্ষতিসাধন করেছে, সে ক্ষতি অপূরণীয় ও অবর্ণনীয়। মানুষের সুচিন্তা করার ক্ষমতাকে একদম শূন্যস্তরে নামিয়ে এনেছে ফেসবুক। সামাজিক যোগাযোগের মাধ্যম ফেসবুক এখন হয়ে উঠেছে অসামাজিকতার মূল কেন্দ্র। এখন বাকি যে ক্ষতিটুকু করতে মরিয়া হয়ে উঠেছে, সেটা হচ্ছে মনিটাইজিশন নামক লোভের ফাঁদ তৈরি করে মানুষকে অকর্মণ্য ও আনপ্রোডাক্টিভ করার চেষ্টা। ফেসবুক হয়তো ক্রিয়েটিভ মানুষ সৃষ্টির জন্য এ লোভের ফাঁদ তৈরি করেছে, যাতে সৃষ্টিশীল মানুষরা তাদের ভেতরকার প্রতিভাকে সবার সম্মুখে তুলে ধরতে পারে এবং সেই প্রতিভার প্রদর্শনের মধ্য দিয়ে ভিডিওর ওপর ফেসবুক ডলার প্রদানের ব্যবস্থাও করেছে। কিন্তু বিষয় হচ্ছে, যারা সত্যিকারের সৃষ্টিশীল মানুষ তারা কখনোই অর্থের আশায় সৃষ্টি করে না, করতে চায় না। তাদের শুধু সমাজের অগ্রগতি ও নিজের আত্ম-আনন্দের জন্যই সৃষ্টি করে। সম্প্রতি শাহ আবদুল করিমকে নিয়ে একটি প্রতিবেদনে দেখলাম, তাকে এক অনুষ্ঠানে ৩ লাখ টাকার চেক প্রদান করা হলে তিনি তার বিপরীতে ছেলেকে বলছেন, এত টাকা দিয়ে আমি কী করব? আমাদের বাঁচার জন্য তো এত টাকা লাগে না। শাহ আবদুল করিমরা বাংলার সত্যিকারের সৃষ্টিশীল মানুষ।

প্রতিভাবান ক্ষণজন্মা মহাপুরুষ। তিনি তার প্রয়োজনের সীমাবদ্ধতা সম্পর্কে অবগত। তাই তিনি সে চেক নিতে অসম্মতি জানিয়েছেন। যারা সত্যিকারের সৃষ্টি করে, তারা কখনোই লোভের ফাঁদে পা বাড়ায় না; লোভ তাদের কখনোই বাঁধতে পারে না। ফেসবুক ডলার ইনকামের লোভের ফাঁদ পেতে যুবক থেকে বৃদ্ধ সবাইকে সেই ফাঁদে টাকি মাছের মতো আটক করে নাচিয়ে বেড়াচ্ছে। ফেসবুক চাইছে, সবাইকে এর পাতায় নিবিষ্ট করে রাখতে। অঞ্চলভিত্তিক মানুষের মনস্তত্ত্বের ওপর ফেসবুক কর্তৃপক্ষের ব্যাপক বিচরণ রয়েছে। তারা জানে আমাদের অঞ্চলের মানুষকে কীভাবে বন্দি করা যায় ফেসবুকের খপ্পর-খাঁচায়। সে প্রভাবেই এখন সর্বত্রই কনটেন্ট ক্রিয়েটর। সবাই এখন ভিডিও নির্মাতা। যে যা পারছে তাই নিয়ে ঝাঁপিয়ে পড়ছে ফেসবুকের পাতায়। লক্ষ্য একটাই, ফেসবুক মনিটাইজিশন ও ডলার ইনকাম



প্রতিভাবান ক্ষণজন্মা মহাপুরুষ। তিনি তার প্রয়োজনের সীমাবদ্ধতা সম্পর্কে অবগত। তাই তিনি সে চেক নিতে অসম্মতি জানিয়েছেন। যারা সত্যিকারের সৃষ্টি করে, তারা কখনোই লোভের ফাঁদে পা বাড়ায় না; লোভ তাদের কখনোই বাঁধতে পারে না।

ফেসবুক ডলার ইনকামের লোভের ফাঁদ পেতে যুবক থেকে বৃদ্ধ সবাইকে সেই ফাঁদে টাকি মাছের মতো আটক করে নাচিয়ে বেড়াচ্ছে। ফেসবুক চাইছে, সবাইকে এর পাতায় নিবিষ্ট করে রাখতে। অঞ্চলভিত্তিক মানুষের মনস্তত্ত্বের ওপর ফেসবুক কর্তৃপক্ষের ব্যাপক বিচরণ রয়েছে। তারা জানে আমাদের অঞ্চলের মানুষকে কীভাবে বন্দি করা যায় ফেসবুকের খপ্পর-খাঁচায়। সে প্রভাবেই এখন সর্বত্রই কনটেন্ট ক্রিয়েটর। সবাই এখন ভিডিও নির্মাতা। যে যা পারছে তাই নিয়ে ঝাঁপিয়ে পড়ছে ফেসবুকের পাতায়। লক্ষ্য একটাই, ফেসবুক মনিটাইজিশন ও ডলার ইনকাম। ফেসবুক মনিটাইজিশনের পেছনে ছুটতে ছুটতে মানুষ তার ভেতরকার সত্যিকারের প্রতিভা হারিয়ে ফেলছে। ফেসবুক স্ক্রিন মানুষের সবকিছুকে গ্রাস করছে, এমনকি তার ভেতরে থাকা সু ও সৎচিন্তা করার ক্ষমতাকেও। ফলে

এরপর ১৫ পৃষ্ঠায়




সেদিন একজনকে দেখলাম লাইভে এসে বারবার বলছে, প্লিজ আপনারা আমার ভিডিওটি ট্যাপ করে শেয়ার দিন প্লিজ। সে কী কান্নাজড়িত আকুতি অনুনয়। ফেসবুক হয়তো চায় প্রতিভাবানদের মূল্যায়ন করতে, কদর করতে, তাদের সবার সামনে তুলে ধরতে কিন্তু উল্টো প্রতিভাবানরা অপ্রতিভাবানদের ভিডিওর নিচে পিষ্ট হয়ে হারিয়ে যাচ্ছে। তাই ফেসবুক কর্তৃপক্ষের অবশ্যই এসব বিষয়ে যথেষ্ট গুরুত্বের সঙ্গে নজর দিতে হবে। সেইসঙ্গে আমাদের দেশের ফেসবুক ব্যবহারকারীদেরও যা ইচ্ছে তাই ছেড়ে দিয়ে এই মাধ্যমকে আবর্জনাপূর্ণ করা থেকে বিরত থাকতে হবে। কারণ, ফেসবুক কখনোই নিজস্ব প্রতিভা ছাড়া বা বিশেষ আইডিয়া মেকার ছাড়া কাউকেই সহযোগিতা করবে না এবং ডলার ইনকামের বিশেষ সুযোগও নেই

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman Bangladesh Airlines | American Airlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS




বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট



জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট



মাহির
ট্রাভেল কনসালটেন্ট



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট



নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# অভ্যুত্থান, পালটা অভ্যুত্থান এবং একটি বিপ্লব

একেএম ওয়াহিদুজ্জামান

১৯৭৫ সালের ৭ নভেম্বর সিপাহি-জনতার বিপ্লবের মাধ্যমে বাংলাদেশের ইতিহাসে একটি অবিস্মরণীয় ঘটনা ঘটেছিল। কিন্তু বিগত ১৭ বছরে সেই ইতিহাসকে এমনভাবে বিকৃত করা হয়েছে যে, সত্যিকার ইতিহাসকেই মানুষ এখন ভুলে যেতে বসেছে। ঐতিহাসিক সত্য হলো, ১৯৭৫ সালের ১৫ আগস্ট-পরবর্তীকালে দেশের রাজনৈতিক ও সামরিক অঙ্গনে যে অস্থির অবস্থা বিরাজ করছিল, ৩ নভেম্বরের অভ্যুত্থানের ফলে সেটি আরও জটিল রূপলাভ করে। ফলে ৭ নভেম্বরের সিপাহি-জনতার বিপ্লব একরকম অবধারিত হয়ে ওঠে।

১৯৭৫ সালের ১৫ আগস্ট শেখ মুজিবুর রহমান তারই শীর্ষ রাজনৈতিক সহযোগীদের সক্রিয় পরিকল্পনার অংশ হিসাবে সেনাবাহিনীর মধ্যমসারির কতিপয় অফিসার কর্তৃক সংঘটিত এক অভ্যুত্থানে নিহত হন। পরবর্তীকালে রাষ্ট্রপতি হন শেখ মুজিবেরই দীর্ঘদিনের ঘনিষ্ঠ রাজনৈতিক সহযোগী, আওয়ামী লীগের অন্যতম শীর্ষ নেতা খন্দকার মোশতাক আহমদ। খন্দকার মোশতাক এবং অভ্যুত্থান সংঘটনকারী সামরিক কর্মকর্তারা বঙ্গভবনে সার্বক্ষণিক অবস্থান করে রাষ্ট্রপরিচালনা করতে থাকেন।

সেনাবাহিনীতে চেইন অব কমান্ড বা নির্দেশ সূত্র ফিরিয়ে আনার কথা বলে ১৯৭৫ সালের ২ নভেম্বর রাতে ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ পালটা অভ্যুত্থান ঘটান এবং নিজেই আবার চেইন অব কমান্ড লঙ্ঘন করে নিজেকে সেনাপ্রধান ঘোষণা করে তৎকালীন সেনাপ্রধান মেজর জেনারেল জিয়াউর রহমানকে গৃহবন্দি করেন। সমঝোতার অংশ হিসাবে তিনি ১৫ আগস্টের অভ্যুত্থানকারী সেনা কর্মকর্তাদের নিরাপদে দেশত্যাগ করার সুযোগও করে দেন। ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ খন্দকার মোশতাককে রাষ্ট্রপতি পদে না রাখার সিদ্ধান্ত নেন এবং ৬ নভেম্বর প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েমকে রাষ্ট্রপতি ও প্রধান সামরিক আইন প্রশাসক করে নিজে উপপ্রধান সামরিক আইন প্রশাসকের দায়িত্ব গ্রহণ করেন।

মহান স্বাধীনতার ঘোষক, জেড ফোর্সের অধিনায়ক এবং রণাঙ্গনের বীর মুক্তিযোদ্ধা হিসাবে জেনারেল জিয়া সেনাবাহিনীতে খুবই জনপ্রিয় ছিলেন। ফলে ৩ নভেম্বর তাকে পদচ্যুত করার ঘোষণা দিয়ে গৃহবন্দি করা হলে তার প্রতি বিরাজমান সহানুভূতি তীব্র ক্ষোভে রূপান্তরিত হয়। এমন মোক্ষম সময়েই জেনারেল জিয়ার প্রতি সেনা সদস্যদের মধ্যে বিরাজমান ভালোবাসা থেকে উদ্ভূত তীব্র ক্ষোভকে কাজে লাগিয়ে এবং তার জনপ্রিয়তাকে পুঁজি করে লে. কর্নেল (অব.) তাহের আরেকটি পালটা সামরিক অভ্যুত্থানের মাধ্যমে রাষ্ট্রক্ষমতা দখলের পরিকল্পনা তৈরি করেন। পরিকল্পনার অংশ হিসাবে জাসদের বিপ্লবী সৈনিক সংস্থার সদস্যরা সামরিক বাহিনীর মধ্যে লিফলেট ছড়িয়ে সাধারণ সিপাহিদের উত্তেজিত করে তোলে। এ ধরনের প্রচারণার মধ্যে সবচেয়ে অপরিণামদর্শী যে ক্ষতিকর দিকটি ছিল, তা হলো, সামরিক বাহিনীকে কর্মকর্তাশূন্য করার মতো দিকভ্রষ্ট প্রচারণা। সেসময়ে জাসদের চালানো প্রচারণার উল্লেখযোগ্য স্লোগানগুলো ছিল-'সিপাই সিপাই ভাই ভাই, অফিসারদের রক্ত চাই', 'সিপাই সিপাই ভাই ভাই, সুবেদারের ওপরে অফিসার নাই'।



জেনারেল জিয়ার প্রতি অনুগত দ্বিতীয় ফিল্ড আর্টিলারির সেনা কর্মকর্তা ও জওয়ানরা লে. কর্নেল (অব.) তাহেরের রক্তক্ষয়ী অভ্যুত্থানের পরিকল্পনা আগে থেকে আঁচ করতে পেরে পৃথকভাবে একটি আগাম পরিকল্পনা প্রণয়ন করে ফেলেন অতি গোপনে। সেই অনুযায়ী, ৬ নভেম্বর রাতে অর্থাৎ ৭ নভেম্বর রাত ১২টা ১ মিনিটে অর্থাৎ জাসদের অভ্যুত্থান শুরু হওয়ার ১ ঘণ্টা আগেই দ্বিতীয় ফিল্ড আর্টিলারির জওয়ানরা মেজর মহিউদ্দিন এবং সুবেদার মেজর আনিসুল হকের নেতৃত্বে মেজর জেনারেল জিয়াউর রহমানের বাসায় গিয়ে তাকে মুক্ত করেন এবং নিরাপত্তার প্রয়োজনে তাকে দ্বিতীয় ফিল্ড আর্টিলারির হেডকোয়ার্টারে নিয়ে আসেন।

বিপ্লবী সৈনিক সংস্থার নেতারা যখন জেনারেল জিয়াকে মুক্ত করে কর্নেল তাহেরের কাছে নিয়ে যাওয়ার জন্য সেনানিবাসে আসে, তখন তারা খুবই হতাশ হন। লে. কর্নেল (অব.) তাহের নিজেও হতাশ হয়ে পড়েন। তারপরও শেষ কৌশল হিসাবে তিনি জেনারেল জিয়াকে দ্বিতীয় ফিল্ড আর্টিলারির হেডকোয়ার্টার থেকে বের করে আনার জন্য নিজেই সেখানে গিয়ে উপস্থিত হন। কিন্তু পরিস্থিতি ততক্ষণে পালটে গেছে। সাধারণ সিপাহিদের সঙ্গে জনতাও স্বতঃস্ফূর্তভাবে যোগ দিয়েছে এক অভূতপূর্ব বিপ্লবে। বিনা রক্তপাতে স্বতঃস্ফূর্ত বিপ্লবের মাধ্যমে পালাবদলের পরও, এমনকি বঙ্গভবন থেকে ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ ও কর্নেল শাফায়াত জামিল পালিয়ে গেছেন, এটি জানার পরও হাসানুল হক ইনু এবং লে. কর্নেল (অব.) তাহেরের নির্দেশে জাসদের বিপ্লবী সৈনিক সংস্থার সদস্যরা মরিয়া হয়ে ওঠে এবং সেনানিবাসের ভেতরে কয়েকজন সেনা কর্মকর্তাকে নির্মমভাবে হত্যা করে।

দ্বিতীয় ফিল্ড আর্টিলারিতে কর্নেল তাহের সকাল পর্যন্ত অপেক্ষা করে জেনারেল জিয়াকে বের করে আনার জন্য চেষ্টা করতে থাকেন এবং শেষ পর্যন্ত সেনাবাহিনী ও জাতির উদ্দেশে ভাষণ দেওয়ার জন্য রেডিও এরপর ২৪ পৃষ্ঠায়





## জাতীয় বিপ্লব ও সংহতি দিবস

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু অওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষণই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানির বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৫ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাহক্রাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কোনোই বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## মামদানির জয় যুক্তরাষ্ট্রের রাজনীতি যেভাবে বদলে দিতে পারে

৫ পৃষ্ঠার পর

এর মধ্যে রয়েছে বাড়ি ভাড়া স্থিতিশীল করা, বিনা মূল্যে বাস পরিবহনসেবা ও শিশুযত্ন পরিষেবা সম্প্রসারণ তাঁর প্রস্তাবগুলো বিপুল জনপ্রিয়তা পেয়েছে।

সাধারণ জনগণের এসব সমস্যা নিয়ে আগে কখনো কেউ ভাবেনি। মামদানি তাঁর পরিকল্পনাগুলো সাধারণ জনগণের কাছে পৌঁছাতে সামাজিক যোগাযোগমাধ্যমকে দারুণভাবে কাজে লাগিয়েছেন।

ইসরায়েলের প্রতি তাঁর অকপট সমালোচনা এবং ফিলিস্তিনি অধিকারের আদায়ের একজন অবিচল সমর্থক-জোহরান মামদানি বিশ্বের বৃহত্তম ইহুদি জনসংখ্যার একটি শহরে ইহুদি ভোটারদের কাছ থেকে সমর্থন অর্জনের জন্য একজন অসম্ভব প্রার্থী বলে মনে হতে পারে। কিন্তু নিউইয়র্কবাসী ইহুদিদের একটি উল্লেখযোগ্য অংশ, বিশেষ করে তরুণ, প্রগতিশীল ও সংস্কারবাদী ইহুদিরাও তাঁর তারুণ্য, সামাজিক ন্যায়বিচার ও অন্যায়ের বিরুদ্ধাচরণে আকৃষ্ট হয়ে মেয়র নির্বাচনে তাঁকে সমর্থন দিয়েছেন।

জোহরান মামদানি এখন যুক্তরাষ্ট্রের বৃহত্তম শহর নিউইয়র্ক সিটির মেয়র। মামদানি তাঁর বিজয় বক্তৃতায় বলেছেন, 'আমার একমাত্র আফসোস, আজকের এ নতুন দিনটা আনতে এত সময় লেগেছে।'

নির্বাচিত হতে মামদানিকে যে কঠিন পথ পার হতে হয়েছে, সেটি এখন ইতিহাস হয়ে যাবে। সামনে মেয়র হিসেবে সফলকাম হতে তাঁকে আরও কঠিন বাস্তবতার মোকাবিলা করতে হবে। তাঁর প্রথম কাজ হবে, তিনি যে কোয়ালিশন তৈরি করেছেন, সেটিকে অক্ষুণ্ন রাখা। তাঁকে তাঁর কট্টর ফিলিস্তিনি সমর্থন ও শহরের ইহুদিদের আস্থা অর্জন-দুটোর মধ্যে ভারসাম্য বজায় রাখতে হবে।

নিউইয়র্কবাসীকে দেওয়া তাঁর নির্বাচনী প্রতিশ্রুতিগুলো পরিপূর্ণ করা খুব সহজ হবে না। এগুলোর অর্থায়নের জন্য নিউইয়র্কের ব্যবসায়ী ও করপোরেট নেতাদের তাঁর কাছে টানতে হবে।

তাঁর সবচেয়ে বিপদ আসবে 'মাগা' কমান্ডার থেকে। ট্রাম্প ওয়াশিংটন ও শিকাগোর মতো বড় শহরে শান্তি রাখার নাম করে এরই মধ্যে ফেডারেল রিজার্ভ সেনাবাহিনী পাঠিয়েছেন। তাঁর আসল উদ্দেশ্য শহরের প্রশাসনকে কবজায় রাখা। মামদানি শপথ গ্রহণের পরপরই যে সিটিতে ফেডারেল সেনা পাঠাবার চেষ্টা হবে, তা অনেকটা নিশ্চিত।

এখন সবাই জানেন, যুক্তরাষ্ট্রের রাজনৈতিক অঙ্গনে মামদানির প্রভাব দিন দিন বাড়তেই থাকবে এবং অন্য শহরগুলোতেও অনেক মামদানি বের হয়ে আসছেন যুক্তরাষ্ট্রের প্রচলিত রাজনীতিকে চ্যালেঞ্জ করতে। ডেমোক্র্যাটরা আশা করে আছেন, মামদানি তাঁর প্রগতিশীল নেতৃত্ব দিয়ে ডেমোক্র্যাট নেতৃত্বের নতুন মুখ হয়ে উঠতে পারেন।

এরই মধ্যে ফ্লোরিডার দুজন রিপাবলিকান কংগ্রেসম্যান দাবি করেছেন, বিচার বিভাগ যেন পুরোনো ফাইলপত্র ঘেঁটে দেখে মামদানি কীভাবে যুক্তরাষ্ট্রের নাগরিক হয়েছিলেন? তাঁদের ধারণা কোথাও কিছু গরমিল পেলে ট্রাম্প মামদানির নাগরিকত্ব বাতিল করে দিতে পারবেন।

তবে এটিও ঠিক, এই নির্বাচনে যাঁরা মামদানিকে কাছ থেকে দেখেছেন তাঁরা বলবেন, জোহরান মামদানিকে ভয় দেখিয়ে বা 'ঠেলা-ঠেলা' দিয়ে কখনো কুপোকাত করা যাবে না। প্রতিকূলতা মোকাবিলা করেই তিনি মেয়র হয়েছেন এবং মেয়র হিসেবে সফলতার জন্য তিনি সব প্রতিকূলতা চতুরভাবে মোকাবিলা করবেন।

আর একটি বিষয় লক্ষ করার, যাঁরা ট্রাম্পকে কঠোরভাবে মোকাবিলা করেছেন, ট্রাম্প পরবর্তী সময়ে তাঁদের সম্মান দেখিয়ে মেনে নিয়েছেন। যেমন চীন, হার্ভার্ড বিশ্ববিদ্যালয় ও পুতিন। মামদানির ক্ষেত্রেও তা-ই হতে পারে, দুজনেই সম্মানজনক সহ-অবস্থান বেছে নেবেন।

এখন সবাই জানেন, যুক্তরাষ্ট্রের রাজনৈতিক অঙ্গনে মামদানির প্রভাব দিন দিন বাড়তেই থাকবে এবং অন্য শহরগুলোতেও অনেক মামদানি বের হয়ে আসছেন যুক্তরাষ্ট্রের প্রচলিত রাজনীতিকে চ্যালেঞ্জ করতে। ডেমোক্র্যাটরা আশা করে আছেন, মামদানি তাঁর প্রগতিশীল নেতৃত্ব দিয়ে ডেমোক্র্যাট নেতৃত্বের নতুন মুখ হয়ে উঠতে পারেন।

যাঁরা আশাবাদী তাঁরা বলবেন, মামদানির জয় যুক্তরাষ্ট্রের রাজনীতিতে নতুন আলো ছড়াবে। আবার ট্রাম্পের মতো 'না-বাদীর' সংখ্যাও কম নয়। তাঁরা বলবেন, সর্বনাশ হয়ে গেছে, মামদানির বামপন্থী রাজনীতি নিউইয়র্ককে অন্ধকারে ডোবাবেন। আপনি কোন দলে?

মিনিয়াপোলিসে কি ওমার ফাতেহ মেয়র হতে পারবেন

যুক্তরাষ্ট্রের প্রগতিশীল রাজনীতির কেন্দ্রবিন্দু যদি কোনো স্টেটকে বলতে হয়, সেটি হবে মিনেসোটা। ষাট ও সত্তর দশকে মিনেসোটার সিনেটর হুবার্ট হামফ্রে ও একসময়ের ভাইস প্রেসিডেন্ট ওয়াল্টার মন্ডেল ছিলেন যুক্তরাষ্ট্রের রাজনীতিতে প্রগতি ও মানবতাবাদী রাজনীতির পতাকাবাহী। পরবর্তী সময়ে সোমালিয়ান বংশোদ্ভূত কংগ্রেস ওম্যান ইলহান ওমর ২০১৯ সাল থেকেই মিনেসোটা থেকে যুক্তরাষ্ট্র কংগ্রেসের নির্বাচিত হয়ে আসছেন এবং প্রগতিবাদী ককাসে নাম লেখিয়েছেন। মিনেসোটার বড় শহর মিনিয়াপোলিস সিটির মেয়র নির্বাচনও হয়ে ৪ নভেম্বর।

মিনিয়াপোলিস সিটির মেয়র নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির (যা মিনেসোটাতে ডেমোক্রেটিক ফার্মার ও লেবার পার্টি নামেও পরিচিত) প্রাইমারিতে প্রতিদ্বন্দ্বী ছিলেন দুই মূল প্রার্থী-বর্তমান মেয়র জ্যাকব ফ্রে, যিনি একজন ইহুদি এবং কট্টর ইসরায়েলি সমর্থক। স্টেট সিনেটর ৩৫ বছর বয়সী ওমর ফাতেহ, যাঁকে বলা হয় মিনিয়াপোলিসের মামদানি। ফাতেহ একজন গণতান্ত্রিক সমাজতান্ত্রিক ও সোমালি বংশোদ্ভূত মুসলমান। এ যেন নিউইয়র্কের সিটির ডুপ্লিকেট। কারণ, ওমর ফাতেহও বর্তমান মেয়রকে হারিয়ে ডেমোক্রেটিক পার্টির মনোনয়ন লাভ করেন।

স্টেট ডেমোক্রেটিক পার্টি ফাতেহকে নিজেদের একমাত্র প্রার্থী হিসেবে অনুমোদন করেছিল। কিন্তু এ অনুমোদন ছিল অল্প কয়েক দিনের জন্য। পরবর্তী সময়ে মেয়র ফ্রের আপত্তিতে স্টেট ডেমোক্রেটিক পার্টি এ অনুমোদন বাতিল করে দেয় এই অজুহাতে যে নির্বাচনের সম্মেলনকক্ষে মাইক্রোফোন, ইলেকট্রনিক ভোটিং সিস্টেমে ও অন্যান্য ইলেকট্রনিক যন্ত্রপাতি ভালোভাবে কাজ করছিল না, তাই ভোটাররা সুশৃঙ্খলভাবে ভোট দিতে পারেননি। আসলে এটি ছিল ফাতেহর বিরুদ্ধে একটি চক্রান্ত। ৪ নভেম্বর সাধারণ নির্বাচনে আবার ফাতেহর ও ফ্রের মধ্যেই প্রতিদ্বন্দ্বিতা হয়। ডেমোক্রেটিক পার্টি ফাতেহর অনুমোদন বাতিল করার পর ফাতেহর নির্বাচনী প্রচারণা দারুণভাবে হোঁচট খায়।

মিনিপোলিস মেয়র নির্বাচনে হয়েছে 'র‍্যাঙ্কড' ভোট। প্রত্যেক ভোটার তাঁদের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পছন্দ বাছাই করে তিনটা ভোট দেন। প্রথম পছন্দ গণনায় ফ্রে ও ফাতেহ প্রথম ও দ্বিতীয় হয়েছেন, কিন্তু দুজনের কেউই ৫০ শতাংশ ভোট পাননি। তাই প্রতিযোগিতা এখনো শেষ হয়নি। ভোটারদের দ্বিতীয় ও তৃতীয় পছন্দের প্রার্থীদের বিবেচনায় ব্যালট গণনা অব্যাহত রয়েছে। দু-এক দিনের মধ্যেই জানা যাবে, কে হবেন নতুন মেয়র।

যুক্তরাষ্ট্রে যে মুসলমান রাজনীতিকেরা ক্রমাগত এগিয়ে যাচ্ছেন, এর আরেকটি প্রমাণ ভার্জিনিয়া স্টেটসের লেফটেন্যান্ট গভর্নর পদে নির্বাচনে জয়ী হয়েছেন গাজালা ফেরদৌস হাশমি। তিনি চার বছর বয়সে ভারত থেকে বাবা-মায়ের সঙ্গে যুক্তরাষ্ট্রে আসেন। এখন যুক্তরাষ্ট্রের একটি প্রভাবশালী স্টেটের দ্বিতীয় ব্যক্তি।

সালেহ উদ্দিন আহমেদ: শিক্ষক ও রাজনৈতিক বিশ্লেষক।

## চলমান সংকটের দায় আসলে কাদের

১০ পৃষ্ঠার পর

সময় নিল। তবে মনে রাখা প্রয়োজন, ডিসেম্বরের শুরুতেই তফশিল ঘোষণার কথা বলা আছে নির্বাচনের রোডম্যাপে। সংস্কার ঘিরে আরও কালক্ষেপণে সবচাইতে গুরুত্বপূর্ণ এ কাজটি যেন পিছিয়ে না যায়।

ক্ষমতাচ্যুতদের অপরাধী অংশের বিচার ও সংস্কারে দৃশ্যমান বা প্রত্যাশিত অগ্রগতি আনার শর্ত দিয়ে নির্বাচন আর পেছানোর সুযোগ কিন্তু নেই। বিচারে কতটা কী অগ্রগতি শেষ পর্যন্ত হবে, সেটি এরই মধ্যে স্পষ্ট। এদিকে 'অধিকতর সংস্কার' নিশ্চিত করার চেষ্টায় 'কম সংস্কার'ও সংকটে পড়েছে। অন্তর্বর্তী সরকারের আমলে যেসব 'আশু বাস্তবায়নযোগ্য' সংস্কার সেরে ফেলা যেত, সে কাজেও উল্লেখযোগ্য অগ্রগতি হয়নি। মৌলিক সংস্কারে প্রত্যাশামতো অগ্রগতি আনার চেষ্টায় ব্যস্ত সরকার ছোটখাটো সংস্কারে সময় দিতে পারেনি বোধ হয়! পুলিশেও সংস্কার আনতে পারেনি এক বছরেরও অধিক সময়ে। ব্যাংক খাতের বাইরে অর্থনৈতিক সংস্কারে কোনো বলিষ্ঠ উদ্যোগ পরিলক্ষিত হয়নি। এ ক্ষেত্রটিতে রাজনৈতিক মতপার্থক্যের ঝুঁকিও ছিল না বলা চলে। ঝুঁকিমুক্ত অথচ ব্যাপক মানুষের জন্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলো কি তাহলে আকর্ষণ করেনি সরকারকে? দীর্ঘ রাজনৈতিক সংগ্রামে সমাধানযোগ্য এবং এ মুহূর্তে ঝুঁকিপূর্ণ ক্ষেত্রগুলোই কি তাহলে আকর্ষণ করেছিল? যা হোক এটা ঘিরে এক প্রকার 'ষড়যন্ত্রতত্ত্ব' অবশ্য এখনও উড়ে বেড়াচ্ছে বাজারে।

আলোচনার মাধ্যমে রাজনৈতিক দলগুলো 'পিন পয়েন্ট' করা কিছু ইস্যুর নিষ্পত্তি করতে পারলে সে ভালোই। সরকারের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টারা এতে অনানুষ্ঠানিকভাবে ভূমিকা রাখলেও ক্ষতি নেই। গণভোট হলে সেটি একাধিক কারণে জাতীয় নির্বাচনের সঙ্গেই হতে যাচ্ছে বোধ হয়। সে ক্ষেত্রেও বেশি 'না' ভোট পড়ার ঝুঁকি যেন তৈরি না হয়, সেটি ভাবতে হবে সংস্কারে অভিউৎসাহীদের। তেমনটি ঘটলেও সংস্কারের মাধ্যমে গণতন্ত্র মজবুত করার পথ থেকে বিচ্যুত হওয়া যাবে না। জুলাই গণঅভ্যুত্থান এ ক্ষেত্রে অসাধারণ সুযোগ তৈরি করেছিল, তাতে কোনো সন্দেহ নেই।

হাসান মামুন : সাংবাদিক, কলাম লেখক।

## উভয় সংকটে বিএনপি: সংস্কার গ্রহণ, না প্রত্যাখ্যান

৬ পৃষ্ঠার পর

বিএনপি নিশ্চয় জানে, এখনই কঠোর প্রতিক্রিয়া দেখালে সরকার তাদের 'সংস্কারবিরোধী' বলে প্রচার করবে; আবার মেনে নিলে রাজনৈতিক আত্মসমর্পণের ইঙ্গিত দেবে। তাই দলটি আপাতত ভারসাম্য রক্ষা করছে-একদিকে নরম ভাষায় সমালোচনা, অন্যদিকে আলোচনা চালিয়ে যাওয়ার চেষ্টা।

কিন্তু এই 'কৌশলগত ভারসাম্য' দীর্ঘস্থায়ী হতে পারে না। রাজনীতিতে অনিশ্চয়তা যত লম্বা হয়, বিভ্রান্তিও তত বেড়ে যায়। বিএনপির ভেতরেই ইতিমধ্যে দুটি মত গড়ে উঠেছে-একদল চায়

আংশিক সংস্কার মেনে নিয়ে নির্বাচনের পথে যাওয়া; আরেক দল মনে করছে, সরকারকে চাপে ফেলা উচিত। এই অভ্যন্তরীণ মতভেদই হয়তো আগামী সপ্তাহগুলোতে আরও তীব্র হয়ে উঠবে।

রাজনীতির ইতিহাসে এমন উভয়সংকট নতুন নয়। অতীতে আওয়ামী লীগও অনুরূপ পরিস্থিতির মুখোমুখি হয়েছিল-যখন আন্দোলন ও নির্বাচনের মধ্যে ভারসাম্য খুঁজে পেতে গিয়ে বারবার সমালোচিত হয়েছে। বিএনপি এখন সেই একই জায়গায় দাঁড়িয়ে। পার্থক্য শুধু একটাই-তখন রাজপথে আন্দোলনের জায়গা ছিল, এখন তা নেই।

বিএনপির সামনে এখনো সুযোগ আছে, কৌশলগতভাবে নিজের অবস্থান নতুন করে মজবুত করার। চাইলে তারা দাবি তুলতে পারে, একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোট আয়োজনের। এতে দলটি অন্তত নৈতিক অবস্থান ধরে রাখতে পারবে; জনগণকে বার্তাও যাবে-বিএনপি কোনো সংস্কারের বিপক্ষে নয়, বরং গণতান্ত্রিক স্বচ্ছতা ও জন-অংশগ্রহণের পক্ষে।

রাজনীতি কখনো সরলরেখায় চলে না। এখানে অন্ধবিশ্বাসের জায়গা নেই, আবার চূড়ান্ত প্রত্যাখ্যানও সব সময় প্রজ্ঞার পরিচায়ক নয়। বিএনপি যদি এখন নিজের অতীত ভুলগুলো স্বীকার করে, আবেগের রাজনীতি থেকে বেরিয়ে বাস্তবতার মাটিতে দাঁড়িয়ে নতুন কৌশল নির্ধারণ করতে পারে, তবে পরিস্থিতি ঘুরিয়ে দেওয়ার এখনো সুযোগ আছে। কিন্তু সেই সাহস যদি না দেখায়, যদি পুরোনো বিভ্রান্তির ঘূর্ণিতে আটকে থাকে, তবে ইতিহাস হয়তো আবারও একই কথা বলবে, যে দল সময়ের সঙ্গে নিজেদের কৌশল বদলাতে পারে না, তার ভাগ্য শেষ পর্যন্ত নির্ধারিত হয় ইতিহাসের প্রান্তে; খেলোয়াড় নয়, দর্শকের আসনে।

লেখক: গবেষক ও কলামিস্ট।




## ইউপিএস কার্গো বিমান দুর্ঘটনায় নিহত ৭

৩ পৃষ্ঠার পর

হওয়ার সময় এতে ৩৮,০০০ গ্যালন (প্রায় ১,৪৪,০০০ লিটার) জ্বালানি ছিল, যা বিস্ফোরণের পর অভাবহ আগুনে পরিণত হয় এবং কাছাকাছি বেশ কয়েকটি ব্যবসাপ্রতিষ্ঠানকে গ্রাস করে। ইউপিএসের ফ্লাইট ২৯৭৬ হাওয়াইয়ের উদ্দেশ্যে রওনা হয়েছিল। উড্ডয়নের সময়ই বিমানটি রানওয়ে থেকে ছিটকে পড়ে একটি ফুয়েল রিসাইক্লিং কোম্পানির ভবনে আঘাত করে। ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন জানিয়েছে, বিমানটিতে তিনজন ক্রু সদস্য ছিলেন। তাদের কারও খোঁজ পাওয়া যায়নি।

## আমাদের কপালে কী আছে

৬ পৃষ্ঠার পর

বিএনপির কেউ তার ওপর প্রভাব বিস্তার করতে গেলে তিনি নাকি বলেন, 'আমাকে কাঁপর দিয়ে লাভ নাই, তারেক রহমানের সঙ্গে আমার ফোনে কথা হয়।' তবে জামায়াতের আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে কথা হওয়ার আওয়াজ দেন কি না, তা অবশ্য জানা যায়নি।

সম্প্রতিককালে নানান প্রসঙ্গ নিয়ে আমার মধ্যে দৈনিক কালবেলার মাথা ঘুরিয়ে দেওয়ার মতো একটি খবর চোখে পড়ল ১৩ অক্টোবর। আইএসপিআরের এক সংবাদ বিজ্ঞপ্তির সূত্রে খবরটি হচ্ছে, ইন এইড টু সিভিল পাওয়ারের আওতায় 'মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৫'-এর অংশ হিসেবে বিমান নজরদারি মিশন পরিচালিত করছে, যা গত ৪ অক্টোবর থেকে শুরু করে ২৫ অক্টোবর পর্যন্ত চলে। এ টহল অভিযানে বাংলাদেশ বিমানবাহিনীর হেলিকপ্টারগুলোতে উচ্চক্ষমতাসম্পন্ন সার্চলাইট (নাইট সান) সংযুক্ত করা হয়েছিল, যা অন্ধকারেও কাজ করা এবং সন্ধ্যার পর মাছ ধরার নৌযানগুলোকে সুনিশ্চিতভাবে পর্যবেক্ষণ করতে সহায়তা করে। আইএসপিআর সংবাদ বিজ্ঞপ্তিতে আরও জানিয়েছে, এ মিশনে বিমানবাহিনীর ক্রুরা নাইট ভিশন গগলস ব্যবহার করেছেন, যা সম্পূর্ণ অন্ধকারে কার্যকর নজরদারি নিশ্চিত করে এবং নিষিদ্ধ মাছ ধরার কার্যক্রম শনাক্ত করতে সহায়তা করে। মিশনগুলো আকাশ হতে ভূমিতে যোগাযোগব্যবস্থার মাধ্যমে পরিচালিত হয়েছে, যা মাঠ পর্যায়ের আইনপ্রয়োগকারী সংস্থা ও মৎস্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে নিরবচ্ছিন্ন সমন্বয় নিশ্চিত করে। উল্লিখিত অঞ্চল ছাড়াও বাংলাদেশ বিমানবাহিনীর একাধিক ঘাঁটি থেকে কুতুবদিয়া, বরিশাল এবং ভোলা অঞ্চলেও এ বিমান নজরদারি মিশন পরিচালনা করে। আইএসপিআর জানিয়েছে, বাংলাদেশ বিমানবাহিনী আকাশের অভিভাবক হিসেবে এবং দেশের পরিবেশ ও সম্পদ রক্ষায় দৃঢ়ভাবে অঙ্গীকারবদ্ধ আছে ও থাকবে। ১২ অক্টোবর দুটি হেলিকপ্টার দিয়ে টহল কার্যক্রম শুরু হয়। সন্ধ্যা ৬টায় মুন্সীগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলার মুন্সীগঞ্জ সদর, লৌহজং, শিবচর, কালকিনি, জাজিরা, নড়িয়া, ভেদরগঞ্জ উপজেলাগুলোর নদীতে হেলিকপ্টারে নজরদারি করা হয়। একই সময়ে অন্য আরেকটি হেলিকপ্টারে খুলনা, বাগেরহাট এবং সাতক্ষীরা জেলার শরণখোলা থেকে শ্যামনগর এবং সুন্দরবন ও দক্ষিণ-পশ্চিম উপকূলে টহল দেয় বিমানবাহিনীর হেলিকপ্টার।

মা ইলিশ রক্ষায় এ খবরে মনজগতে নানান ধরনের প্রতিক্রিয়া হতে পারে। এক. মা ইলিশ রক্ষাতেই যদি বিমানবাহিনীর হেলিকপ্টার ব্যবহার করতে হয়, তাহলে মৎস্য মন্ত্রণালয়, মৎস্য অধিদপ্তর এবং জেলা থেকে উপজেলা পর্যন্ত মৎস্য অফিস ও এত বড় লটবহর আছে কোন কাজে? দুই. ধরা যাক মন্ত্রণালয় থেকে উপজেলা পর্যন্ত সরকারি মৎস্য বিভাগের লোকেরা মিনি মাছের মতো নিরীহ। তবে অনেকের দৃষ্টিতে তাদের প্রত্যাশা কিন্তু বোয়াল মাছের! তারা টাকা গেলার জন্য সবসময় হাঁ করে থাকেন এবং এ কাজ করার জন্য নানান ফন্দিফিকির বের করতে বেশ পটু। এমনকি শামুক রক্ষার নামেও প্রকল্প গ্রহণে তাদের রয়েছে ক্ষুরধার মেধা। ভাবচক্কর দেখে বিভ্রম হতে পারে, তারা শামুকের মতোই নিরীহ ও ধীরগতির। ফলে মা ইলিশ রক্ষা তাদের কম্ম নয়। তিন. মৎস্য বিভাগের লোকজনদের এ অবস্থাকে বাস্তব হিসেবে ধরে নিলেও মহাপরাক্রমশালী জেলা প্রশাসকরা তো আছেন! তাদের ক্ষমতার আওতা কিন্তু বিশাল। ডিসিরা তো ব্রিটিশ সৃষ্ট প্রশাসনিক সিপাহসালার। এর ওপর তাদের ক্ষমতা ও দাপট বেড়েছে পাকিস্তান থেকে বাংলাদেশ, প্রতিটি সরকারের আমলেই। এমনকি আঠারোর রাতের ভোটের পর সিভিল ও পুলিশ প্রশাসন তো একপ্রকার শাসক হয়ে উঠেছিল। আর ডিসিরা হয়ে উঠেছিলেন অনেকটা ব্রিটিশ আমলের জমিদারদের মতো। প্রসঙ্গত, ব্রিটিশ আমলে জমিদারদের জন্য 'সাত খুন মাফ' বলে একটি কথা প্রচলিত ছিল। আর হাসিনা আমলের ডিসিদের জন্য প্রায় সবকিছুই মাফ ছিল-এমন পরিবেশ সৃষ্টি হয়। ফলে ডিসিরা এতটাই বেপরোয়া ছিল যে, অনেক ডিসি প্রকাশ্যে সংসদ সদস্যদের সঙ্গে বিরোধে জড়িয়ে গিয়েছিলেন। এমনকি ইউএনওরাও কোনো কোনো সময় এমপিদের দিকে এমনভাবে তাকাতেন, 'তুমি কে হে বাপু!' এক্ষেত্রে তেমন অসুবিধা হওয়ার কথা ছিল না। বিপদ হচ্ছে, ডিসিদের মান নিম্নমুখী হওয়ায়। অনেক ডিসির মান তো একেবারে তলানিতে। আবার কোনো কোনো ডিসির তো নানান কেলেঙ্কারির কাহিনি প্রকাশ পাচ্ছে বিভিন্ন সময়। অবশ্য অনেক ডিসির লীলাকাণ্ড বাক্সেবন্দিই থেকে যায়। তবে ডিসিরা চলে যাওয়ার পর প্রায় সবারই অনৈতিক কাজের খবর বেশ চাউর হয়। আর চলমান আমলে তো অনেক ডিসি আসার আগেই টাকাকাণ্ড নিয়ে লঙ্কাকাণ্ডের খবর গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। অথচ কিংবদন্তির সাংবাদিক ও লেখক আবদুল গাফফার চৌধুরীর বয়ানিতে খুবই উচ্চমার্গের চিত্র ফুটে উঠেছে। পিআইবির আয়োজনে এক অনুষ্ঠানে তিনি জানিয়েছিলেন, 'অন্নদা শঙ্কর রায় তখন বরিশালের ডিসি। ডিসিকে বলা হতো ডেপুটি ম্যাজিস্ট্রেট (ডিএম)। ডিএম লজে প্রত্যেক পূর্ণিমায় একটি আসর বসত। বড় বড় সাহিত্যিক আসতেন।' অতীত প্রসঙ্গ সুখস্মৃতি রোমন্থনের জন্য আপাতত থাক। চলমান ইলিশ প্রসঙ্গে আসা যাক। প্রশ্ন হচ্ছে, যে ডিসি-এসপিরা মা ইলিশ রক্ষার মতো সাধারণ বিষয়টির ব্যবস্থাপনা করতে পারেন না, তারা ফেব্রুয়ারির নির্বাচনী পরিস্থিতি কীভাবে সামলাবেন? দেশের মাটিতে এবং পরদেশে বাংলাদেশ নিয়ে কত খেলা চলছে! আমাদের কপালে কী আছে? শেষতক কে হাসবে, এই প্রশ্ন এখন সবার মনে।

লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক।

## ভার্জিনিয়ার মুসলিম লেফটেন্যান্ট গভর্নর গাজালা হাশমি

৩ পৃষ্ঠার পর

করেছেন। তার সাম্প্রতিক এই জয়ের অর্থ, এখন তার সিনেট আসনটি পূরণের জন্য বিশেষ নির্বাচন করতে হবে। হাশমি রাজনীতিতে প্রবেশ করেন ২০১৯ সালে এবং বিস্ময়করভাবে এক রিপাবলিকান-নিয়ন্ত্রিত রাজ্য সিনেটের আসন উল্টে দিয়ে ভার্জিনিয়ার জেনারেল অ্যাসেম্বলিতে নির্বাচিত হন। পাঁচ বছর পর, ২০২৪ সালে, তিনি সিনেটের শিক্ষা ও স্বাস্থ্য কমিটির চেয়ার হিসেবে নিযুক্ত হন- যা ডেমোক্রেট পার্টির দুইটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার- প্রজনন স্বাধীনতা ও জনশিক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ নেতৃত্বের পদ।

গাজালা হাশমি ১৯৬৪ সালে ভারতের হায়দরাবাদে জিয়া হাশমি ও তানবীর হাশমির ঘরে জন্মগ্রহণ করেন শৈশব কেটেছে মালাকপেটে তার নানাবাড়িতে। তিনি মাত্র চার বছর বয়সে মা ও বড় ভাইয়ের সঙ্গে ভারত থেকে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান। সেখানে তারা তার বাবার সঙ্গে জর্জিয়ায় যোগ দেন। গাজালার পিতা অধ্যাপক জিয়া হাশমি, আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের স্নাতক ছাত্র। সেখান থেকে তিনি এম.এ. ও এলএলবি ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি ইউনিভার্সিটি অব সাউথ ক্যারোলাইনা থেকে আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে পিএইচডি সম্পন্ন করেন এবং খুব শিগগিরই বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা শুরু করেন। তিনি সেন্টার ফর ইন্টারন্যাশনাল স্টাডিজ প্রতিষ্ঠা করেন এবং সেখানকার পরিচালক হিসেবে অবসর গ্রহণ করেন।

## গভর্নর হোকুলের জরুরি অবস্থা জারি

৩ পৃষ্ঠার পর

ঝুঁকিতে পড়তে পারে জানিয়ে তিনি আরো বলেন, 'এমন সিদ্ধান্তে কৃষক, ব্যবসায়ী দোকান মালিকরাও ক্ষতিগ্রস্ত হবেন। পরিবারগুলো টেবিলে খাবার রাখতে না পারলে ওয়াশিংটনের রিপাবলিকানদের মতো আমি বসে থাকতে পারি না।'

## অভ্যুত্থান, পাল্টা অভ্যুত্থান এবং একটি বিপ্লব

১২ পৃষ্ঠার পর

স্টেশনে নেওয়ার প্রস্তাব করেন। সেখানে উপস্থিত অন্যরা দ্বিতীয় ফিল্ড আর্টিলারিতেই রেডিও কর্মকর্তাদের ডেকে এনে জেনারেল জিয়ার ভাষণ রেকর্ড করানোর পাল্টা প্রস্তাব দেন। এতে লে. কর্নেল (অব.) তাহের একাধারে আরও ক্ষিপ্ত ও হতাশ হন। এ অবস্থায় লে. কর্নেল (অব.) তাহের তার অনুগত বিপ্লবী সৈনিক সংস্থার সদস্যদের যে কোনো মূল্যে ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ এবং কর্নেল শাফায়াত জামিলকে হত্যার নির্দেশ দেন। কর্নেল শাফায়াত জামিল এ নির্দেশের কথা তার ব্রিগেড মেজর হাফিজের কাছ থেকে জেনে তা বঙ্গভবনে অবস্থানরত খালেদ মোশাররফকে অবহিত করেন। সেনানিবাসে ফোন করে খালেদ মোশাররফ ঘটনার সত্যতা সম্পর্কে নিশ্চিত হন এবং কর্নেল শাফায়াত জামিলকে বঙ্গভবনে অবস্থান করতে বলে কর্নেল হায়দার ও কর্নেল হুদাকে নিয়ে বঙ্গভবন ত্যাগ করেন। তারা প্রথমে জাতীয় রক্ষীবাহিনীর প্রধান কর্নেল নুরুজ্জামানের বাসায় গিয়ে পোশাক পরিবর্তন করেন। সেখান থেকে তারা খালেদ মোশাররফের এক আত্মীয়ের বাসায় যান এবং কয়েক জায়গায় ফোন করার পর শেরে বাংলা নগরে অবস্থানরত ১০ম ইস্ট বেঙ্গল রেজিমেন্টে কর্নেল নওয়াজেশের সঙ্গে কথা বলে নিরাপত্তার আশ্বাস পান এবং সেখানে যাওয়ার সিদ্ধান্ত নেন। পথিমধ্যে একটি দুর্ঘটনায় তাদের গাড়িটি নষ্ট হয়ে গেলে প্রথমে তারা মোহাম্মদপুরের ফাতেমা নার্সিং হোমে যান। সেখান থেকে হেঁটে ১০ম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ক্যাম্পে পৌঁছান।

কর্নেল নওয়াজেশ আহমেদ টেলিফোনে জেনারেল জিয়াকে তার ক্যাম্পে খালেদ মোশাররফের উপস্থিতির বিষয়টি জানান। জেনারেল জিয়া ব্রিগেডিয়ার খালেদ মোশাররফের নিরাপত্তার সব ধরনের ব্যবস্থা গ্রহণের জন্য কর্নেল নওয়াজেশকে নির্দেশ দেন। তিনি কর্নেল নওয়াজেশের ক্যাম্পে অবস্থানরত রেজিমেন্টের আরেকজন সেনা কর্মকর্তা মেজর জলিলের সঙ্গেও কথা বলে তাকে নির্দেশ দেন, তিনি ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ ছাড়াও বাকি আরও দুজন সেনা কর্মকর্তাকে যথাযথ নিরাপত্তা দেওয়ার ক্ষেত্রে কর্নেল নওয়াজেশকে সাহায্য করেন।

কর্নেল হুদার স্ত্রী নিলুফার হুদার বইয়ের তথ্য অনুযায়ী-এ সময় ঢাকা সেনানিবাসের দ্বিতীয় ফিল্ড আর্টিলারিতে অবস্থানরতদের কাছ থেকে জানা যায়, যখন জেনারেল জিয়া কর্নেল নওয়াজেশ এবং মেজর জলিলের সঙ্গে কথা বলছিলেন, তখন লে. কর্নেল (অব.) তাহের মিনিট ১৫-এর জন্য বাইরে চলে যান। সেখান থেকে ফিরে তিনি জেনারেল জিয়ার কাছে খালেদ মোশাররফের সঠিক অবস্থান জানতে চান এবং আবারও কিছুক্ষণের জন্য বাইরে চলে যান।

সেনাপ্রধানের আদেশ ও নিশ্চয়তা পেয়ে কর্নেল নওয়াজেশ ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ এবং তার দুই সঙ্গীর জন্য নাস্তার আয়োজন করেন। তাদের নাস্তা পরিবেশনের কিছুক্ষণের মধ্যেই সামরিক বাহিনীর খাকি পোশাক পরিহিত লে. কর্নেল (অব.) তাহেরের অনুগত বিপ্লবী সৈনিক সংস্থার বেশকিছু সদস্য গান পয়েন্টে সেই কক্ষে প্রবেশ করে এবং ব্রিগেডিয়ার খালেদ মোশাররফসহ তিন সেনা কর্মকর্তাকে অস্ত্রের মুখে কক্ষের বাইরে এনে হত্যা করে। সামরিক বাহিনীর অভ্যন্তরীণ সূত্র থেকে জানা যায়, বিপ্লবী সৈনিক সংস্থার কিছু সদস্য কর্নেল আসাদুজ্জামানের কাছে ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ ও তার দুই সঙ্গীকে হত্যার জন্য লে. কর্নেল (অব.) তাহেরের নির্দেশ পৌঁছে দেন এবং কর্নেল আসাদুজ্জামান নিজে ওই হত্যাকাণ্ডে নেতৃত্ব দেন।

১৯৭৫ সালের ৭ নভেম্বর আসলে একটি রক্তাক্ত ব্যর্থ অভ্যুত্থান হয়েছিল জাসদের মাধ্যমে, আর তারই সমান্তরালে আরেকটি রক্তপাতহীন সফল বিপ্লব সংঘটিত হয়েছিল সিপাহি-জনতার সম্মিলিত প্রয়াসে, যার নেতৃত্ব এসেছিল সেনাবাহিনীর দ্বিতীয় ফিল্ড আর্টিলারি থেকে। ১৯৭৫-এর মধ্য আগস্ট থেকে নভেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে ঘটে যাওয়া রক্তক্ষয়ী অভ্যুত্থান ও পাল্টা অভ্যুত্থানের মধ্যে সবার অলক্ষ্যে জন্ম নিয়েছিল ইতিহাসের মোড় ফেরানো এক অনন্যসাধারণ বিপ্লব, যা আমূল পাল্টে দিয়েছিল বাংলাদেশের রাজনীতির গতি-প্রকৃতি।

একেএম ওয়াহিদুজ্জামান : বিএনপির তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিস্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজ্যেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# মর্যাদা ও সম্মানের স্থান মক্কা-মদিনা

ড. মো. শাহজাহান কবীর



পবিত্র নগরী মক্কা ও মদিনা দুনিয়ার সবচেয়ে মর্যাদা ও সম্মানের স্থান। এ দুই স্থানে অবস্থিত পবিত্র কাবা শরিফ ও রাসুলে পাক (সা.)-এর রওজা শরিফ। রাসুলে পাক (সা.) এ দুই স্থানের সুস্পষ্ট ফজিলত ও মর্যাদা ঘোষণা করেছেন। হজ ও ওমরাহ উপলক্ষ্যে সারা বিশ্বের লাখ লাখ মুসলিম বছরব্যাপী এ দুই পবিত্র নগরীতে আসা-যাওয়া করেন। তাদের এ আসা-যাওয়ায় মক্কা-মদিনার ইজ্জত ও সম্মানের প্রতি লক্ষ্য রাখা অত্যন্ত জরুরি। মহান আল্লাহ মক্কার হারাম শরিফকে সম্মানিত ঘোষণা করে সুরা আলে ইমরানের ৯৬ আয়াতে এরশাদ করেন, 'এ কথা নিঃসন্দেহ যে, মক্কায় অবস্থিত ঘরখানাকেই সর্বপ্রথম মানুষের ইবাদতের ঘর হিসেবে তৈরি করা হয়েছে।' মহান আল্লাহর এ ঘোষণা থেকে স্পষ্টতই বোঝা যাচ্ছে, মক্কায় অবস্থিত মানুষের প্রথম ইবাদতখানা হওয়ার কারণেই তার এত মর্যাদা। এ ঘরের মর্যাদা ও গুরুত্ব বর্ণনা করে আল্লাহতায়ালা সুরা আলে ইমরানের ৯৭ আয়াতে এরশাদ করেন, 'উহাকে কল্যাণ ও মঙ্গলময় করে দেয়া হয়েছিল এবং সমগ্র বিশ্ববাসীর জন্য হেদায়াত লাভের কেন্দ্র বানানো হয়েছিল উহাতে সুস্পষ্ট নিদর্শনসমূহ রয়েছে।' মক্কার হেরেমের মর্যাদা সম্পর্কে আল্লাহতায়ালা রাসুলে পাক (সা.) এর উদ্দেশে সুরা নমল এর ৯১ আয়াতে এরশাদ করেন, 'হে রাসুল! তুমি তাদেরকে জানিয়ে দাও যে, আমাকে এ নির্দেশই দেয়া হয়েছে যে, এ শহরের রবের দাসত্ব করব যিনি একে মহিমান্বিত করেছেন, তিনি সব জিনিসের মালিকও বটে, আমাকে নির্দেশ দেয়া হয়েছে যেন আমি মুসলমান হয়ে জীবনযাপন করি।' হজরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেন, মক্কা বিজয়ের দিন রাসুলে পাক (সা.) ঘোষণা করেন, নিশ্চয়ই আসমান জমিন সৃষ্টির দিনই আল্লাহ এই মক্কা নগরীকে সম্মানিত করেছেন। সুতরাং কেয়ামত এরপর ২৮ পৃষ্ঠায়

## মহানবী (সা.)-এর যে ভাষণ শুনে অশ্রুসিক্ত হয়েছিল সাহাবিদের চোখ

শরিফ আহমাদ

পৃথিবীর সব নবী-রাসুলের কথাবার্তা ও ভাষণ ছিল সত্য, সুন্দর ও হৃদয়গ্রাহী। মহান আল্লাহ তাঁদের সুবক্তা হওয়ার গুণাবলি ও যোগ্যতা দিয়ে পাঠিয়েছেন। সেগুলো কাজে লাগিয়ে তাঁরা মানুষের হৃদয়রাজ্য জয় করেছেন। পৃথিবীর প্রান্তে প্রান্তে পৌঁছে দিয়েছেন দ্বিনের দাওয়াত। অনেক নবী-রাসুলের ভাষণের চুম্বকাংশ কোরআনে বর্ণিত হয়েছে। আখেরি নবী মহানবী মুহাম্মদ (সা.)-এর প্রদত্ত ভাষণ, ভাষণের নীতি সব কিছু হাদিস ও সিরাতের কিতাবে সংরক্ষিত আছে। এগুলোর ব্যাপকভাবে প্রচার-প্রসার করা বড় প্রয়োজন। এখানে মুহাম্মদ (সা.)-এর ভাষণের নীতিমালা নিয়ে আলোচনা করা হলো :

ভাষণের বিভিন্ন মঞ্চ : রাসুলুল্লাহ (সা.) স্থান-কাল-পাত্রভেদে কখনো দাঁড়িয়ে কিংবা বসে ভাষণ দিয়েছেন। নবুয়তপ্রাপ্তির পর রাসুলুল্লাহ (সা.) সাফা পাহাড়ে উঠে স্বীয় কুরাইশ গোত্রের গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিত করে প্রথম ভাষণ দিয়েছিলেন। (সহিহ বুখারী, হাদিস : ৪৬১১)। এরপর ২৮ পৃষ্ঠায়



## উভয় জগতের সফলতা অর্জনে আত্মশুদ্ধি

মো. আবদুর রহমান



মানুষের আত্মিক উন্নতি, প্রশান্তি ও বিকাশ সাধনের জন্য আত্মশুদ্ধির গুরুত্ব অপরিসীম। আত্মশুদ্ধি মানুষের নৈতিক ও মানবিক গুণাবলির বিকাশ ঘটায় এবং সর্বদা ভালো চিন্তা ও সৎকর্মে উৎসাহিত করে। পক্ষান্তরে যার আত্মা কলুষিত সে নানাবিধ পাপচিন্তা ও অশ্লীল কাজে লিপ্ত থাকে। তখন ভালো-মন্দ ও ন্যায়-অন্যায় পার্থক্য করার অনুভূতি অকার্যকর হয়ে পড়ে। সে অন্যায়-অত্যাচার ও সন্ত্রাস-নির্যাতন করতে দ্বিধাবোধ করে না। ফলে সামাজিক শান্তি-শৃঙ্খলাও বিনষ্ট হয়। তাছাড়া অপরিশুদ্ধ ও ব্যাধিগ্রস্ত অন্তর মানুষকে আল্লাহর স্মরণ থেকে দূরে সরিয়ে দেয়। অতএব নৈতিক ও সামাজিক মূল্যবোধ বিকাশের জন্যও আত্মশুদ্ধির প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

পরকালীন জীবনের সফলতা ও মুক্তি আত্মশুদ্ধির ওপর নির্ভরশীল। আত্মার পরিশুদ্ধি ছাড়া কেয়ামতের দিন কোনো কিছু উপকারে আসবে না। যে ব্যক্তি দুনিয়ায় নিজ আত্মাকে পবিত্র রাখবে পরকালে সেই মুক্তি লাভ করবে। এ জন্যই ইসলামে আত্মশুদ্ধির ব্যাপারে অত্যধিক গুরুত্বারোপ করা হয়েছে। আত্মশুদ্ধির পথ ও পাথেয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হলো।

দোয়া করা : দোয়া শব্দের অর্থ আল্লাহর কাছে চাওয়া, প্রার্থনা করা। নিজের মনের সব আকুতি নিয়ে বিনয়ের সঙ্গে মহান আল্লাহর কাছে কল্যাণ ও উপকার লাভের উদ্দেশ্যে এবং ক্ষতি ও অপকার থেকে বেঁচে থাকার জন্য প্রার্থনা করাই হলো দোয়া। কোরআন-হাদিসে দোয়াকেও ইবাদত হিসেবে আখ্যায়িত করা হয়েছে। অন্তরের পবিত্রতা ও পরিশুদ্ধির জন্য আল্লাহর কাছে দোয়া করা আবশ্যক। দোয়ার মাধ্যমে ইবাদতে নিমগ্ন হলে আত্মা প্রশান্তি লাভ করে। দোয়া হলো আল্লাহর কাছে চাওয়ার অপূর্ব ও অতুলনীয় মাধ্যম। দোয়া মুমিনের প্রাপ্তি ও মুক্তির এরপর ২৮ পৃষ্ঠায়




## সুরা ইখলাসের ফজিলত

আবরার নাঈম

আল-কোরআন। মানবজীবনের সংবিধান। হক-বাতিলের মধ্যে পার্থক্য সৃষ্টিকারী। দোজাহানে সফলতার চাবিকাঠি। পবিত্র কোরআনের বহু জায়গায় আল্লাহ তায়ালা সুনিপুণভাবে তার নিজ সত্তার পরিচয় তুলে ধরেছেন। যেমন- আয়াতুল কোরসি, সুরা হাশরের শেষ তিন আয়াত। তেমনি সুরা ইখলাসেও তিনি তার একত্ববাদ, মহত্ত্ব ও বড়ত্বের ঘোষণা দিয়েছেন। আল্লাহতায়ালা নবীজিকে (সা.) সম্বোধন করে বলেন, 'আপনি বলুন- ১. তিনিই আল্লাহ, একক-অদ্বিতীয়; ২. আল্লাহ কারো মুখাপেক্ষী নন; ৩. তাঁর কোনো সন্তান নেই এবং তিনিও কারো সন্তান নন; ৪. তাঁর সমতুল্য কেউ নেই।

হাদিসে বর্ণিত হয়েছে, সুরা ইখলাস পাঠের বহু গুরুত্ব ও ফজিলত। সুরা ইখলাস কোরআনের তিন ভাগের এক ভাগ- হজরত আবু সাঈদ খুদরি (রা.) থেকে বর্ণিত হয়েছে- তিনি বলেন, নবী (সা.) তাঁর সাহাবিদের বলেছেন, 'তোমাদের কেউ কি এক রাতে কোরআনের এক-তৃতীয়াংশ তিলাওয়াত করা এরপর ২৭ পৃষ্ঠায়

### নামাজের সময় সূচি Prayer Times For New York City নভেম্বর-২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 7 | 5:16 | 6:34 | 11:40 | 2:23 | 4:45 | 6:03 |
| 8 | 5:17 | 6:35 | 11:40 | 2:22 | 4:44 | 6:02 |
| 9 | 5:18 | 6:36 | 11:40 | 2:21 | 4:43 | 6:01 |
| 10 | 5:19 | 6:37 | 11:40 | 2:21 | 4:42 | 6:00 |
| 11 | 5:20 | 6:38 | 11:40 | 2:20 | 4:41 | 5:59 |
| 12 | 5:21 | 6:40 | 11:40 | 2:19 | 4:40 | 5:59 |
| 13 | 5:22 | 6:41 | 11:40 | 2:18 | 4:39 | 5:58 |

source: salahtimes.com



## ইতিহাস ও বাস্তবতায় জিয়াউর রহমান

১২ পৃষ্ঠার পর

কেউ কেউ হারিয়েছেন প্রাণ। কেউবা হয়েছেন পঙ্গু। কারো পরিবার সব হারিয়েছে। বন্দি দলের হাজারো নেতাকর্মী। অনেকেই সাজা ও পরোয়ানা মাথায় নিয়ে ফেরারি জীবনযাপন করেন। এক-এগারোসহ পরবর্তী সময়ের মামলার ভারে কাবু বিএনপি। দলটির দাবি, গত ১৫ বছরে প্রায় দেড় লাখ মামলায় আসামি হয়েছেন তাদের ৫০ লাখেরও বেশি নেতাকর্মী। মামলার বাইরেও দলটির ১ হাজার ৫৭৪ জন নেতাকর্মী হত্যাকাণ্ডের শিকার হয়েছেন হাসিনা সরকারের হাতে।

গত ১৭ বছরে আধিপত্যবাদী শক্তির তাঁবেদার একদলীয় সরকার গণতন্ত্রকে পাঠিয়েছিল নির্বাসনে। নির্যাতন-নিপীড়নে যারপরনাই নিষ্পেষিত ছিল আমজনতা। কেড়ে নেওয়া হয়েছিল ভোটের অধিকার। সরকারি দল ছাড়া অন্য কোনো রাজনৈতিক দলের কর্মকাণ্ড একরকম নিষিদ্ধই ছিল। বন্ধ করে দেওয়া হয়েছিল বিরোধী রাজনৈতিক দলের অনেক কার্যালয়। গত তিনটি জাতীয় নির্বাচনে নির্বাচনের নামে চলে প্রহসন যা জনমানুষের মনে চপেটাঘাত হানে। সবকিছু বুঝতে পেরেও বিদেশি শক্তির ক্রীড়নকে পরিণত হওয়া পিষ্ঠি সরকার রাষ্ট্রক্ষমতাকে জোর করে আঁকড়ে ধরে রাখে। সরকারের নতজানু নীতির কারণে দেশের সার্বভৌমত্ব দিন-দিন দুর্বল হয়ে পড়ে। ঘনিয়ে আসে দুর্দিন। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে হাঁসফাঁস করতে থাকে সাধারণ মানুষ। পুলিশ, প্রশাসন, বিচার, আইন, অর্থসহ প্রতিটি খাতকে যাচ্ছেতাইভাবে কব্জা করে নেয় হাসিনার সরকার। দুর্নীতি, অনিয়মের পাশাপাশি চলে লুটপাট। চলে বিলিয়ন বিলিয়ন ডলার অর্থপাচার। মৌলিক অধিকার হরণের পাশাপাশি লাগামছাড়া দ্রব্যমূল্যে দুর্বিষহ হয়ে পড়ে সাধারণ মানুষের যাপিত জীবন।

ফলে দেশকে বাঁচাতে এগিয়ে আসে ছাত্র-জনতা। সৃষ্টি হয় রক্তে রঞ্জিত নতুন ইতিহাস— ৫ আগস্ট। বাংলাদেশের রাজনীতিতে বাঁক বদলের তিনটি বড় গণঅভ্যুত্থানেই দৃশ্যত লাভবান হয়েছে বিএনপি। ১৯৭৫ সালের গণঅভ্যুত্থানের পর জিয়াউর রহমান ক্ষমতায় এসে বিএনপি প্রতিষ্ঠা করেন। ১৯৯০ সালের গণঅভ্যুত্থানের পর বিএনপি নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আসে। ২০২৪ সালের গণঅভ্যুত্থানের মাধ্যমেও দলটির ক্ষমতায় আসার সম্ভাবনা তৈরি হয়েছে। রাষ্ট্রবিজ্ঞানী সাব্বির ইকতেখার বলছেন, দুটো গণঅভ্যুত্থানের পরে রাজনৈতিক শূন্যতায় সুবিধা পেয়েছে বিএনপি। প্রতিটি ক্ষেত্রে রাজনৈতিক শক্তি হিসেবে আওয়ামী লীগ অত্যন্ত নেতিবাচক হিসেবে জনগণের কাছে প্রতিভাত হয়েছে। সে সুযোগ বিএনপি পেয়েছে। রাজনৈতিক বিশ্লেষক ও লেখক মহিউদ্দিন আহমেদ বলেন, জন-বিদ্রোহ বা জনরোষের ফলে যে সরকার পরিবর্তন হয়েছে, সেটার রাজনৈতিক ফসল বিএনপি ঘরে তুলেছে।

যদিও ওই সময় বিশ্বের বিভিন্ন দেশেই সেনাবাহিনী শাসনক্ষমতা দখল করেছিল। আরব, আফ্রিকা ও দক্ষিণ আমেরিকার দেশগুলোতে সামরিক শাসকেরা ক্ষমতায় চলে আসেন। জিয়াউর রহমানও ৭ নভেম্বরের ঘটনা পরিক্রমায় ক্ষমতায় চলে আসেন। তবে তিনি ওই সময়ের অন্য সব সামরিক শাসকের থেকে ভিন্ন ছিলেন। একদলীয় শাসনব্যবস্থা চালু করেননি। বিশেষ করে দক্ষিণ আমেরিকার দেশগুলোর একদলীয় শাসন পন্থা তিনি অনুসরণ করেননি। সেই সময়ের সামরিক শাসিত দেশগুলোর তুলনায় জিয়ার শাসন পদ্ধতি ছিল ভিন্ন। নতুন পরিকল্পনা ও কর্মসূচি নিয়ে হাজির হন জিয়া। রাজনৈতিক কর্মসূচি দিয়ে তিনি অর্থনীতি পুনর্গঠনে মনোযোগ দেন। জিয়াউর রহমানের রাজনীতিকে বাংলাদেশি জাতীয়তাবাদের পরিপ্রেক্ষিতে ব্যাখ্যা করা যায়। জাতিবাদী ও নাগরিক জাতীয়তাবাদের ধারণা থেকে ভিন্ন নতুন এক জাতীয়তাবাদী চিন্তার বিকাশ ঘটে জিয়াউর রহমানের হাত ধরে। হতে পারে বাংলাদেশি জাতীয়তাবাদ জিয়াউর রহমানের একক চিন্তার ফসল না।

ওই সময় যাঁরা বিএনপি সৃষ্টির সঙ্গে জড়িত ছিলেন ও পরবর্তী সময় বিএনপির রাজনীতিতে সম্পৃক্ত হয়েছেন, তাঁদের সবার সম্মিলিত প্রচেষ্টাতেই নতুন এই জাতীয়তাবাদী দর্শনের বিস্তার ঘটে। এর আগে অবশ্য বাংলাদেশি জাতীয়তাবাদের উল্লেখ মাওলানা ভাসানী ও আবুল মনসুর আহমেদের বক্তৃতা ও লেখায় পাওয়া যায়। তবে ওই সব লেখা বা বক্তব্যে বাংলাদেশি জাতীয়তাবাদের পরিষ্কার ধারণা পাওয়া যায় না।

মূলত ৭ নভেম্বরের পর রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক কর্মকাণ্ডের মাধ্যমে জিয়াউর রহমান দেশে বাংলাদেশি জাতীয়তাবাদের প্রয়োগ করেন। জাতীয়তাবাদ সব সময়ই বিতর্কিত ও বিপজ্জনক এক ধারণা। প্রবল জাতীয়তাবাদ উগ্রবাদে মোড় নেয়। গত শতকের শুরুর দিকে জার্মানি ও ইতালিতে জাতিবাদী জাতীয়তাবাদের উত্থানহেতু লক্ষ করা যায়। এর আগেই ঊনিশ শতকের মাঝামাঝি সময় থেকেই জাতিবাদী জাতীয়তাবাদের আবেদন ফিকে হতে শুরু করেছিল। বা আরও আগে ফরাসি বিপ্লব ও প্রতিবিপ্লবের পর পরই জাতিবাদী জাতীয়তাবাদ নিয়ে জনমনে সন্দেহ শুরু হতে থাকে।

বিপ্লব বিস্তীর্ণ রাজপথ কাঁপিয়ে দমকা বাতাসের মত পুরানো বিধি-ব্যবস্থা, ধ্যান- ধারণা ওলট-পালট করার আগমনী বার্তা নিয়ে আসে। পুরনো জরাজীর্ণ অচলায়তন ভেঙে-চুরে শাসক ও শাসনতন্ত্র পরিবর্তনের মাধ্যমে নবরূপে উত্থান হয় বিপ্লবী সরকার। তবে রাজনৈতিক বা রাষ্ট্র বিপ্লবের সূচনাপর্বে বস্তুগত উপাদানের বিরুদ্ধে অর্থাৎ বিরাজমান অনিয়মের বিরুদ্ধে বিদ্রোহের লক্ষণ দেখা দেয় এবং ক্রমান্বয়ে বিদ্রোহ সমূহ সামাজিক লড়াইয়ে পরিণত হয়ে শাসকগোষ্ঠীর পতন ঘটে এবং বিপ্লবী সরকার গঠন হয়। পরবর্তীতে বিপ্লবের উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে বিধানগত উপাদান তথা নতুন শাসনতন্ত্র প্রনয়ন করে পুরানো অচলায়তন ওলট-পালট করে বিপ্লবী কর্মসূচির বাস্তবায়ন পর্ব শুরু হয়।

বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানকে দেশের রাজনীতির ইতিহাসে নানাভাবে চিত্রায়িত করা হয়। মহান স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্র ও বাংলাদেশি জাতীয়তাবাদের প্রবর্তক, স্বনির্ভর বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা প্রভৃতি বিশেষণে তাকে ভূষিত করা হয়। মুক্তিযুদ্ধের অন্যতম সেক্টর কমান্ডার ও জেড ফোর্সের এই অধিনায়ক ইতিহাসের নানা বাঁক পেরিয়ে রাষ্ট্রক্ষমতায় অধিষ্ঠিত হন এবং বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে মানুষের হৃদয়ে স্থান করে নেন। স্থান করে নেন দেশের ইতিহাসেও। ১৯৮১ সালের ৩০ মে চট্টগ্রামে সার্কিট হাউসে সেনাবাহিনীর একদল বিপথগামী সদস্যের হাতে নির্মমভাবে নিহত হন রাষ্ট্রপতি জিয়াউর রহমান।

মার্কিন বিপ্লবী ফ্রেডেরিক আর্নেল হ্যাম্পটন সিনিয়র বর্ণবৈষম্যবিরোধী আন্দোলনের পথিকৃত হিসেবে বিশ্বজুড়ে স্বীকৃত। তিনি বলতেন, তুমি একজন বিপ্লবীকে মেরে ফেলতে পারো, কিন্তু বিপ্লবকে মেরে ফেলতে পারবে না। সত্যিই তাই। বিপ্লব চিরঞ্জীব। জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের ইতিহাসও তাই অমোচনীয়, অনস্বীকার্য।

লেখক, কবি-কথাসাহিত্যিক সাংবাদিক কলামিস্ট ও গীতিকার।

## ইউরিন ইনফেকশনের লক্ষণ ও প্রতিকার

২০ পৃষ্ঠার পর

অভ্যাস থেকে নিজেকে বের করে নিয়ে আসুন। তাহলে এ রোগ থেকে মুক্তি মিলতে পারে।

প্রচুর পানি পান করা ইউরিনারি ইনফেকশনকে প্রতিরোধের সেরা উপায় হলো প্রচুর পরিমাণে পানি পান করা। এতে মূত্রত্যাগের সময় জ্বালাপোড়া কমানোর সঙ্গে সঙ্গে ইউরিনারি ইনফেকশনও দূর করে।

ভিটামিন সি ইউরিনারি ইনফেকশন এড়াতে নিয়মিত ভিটামিন সি গ্রহণ করতে পারেন। প্রতিদিন ১০০০ মিলিগ্রাম ভিটামিন সি গ্রহণ করলে শরীরে যে অম্ল উৎপন্ন হয়, তা মূত্রে ব্যাকটেরিয়া সংক্রমণের বিস্তার রোধে দারুণভাবে কাজ করে।

গরম পানিতে গোসল গরম পানিতে গোসল করলে ইউরিনারি ইনফেকশনের ব্যথা কিছুটা উপশম হতে পারে।

স্বাস্থ্যবিধি পালন শরীর সুস্থ রাখতে স্বাস্থ্যবিধি পালনের বিকল্প নেই। তাই ঢিলেঢালা পোশাক পরা, সুতি কাপড়ের অন্তর্বাস ব্যবহার, নিয়মিত গোসল করা, সংশ্লিষ্ট এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ইত্যাদি খুবই জরুরি।

ইউরিন ইনফেকশন প্রতিকারের ঘরোয়া উপায়-

১. ইউরিন ইনফেকশনের সমস্যায় প্রচুর পানি পান করা প্রয়োজন। এর ফলে বেশি বেশি প্রস্রাব হবে এবং শরীর থেকে ব্যাকটেরিয়া বের হয়ে যাবে।

২. এ রোগের প্রতিকারে বেকিং সোডা খেতে পারেন। এক গ্লাস পানিতে এক চামচ বেকিং সোডা মিশিয়ে সপ্তাহে একদিন সকাল বেলা পান করলে প্রস্রাবের জ্বালাপোড়া কমবে।

৩. কিছু সেলেরি বীজ চিবান, এ বীজ মূত্রবর্ধক হিসেবে কাজ করে। এক মুঠো সেলেরি বীজ চিবিয়ে রস খেতে পারেন অথবা এক কাপ গরম পানিতে কিছু সেলেরি বীজ দিয়ে ঢেকে দিন। ৮ মিনিট পর মিশ্রণটি ছেঁকে নিয়ে পান করুন। এটি ইউটিআই প্রতিরোধ করে।

৪. শসাতে প্রচুর পানি আছে। তাই প্রতিদিন কমপক্ষে একটি শসা স্লাইস করে খেতে পারেন।

৫. প্রস্রাবের জ্বালাপোড়া কমাতে গরম সেঁক নিন। হট ওয়াটার ব্যাগে গরম পানি নিয়ে আপনার তলপেটের ওপর রাখুন। এতে খুব দ্রুত প্রস্রাবের জ্বালাপোড়া ও ব্যথা দূর হবে।

## ঝড়ের বেগে সব জয় করলেন কে এই মামদানি?

১ পৃষ্ঠার পর

আগেও মামদানিকে (৩৪) কেউ মনে করেননি। তারুণ্যের উত্থানে তিনি এখন বিশ্বব্যাপি পরিচিত। ২০১৮ সালে তিনি যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভ করেন। প্রভাবশালী এন্ড্রু কুমোকে নির্বাচনে পরাজিত করায় চারদিকে জয়ধ্বনি চলছে। তিনি নিউইয়র্ক সিটির ১১১তম মুসলিম মেয়র নির্বাচিত হয়েছেন ডেমোক্র্যাট দল থেকে। ২০১৮ সালে মার্কিন নাগরিকত্ব পান জোহরান মামদানি। তার স্ত্রী সিরীয় বংশোদ্ভূত রামা দুয়াজি।

জোহরান মামদানি জন্মগ্রহণ করেন ১৯৯১ সালে উগান্ডার রাজধানী কাম্পালায়। তার বাবা মাহমুদ মামদানি ভারতীয় বংশোদ্ভূত উগান্ডান মুসলমান। তিনি কলাম্বিয়া ইউনিভার্সিটির অধ্যাপক। মা ভারতীয়-মার্কিন চলচ্চিত্র নির্মাতা মিরা নায়ার। জোহরান মামদানির যখন পাঁচ বছর বয়স তখন তার পরিবার উগান্ডা থেকে দক্ষিণ আফ্রিকায় চলে যায়। এর দুই বছর পর তারা যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটিতে এসে স্থায়ী হন। বোডোইন কলেজে অধ্যয়নের সময় মামদানি আরো কয়েকজনের সাথে 'প্যালেস্টাইনে স্টুডেন্টস ফর জাস্টিস' আন্দোলন শুরু করেন। এই কলেজ থেকে আফ্রিকানা স্টাডিজে স্নাতক সম্পন্ন করেন তিনি।

মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করার আগে জোহরান মামদানি আবাসন পরামর্শক হিসেবে কাজ করতেন। কুইন্সের নিম্ন আয়ের অশ্বেতাঙ্গ বাড়ির মালিকদের ভাড়াটিয়া উচ্ছেদের নোটিশ এবং তাদের বাড়িতে থাকার প্রচেষ্টায় সহায়তা করতেন তিনি। ২০২০ সালে তিনি নিউইয়র্ক স্টেটের অ্যাসেম্বলি সদস্য হিসেবে নির্বাচিত হন। সেই সময়েই তিনি জাতীয় পর্যায়ে পরিচিত হয়ে ওঠেন একজন সমাজতান্ত্রিক, মুসলিম ও স্পষ্টভাষী আইনপ্রণেতা হিসেবে। তিনি ২০২২ এবং ২০২৪ সালে বিনা প্রতিদ্বন্দ্বিতায় পুনর্নির্বাচিত হন। মামদানি নিজেকে একজন গণতান্ত্রিক সমাজতান্ত্রিক হিসেবে পরিচয় দেন।



## মামদানির বিজয় বাংলাদেশি 'আঙ্কেল আন্টিদের'

৬৪ পৃষ্ঠার পর

মেতে ওঠেন। রাত ১০টার পর সিটির বাঙালি অধ্যুষিত জ্যাকসন হাইটস, জ্যামাইকা, ব্রঙ্কস ও ব্রুকলিনে আনন্দ সমাবেশ করেছেন তারা। রাতেই মামদানির প্রধান ক্যাম্পেইন অফিস ম্যানহাটনে ছুটে গেছেন বিপুলসংখ্যক বাংলাদেশি। নিউইয়র্ক সিটি নির্বাচনে অধিকাংশ বাংলাদেশি শুরু থেকে জোহরান মামদানির পক্ষে ছিলেন। গত ২৪ জুন মঙ্গলবার অনুষ্ঠিত প্রাইমারিতে বিপুলসংখ্যক বাংলাদেশি আমেরিকান তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। তবে ৪ নভেম্বর মঙ্গলবার অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে রেকর্ডসংখ্যক প্রবাসী বাংলাদেশি তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। তাদের প্রচারণার কেন্দ্রে ছিলেন জোহরান মামদানি। বাংলাদেশি তরুণ প্রজন্ম বেছে নিয়েছেন মামদানিকে।

মামদানির এ বিজয়ে বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, জ্যাকসন হাইটস বিজনেস এসোসিয়েশনের সভাপতি হারুন ভূঁইয়া, ব্রুকলিন বাংলাদেশি কমিউনিটি লিডার এম এন মজুমদার, আব্দুল শহীদ, মামুন ইসলাম, জাকারিয়া, কমিউনিটি বোর্ড সদস্য আহসান হাবিব, নূরুল আজিম ও জামের কাজি কৌজিয়াসহ বাংলাদেশি নেতৃবৃন্দ পৃথক পৃথক বিবৃতিতে বিজয়ী মামদানীকে অভিনন্দন জানিয়েছেন।

বুধবার সন্ধ্যায় বিভিন্ন মিডিয়ায় মামদানির এগিয়ে থাকার আগাম পূর্বাভাসের বার্তা আসতে শুরু করে। বাংলাদেশি কমিউনিটির মানুষ জড়ো হতে থাকে বিভিন্ন এলাকাগুলোতে। রাত ১০টা নাগাদ বিজয় নিশ্চিত হয় মামদানির। সিটির জ্যাকসন হাইটস, জ্যামাইকা , ব্রুকলিনের চার্চ ম্যাকডোনাল্ড, নিউজার্সি ও ব্রঙ্কসের পার্ক চেস্টারে বাংলাদেশিদের ঢল নামে। মিষ্টির দোকানগুলোতে আধা ঘন্টার মধ্যে মিষ্টি শূন্য হয়ে যায়। আনন্দ আর উল্লাসে মেতে উঠেন বাংলাদেশিরা।

বিশ্বের ক্ষমতাধর মার্কিন প্রেসিডেন্টকে চ্যালেঞ্জ করে জয়ী হয়েছেন মামদানি নিউইয়র্কের প্রগতিশীল মানুষ বিদ্বেষ, অপপ্রচার আর প্রাতিষ্ঠানিকতার বিরুদ্ধে এক ঐতিহাসিক রায় প্রদান করেছে। ২০২৫ সালের ৪ নভেম্বরের এ রায় আমেরিকার রাজনীতিতে নতুন মেরুকরণের সূচনা করতে পারে।

নিউইয়র্কের ১১১তম মেয়র হিসেবে নির্বাচিত হয়েছেন জোহরান মামদানি। নিউইয়র্কের তরুণ ও প্রগতিশীল ভোটারদের একত্র করে তিনি এক ঐতিহাসিক জয় অর্জন করেছেন। "জীবনযাত্রার ব্যয় কমানো"- এই স্লোগানকে সামনে রেখে ৩৪ বছর বয়সী এই ডেমোক্রেটিক সোশ্যালিস্ট এক নজিরবিহীন প্রচারণা চালিয়েছেন।

মামদানি পরাজিত করেছেন রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিওয়া এবং সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমোকে। কুওমো ডেমোক্র্যাটিক প্রাইমারিতে পরাজয়ের পর স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নেন। ভোটের আগের রাতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কুমোকে সমর্থন দেন এবং মামদানি জয়ী হলে নিউইয়র্ক সিটির ফেডারেল তহবিল বন্ধের হুমকি দেন।

মামদানি "অসহনীয় জীবনযাত্রার ব্যয় কমানো"-কে কেন্দ্র করে তাঁর প্রচারণা চালান। ভাড়াবাড়ির ভাড়া স্থগিত রাখা, ধনীদের ওপর কর বৃদ্ধি করে গণপরিবহন ও শহর পরিচালিত মুদি দোকান খোলার মতো উদ্যোগ ছিল তাঁর প্রতিশ্রুতির মূল।

তিনি প্রতিশ্রুতি দিয়েছেন "নিউইয়র্ক সিটিকে ধারাবাহিক উন্নতির যুগে" নিয়ে যাওয়ার। বিজয় ভাষণে মামদানি বলেন, "যে স্বপ্ন আমরা একসাথে দেখেছি, যে কথা আমরা একসাথে বলেছি, এখন সেটাই হবে আমাদের কর্মসূচি। নিউইয়র্ক, এই ক্ষমতা তোমাদের-এই শহর তোমাদেরই।"

৩৪ বছর বয়সে তিনি নিউইয়র্কের ইতিহাসে প্রথম মুসলিম মেয়র এবং অন্যতম কনিষ্ঠ নেতা হতে যাচ্ছেন। তবে সর্বকনিষ্ঠ ছিলেন হিউ জে. গ্রান্ট, যিনি ১৮৮৯ সালে ৩১ বছর বয়সে নির্বাচিত হয়েছিলেন।

উগান্ডায় জন্ম নেওয়া মামদানি সাত বছর বয়সে পরিবারসহ নিউইয়র্কে আসেন। ব্রঙ্কস হাই স্কুল অব সায়েন্স থেকে পড়াশোনা শেষে বোডয়েন কলেজে যান। ২০১৮ সালে তিনি মার্কিন নাগরিকত্ব লাভ করেন।

তাঁর বাবা মাহমুদ মামদানি একজন রাজনৈতিক বিশ্লেষক ও অধ্যাপক, মা মীরা নায়ার খ্যাতনামা চলচ্চিত্র নির্মাতা। মামদানি বর্তমানে কুইন্সে স্ত্রী শিল্পী রামা দুওয়াজির সঙ্গে বসবাস করেন। ২০২১ সাল থেকে তিনি নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলির সদস্য হিসেবে অ্যাস্টোরিয়া, অ্যাস্টোরিয়া হাইটস ও ডিটমার্স-স্টেইনওয়ে এলাকার প্রতিনিধিত্ব করে আসছেন।

মামদানি ঘোষণা দিয়েছেন-

শহরের ভাড়াবাড়ির ভাড়া স্থগিত থাকবে, শহরের প্রতিটি বরোতে পাবলিক মুদি দোকান খোলা হবে, ২ লক্ষ সাশ্রয়ী আবাসন নির্মাণ করা হবে এবং বাস সার্ভিস সম্পূর্ণ বিনামূল্যে করা হবে।

এই পরিকল্পনাগুলো বাস্তবায়নে তিনি কর্পোরেশন ও উচ্চ আয়ের নাগরিকদের ওপর ২ শতাংশ অতিরিক্ত কর আরোপের প্রস্তাব করেছেন। তবে এজন্য রাজ্য গভর্নর ক্যাথি হোকুল ও আইনসভার সহযোগিতা লাগবে।

তাঁর প্রচারণায় প্রগতিশীল নেতারা যেমন সেনেটর বার্নি স্যান্ডার্স ও কংগ্রেসওম্যান আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ উচ্ছ্বসিত সমর্থন দেন। শেষ দিকে হাউস সংখ্যালঘু নেতা হাকিম জেফ্রিজ ও গভর্নর হোকুলও তাঁকে সমর্থন জানান।

নির্বাচনী প্রচারণায় ইসরায়েল নিয়ে তাঁর অবস্থান বিতর্কের জন্ম দেয়। তিনি হামাসের ৭ অক্টোবরের হামলার নিন্দা জানালেও গাজায় ইসরায়েলের পাল্টা আক্রমণকে "গণহত্যা" বলে আখ্যা দেন। ইসরায়েল সরকার তাঁর বক্তব্যকে "লজ্জাজনক" বলে প্রতিক্রিয়া জানায়।

মামদানি বলেন,"আমি কোনো রাষ্ট্রের অস্তিত্বকে ধর্ম বা জাতির শ্রেণিবিন্যাসের ওপর নির্ভর করে বৈধ বলতে পারি না। আমি কখনো জিহাদ সমর্থনের কথা বলিনি। আমাকে ভুলভাবে অভিযুক্ত করা হয়েছে-শুধু আমি মুসলিম প্রার্থী বলেই।" ২০২০ সালে এনওয়াইপিডিকে "বর্ণবাদী" ও "জননিরাপত্তার হুমকি" বলার জন্য মামদানি পরে ক্ষমা চান। তিনি ব্যাখ্যা দেন,"আমরা এখন পুলিশকে অপরাধের পাশাপাশি মানসিক স্বাস্থ্য ও গৃহহীনতা সামলাতেও বলি। আমি সেই কর্মকর্তাদের প্রতি শ্রদ্ধা জানাই যারা প্রতিদিন জীবন বাজি রেখে কাজ করেন।"

তিনি বলেন, তিনি পুলিশ বিভাগ বিলুপ্ত করতে চান না, বরং এর কৌশলগত দিকগুলো সংস্কার করতে চান। সাম্প্রতিক সাক্ষাৎকারে তিনি জানান, বর্তমান পুলিশ কমিশনার জেসিকা টিশকে পদে রাখার পরিকল্পনাও আছে তাঁর।

জোহরান মামদানির বিজয় শুধু নিউইয়র্ক সিটির রাজনৈতিক মানচিত্র নয়, সমগ্র আমেরিকার প্রগতিশীল রাজনীতির জন্যও একটি নতুন অধ্যায়। তরুণ প্রজন্ম, অভিবাসী সম্প্রদায় ও শ্রমজীবী শ্রেণির ঐক্য এই নির্বাচনে নতুন বার্তা দিয়েছে-একটি

## তীরে এসে তরি ডুবলো ওয়েস্ট ইন্ডিজের

৫২ পৃষ্ঠার পর

ম্যাচটা নেমে আসে শেষ দুই ওভারে ৩০ রানে। জ্যাকব ডাফির করা ১৯তম ওভারে আসে ১৪ রান। শেষ ওভারে দরকার ১৬। খুব কঠিন মনে হচ্ছিল না। তবে কাইল জেমিসনের শেষ ওভারেও নাটক হলো। প্রথম তিন বলে দুই বাউন্ডারি, এর মধ্যে আবার নো-বল। ফ্রি হিটে আসলো মাত্র ১ রান। চতুর্থ বলে উইকেট। ১৬ বলে ১ চার আর ৬ ছক্কায় ৪৫ করে সোজা আকাশে ক্যাচ তুলে দিলেন রভম্যান পাওয়েল। শেষ দুই বলে দরকার ৬। নতুন ব্যাটার আকিল হোসেন নিলেন ১ রান। তখন বাউন্ডারি হলে টাই, ছক্কা হলে জয়। কিন্তু শেষ বলে স্ট্রাইকে নিতে পারলেন মাত্র ১ রান। ১৩ বলে দুটি করে চার-ছক্কায় ২৯ রানে অপরাজিতই রয়ে গেলেন শেফার্ড। লড়াই গেলো বিফলে।

এর আগে মার্ক চাপম্যান ২৮ বলে খেলেন ৭৮ রানের বিধ্বংসী ইনিংস। যাতে ছক্কার সংখ্যাই ৭টি! তার কল্যাণে ৫ উইকেটে ২০৭ রানের পাহাড় গড়ে কিউইরা। অকল্যান্ডে টস জিতে নিউজিল্যান্ডকে ব্যাটিংয়ে পাঠায় ওয়েস্ট ইন্ডিজ। ডেভন কনওয়েকে নিয়ে ভালো শুরু করেন টিম রবিনসন। উদ্বোধনী জুটিতে আসে ৪৩ বলে ৫৫ রান। যদিও কনওয়ে খেলেছেন ধীরগতিতে, ২৪ বলে ১৬ করে আউট হন তিনি। ২৫ বলে ৩৯ করেন রবিনসন। রাচিন রবীন্দ্র বেশিদূর এগোতে পারেননি। ১৫ বলে ১১ রানে থামে তার ইনিংস। তবে ব্যাটে ঝড় তোলেন মার্ক চাপম্যান। চার-ছক্কার বৃষ্টিতে ১৯ বলে ফিফটি তুলে নেন এই ব্যাটার। মাত্র ২৮ বলে ৬ চার আর ৭ ছক্কায় ৭৮ রানের বিধ্বংসী ইনিংস খেলেন চাপম্যান। শেষদিকে ড্যারিল মিচেল আর অধিনায়ক মিচেল স্যান্টনার ১৭ বলে গড়েন ৩৮ রানের অবিচ্ছিন্ন জুটি। মিচেল ১৪ বলে ২৮ আর স্যান্টনার ৮ বলে ১৮ রানে অপরাজিত থাকেন। ওয়েস্ট ইন্ডিজের রস্টন চেজ নেন দুটি উইকেট।

## সুরা ইখলাসের ফজিলত

২৫ পৃষ্ঠার পর

সাধ্যাতীত মনে করো?' এ প্রশ্ন তাদের জন্য কঠিন ছিল। এরপর তারা বলল, হে আল্লাহর রাসুল (সা.) আমাদের মধ্যে কার সাধ্য আছে যে এটি পারবে? তখন তিনি বললেন, 'কুলহু ওয়াল্লাহু আহাদ' অর্থাৎ সুরা ইখলাস কোরআনের তিন ভাগের এক ভাগ।' (বুখারি-৫০১৫) এ সম্পর্কে আরো একটি হাদিস। হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত- তিনি বলেন, রাসুল (সা.) বলেছেন, 'কুলহু ওয়াল্লাহু আহাদ' কোরআনের এক-তৃতীয়াংশের সমান।' (তিরমিজি-২৮৯৯) আল্লাহর ভালোবাসা লাভ : সহিহ বুখারির কিতাবুত তাওহিদে হজরত আয়েশা (রা.) থেকে বর্ণিত আছে- আল্লাহর রাসুল (সা.) এক সাহাবির নেতৃত্বে একদল সেনাবাহিনী প্রেরণ করলেন। তারা ফিরে এসে নবীজি (সা.)-কে বললেন, হে আল্লাহর রাসুল (সা.)! যাকে আপনি আমাদের নেতা মনোনীত করেছেন, তিনি প্রতি সালাতে কিরাতের শেষে সুরা ইখলাস পাঠ করতেন। রাসুল (সা.) তাদেরকে বললেন, 'সে কেন এমন করত তা কি তোমরা তাকে জিজ্ঞেস করেছ?' তাকে জিজ্ঞেস করা হলে তিনি উত্তরে বলেন, এ সুরায় আল্লাহর গুণাবলি বর্ণনা করা হয়েছে, এ কারণে এ সুরা পড়তে আমি খুব ভালোবাসি। এ কথা শুনে রাসুল (সা.) বললেন, 'তাকে জানিয়ে দাও, আল্লাহও তাকে ভালোবাসেন।' (ফাতহুল বারি-১৩/৩৬০)। সুরা ইখলাস পাঠে জান্নাত : আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত তিনি বলেন, একদা আমি রাসুলুল্লাহ (সা.)-এর সাথে আসছিলাম। তখন তিনি এক ব্যক্তিকে 'কুলহু ওয়াল্লাহু আহাদ, আল্লাহুস সামাদ' পাঠ করতে শুনলেন। রাসুলুল্লাহ (সা.) বললেন, 'ওয়াজিব (অবধারিত) হয়ে গেছে।' আমি প্রশ্ন করলাম, কী ওয়াজিব হয়ে গেছে? তিনি বললেন, 'জান্নাত'। (তিরমিজি-২৮৯৭)।

লেখক : শিক্ষার্থী, জামিয়া আরাবিয়া মাখযানুল উলুম, ময়মনসিংহ সদর।






# রোগ প্রতিরোধে যুদ্ধ করে দশ প্রকার খাদ্য

২০ পৃষ্ঠার পর

কার্যকারিতা বৃদ্ধি করে। এ তেলের মধ্যে ফ্যাটি অ্যাসিড থাকে। এরা রোগ প্রতিরোধে সহায়তা করে। * ম্যাগনেসিয়াম- টাটকা শাকসবজি, চীনাবাদাম, সামুদ্রিক খাদ্য ও শস্যজাতীয় খাবারে ম্যাগনেসিয়াম থাকে। এগুলো ইমিউনিটির কার্যকারিতা বৃদ্ধি করে।
* ভিটামিন 'ই' উদ্ভিজ্জাতীয় খাবার, শাকসবজি, ফলমূল, ভেজিটেবল তেলে পাওয়া যায়। শিম, শিমের বিচি, চীনাবাদাম ইত্যাদি। এছাড়া প্রাণিজ খাদ্য, ডিম, ডিমের কুসুম, মাছ, গোশত ও দুধে থাকে। এগুলো শ্বেত রক্তকণিকার কার্যক্ষমতা বৃদ্ধি করে।
* আমলকী, হরীতকী, পেঁপে, তরমুজ, বাঁধাকপি, টকজাতীয় লেবু, কমলালেবু, পেয়ারা ইত্যাদি। এগুলো কেমিক্যাল মেসেঞ্জার সাধার বৃদ্ধি করে। বিশেষ করে ইন্টারফেরন যা ইনফেকশনের প্রসেস প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
* জিংক- সবুজ শাকসবজি, ফলমূল, ডিম, গোশত, সেরিয়াল, চিংড়ি, সামুদ্রিক খাদ্যে জিংক প্রচুর পরিমাণে রয়েছে- যা হি রেডিক্যালের কার্যকারিতা বৃদ্ধিতে সাহায্য করে। জঞ্জাল কোষকে (জীবাণু ধ্বংস করার পর সেগুলোর মৃত্যু ঘটে) মুক্ত করতে সাহায্য করে। জিংক আমাদের শরীরের পুষ্টির জন্য একটি অতি প্রয়োজনীয় উপাদান। জিংক শরীরের বিভিন্ন এনজাইমের একটি অংশ এবং সব টিস্যুতেই এটি আছে।
* গ্রিন টি, শস্যজাতীয় খাদ্য, টাটকা শাকসবজি জাতীয় খাদ্যে ম্যাংগানিজ থাকে, যা কিলার ইমিউন সেলের কার্য বৃদ্ধিতে সহায়তা করে।
প্রতি দিন খেতে অভ্যাস করুন : আঁশযুক্ত খাবার, টাটকা সবুজ শাকসবজি, কলা, লেবু, টমেটো ও শসা, পেঁয়াজ, রসুন, কালিজিরা, সামুদ্রিক মাছ।
লেখক : বক্ষব্যাধি বিশেষজ্ঞ, ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ ও হাসপাতাল।

# উভয় জগতের সফলতা অর্জনে আত্মশুদ্ধি

২৫ পৃষ্ঠার পর

হাসিয়ার। আল্লাহর দরবারে একাগ্রচিত্তে কাকুতি-মিনতিসহ দোয়া করলে কবুল হয়। দোয়া সম্পর্কে রাসুল (সা.) বলেছেন, 'আল্লাহর কাছে বান্দার দোয়া অপেক্ষা অধিক মূল্যবান জিনিস আর কিছু নেই।' (জামে তিরমিজি) বান্দা আল্লাহর কাছে যত বেশি দোয়া করে, আল্লাহতায়ালা তাকে তত বেশি ভালোবাসেন এবং প্রার্থিত জিনিস দান করেন। আল্লাহতায়ালা নিজে তার বান্দাদের দোয়া করার নির্দেশ দিয়েছেন। কোরআন মাজিদে আল্লাহতায়ালা বলেন, 'তোমরা আমাকে ডাকো, আমি তোমাদের ডাকে সাড়া দেব।' (সুরা মুমিন ৬০) রাসুল (সা.) আত্মশুদ্ধির জন্য নিয়মিত দোয়া করতেন। তিনি দোয়ায় বলতেন, 'হে আল্লাহ! আমি আপনার কাছে পরিশুদ্ধ অন্তর কামনা করছি।' (মুসনাদে আহমদ) তিনি আরও দোয়া করতেন, 'হে অন্তর পরিবর্তনকারী! আমার অন্তরকে আপনার আনুগত্যে দৃঢ় করে দিন।' (মুসনাদে আহমদ)
আল্লাহকে ভয় করা : আল্লাহভীতি মুমিন জীবনের মূলভিত্তি। মহান আল্লাহ যেমন ক্ষমাশীল তেমনি কঠোর শাস্তিদাতা। তাই অন্তরে সর্বদা আল্লাহর ভয় ধারণ করতে হবে। পবিত্র কোরআনে আল্লাহতায়ালা ইরশাদ করেছেন, 'হে ইমানদাররা! তোমরা আল্লাহকে যথাযথ ভয় করো। আর মুসলমান না হয়ে কেউ মৃত্যুবরণ কোরো না।' (সুরা আলে ইমরান ১০২) এ আয়াত থেকে বোঝা যায় যে, আল্লাহকে যথার্থরূপে ভয় করতে হবে। আল্লাহভীতির আগুনে পুড়ে মানুষ যেমন প্রবৃত্তি ও কামনাকে ভস্মে পরিণত করতে পারে, তেমন আর কোনোভাবেই পারে না।
কোরআন তেলাওয়াত : কোরআন তেলাওয়াতের মাধ্যমে একজন বান্দার সঙ্গে মহান আল্লাহর কথোপকথন হয়। কোরআন মাজিদ মহান আল্লাহর পবিত্র বাণী। এটি মানুষের প্রতি আল্লাহতায়ালার এক বিশেষ নেয়ামত। কোরআন হলো নুর বা জ্যোতি। আত্মার খোরাক এই কোরআন মাজিদ। যার প্রতি হরফে হরফে নেকি রয়েছে। কোরআন তেলাওয়াতের মাধ্যমে মানুষের অন্তরের কালিমা দূর হয় এবং অন্তর প্রশান্ত হয়। রাসুল (সা.) বলেছেন, 'নিশ্চয়ই অন্তরেও মরিচা ধরে যেভাবে লোহায় পানি লাগলে মরিচা ধরে। বলা হলো, হে আল্লাহর রাসুল! এই মরিচা দূর করার উপায় কী? উত্তরে তিনি বলেন, মৃত্যুর কথা বেশি বেশি স্মরণ করা এবং কোরআন তেলাওয়াত করা।' (বায়হাকি)
জিকির করা : আল্লাহকে স্মরণ করার নাম জিকির। অন্তর ও জবান এই দুটি সব সময় আল্লাহর কাজে নিয়োজিত রাখাই জিকিরের উদ্দেশ্য। জিকির মানবাত্মার রোগ-ব্যাধি দূর করে অন্তরকে পরিশুদ্ধ করে। এ ব্যাপারে দিকনির্দেশনা দিয়ে রাসুল (সা.) ইরশাদ করেছেন, 'প্রত্যেক বস্তুকেই পরিষ্কার করার যন্ত্র আছে। আর আত্মাকে পরিষ্কার করার যন্ত্র হলো আল্লাহর জিকির।' (বায়হাকি) আল্লাহর জিকির হচ্ছে যাবতীয় ইবাদতের রুহ। তাই যত বেশি মহান আল্লাহর জিকিরে নিজেকে নিয়োজিত রাখা হবে অন্তর ততই পরিষ্কার হবে এবং অন্তরের রোগ-ব্যাধি দূর হবে। আল্লাহতায়ালা নিজেই মানুষকে বেশি বেশি জিকির করার নির্দেশ দিয়েছেন। পবিত্র কোরআনে আল্লাহতায়ালা ইরশাদ করেন, 'জেনে রাখো! আল্লাহর জিকির দ্বারাই অন্তর প্রশান্ত হয়।' (সুরা রাদ ২৮)
তওবা করা : তওবা আরবি শব্দ। এর অর্থ হলো সঠিক পথে ফিরে আসা, ক্ষমা প্রার্থনা করা, কৃতকর্মের জন্য লজ্জিত হওয়া এবং আন্তরিকভাবে অনুশোচনা করা। ইসলামি পরিভাষায় কোনো অন্যায় বা অপরাধমূলক কাজ হয়ে যাওয়ার পর অনুতপ্ত হয়ে সেই কাজের জন্য মহান প্রভুর কাছে ক্ষমা প্রার্থনা করা এবং সেই অন্যায় কাজ ছেড়ে দৃঢ়প্রতিজ্ঞ হয়ে ভালো পথে ফিরে আসাকে তওবা বলা হয়।
কোনো কোনো মনীষী বলেন, অনুতাপ ও অনুশোচনা সহকারে গুনাহ বর্জন করে আল্লাহর দিকে প্রত্যাবর্তন করাকে তওবা বলে। তওবার মাধ্যমে অন্তরের কালিমা দূর হয়।
অসহায়ের পাশে থাকা : গরিব, দুস্থ ও অসহায় মানুষের পাশে থাকলে অন্তর নরম হয়। সমাজের দুস্থ ও অসহায় মানুষকে সহায়তা দানের প্রতি ইসলাম অধিক গুরুত্ব আরোপ করেছে। সুযোগ হলে সাধ্যমতো তাদের সাহায্য-সহযোগিতা করা, খাবার খাওয়ানো এবং খোঁজখবর নেওয়া উচিত। এতে অন্তরের পরিশুদ্ধি অর্জিত হয়। পবিত্র কোরআনের বহু জায়গায় আল্লাহতায়ালা গরিব, অসহায় ও মিসকিনদের খাবার দান করার কথা বলেছেন। পবিত্র কোরআনে তিনি বলেন, 'আমি তাকে দুটি পথপ্রদর্শন করেছি। অতঃপর সে ধর্মের ঘাঁটিতে প্রবেশ করেনি। আপনি কি জানেন, সে ঘাঁটি কী? তা হচ্ছে দাসমুক্ত করা কিংবা দুর্ভিক্ষ ও সংকটের দিনে এতিম, আত্মীয়স্বজন ও ধুলি-ধূসরিত মিসকিনদের অন্নদান করা।' (সুরা বালাদ ১০-১৬) অভুক্ত ব্যক্তিকে আহার্য দেওয়ার ফজিলত বলতে গিয়ে রাসুল (সা.) বলেছেন, 'মানুষের কল্যাণ সংশ্লিষ্ট যত কাজ আছে, তার মধ্যে সর্বাপেক্ষা শ্রেষ্ঠ ও সর্বোত্তম হচ্ছে দরিদ্র ও ক্ষুধার্তকে খাবার দান করা।' (সহিহ বুখারি ১২)। আল্লাহই কিছু মানুষকে সম্পদ দিয়েছেন, আবার কিছু মানুষকে নিঃস্ব করেছেন। যাদের সম্পদ দেওয়া হয়েছে, তাদের সম্পদে অসহায় ও গরিব-মিসকিনদের হক রয়েছে। এ প্রসঙ্গে পবিত্র কোরআনে আল্লাহতায়ালা ইরশাদ করেছেন, 'তাদের ধন-সম্পদে ভিক্ষুক ও বঞ্চিতদের হক রয়েছে।'(সুরা জারিয়াত ১৯) সাহাবিরা যখন খাবার খেতেন সঙ্গে দুস্থজনকে নিয়ে খেতেন। পবিত্র কোরআনে আল্লাহতায়ালা এমন কাজের ভূয়সী প্রশংসা করে বলেছেন, 'আর তারা আল্লাহকে ভালোবেসে মিসকিন, এতিম ও বন্দিদের খাবার দান করে। তারা বলে শুধু আল্লাহর সন্তুষ্টির জন্য আমরা তোমাদের খাদ্য দান করেছি, তোমাদের কাছে আমরা এজন্য কোনো প্রতিদান চাই না এবং কোনো কৃতজ্ঞতাও না।' (সুরা দাহর ৮-৯)
অন্তরের কঠোরতা পরিহার : অন্তর কঠিন হওয়া মারাত্মক একটি রোগ। দীর্ঘ সময় মহান আল্লাহর স্মরণ থেকে দূরে থাকা এবং পাপকাজে লিপ্ত হওয়ার কারণে মানুষের অন্তর কঠিন হয়ে যায়। আল্লাহতায়ালা থেকে দূরত্ব যত বেশি সেই হৃদয়ের কাঠিন্য তত বেশি। অন্তর কঠিন হলে মানুষের হৃদয়ে আল্লাহভীতি নষ্ট হয়ে যায়। যাদের অন্তর কঠিন ও আল্লাহভীতি শূন্য তাদের সম্পর্কে আল্লাহতায়ালা বলেছেন, 'দুর্ভোগ সেই লোকদের জন্য, যাদের অন্তর আল্লাহর স্মরণের ব্যাপারে কঠোর, তারা স্পষ্ট বিভ্রান্তিতে রয়েছে।' (সুরা জুমার ২২) কোরআন অন্তরের কঠোরতা দূর করার মহৌষধ। কোরআন তেলাওয়াত যেমন হৃদয়ের কাঠিন্য দূর করে, তেমনি জীবনের পাপ-পঙ্কিলতাকে ধুয়ে মুছে সাফ করে দেয়। ফলে মানব হৃদয়ে আল্লাহভীতি জাগ্রত হয়। কাজেই আল্লাহতায়ালা আমাদের সবাইকে আত্মশুদ্ধির প্রকৃত পথ ও পদ্ধতি অনুসরণ করে আত্মশুদ্ধি অর্জনের মাধ্যমে ইহকালীন শান্তি ও পরকালীন মুক্তি লাভের তাওফিক দান করুন। আমিন।

# সয়াবিন ভিটামিন বি কমপ্লেক্সের স্টোরহাউস

২০ পৃষ্ঠার পর

গবেষণায় দেখা গেছে, প্রাণিজ প্রোটিনের পরিবর্তে সয়াবিন খেলে প্লাজমা কোলেস্টেরল কম থাকতে দেখা যায়। এদিকে সয়াবিন রক্তে লৌহ শোষণ কমায় বলে প্রতিদিনই ভিটামিন সি সমৃদ্ধ খাবার খাওয়া উচিত। সয়াবিনে আছে ভিটামিন ই ও সেলিনিয়াম নামক অ্যান্টিঅক্সিডেন্ট।
যা বার্ধক্যের গতি মন্থর করে। হজমে সাহায্যকারী এনজাইম ট্রিপসিনের কার্যকলাপ কিছুটা ব্যাহত করে বলে সয়াবিন ভালোভাবে সিদ্ধ করে খাওয়া উচিত।
সয়াবিন পাঁজিয়ে তৈরি করা হয় সয়াসস। তবে এটাতে লবণ বেশি থাকে বলে উচ্চরক্ত চাপে না খাওয়াই ভালো। এছাড়া সয়াবিন দিয়ে সয়ানাগেট, সয়াবিস্কুট, বেবিফুডও তৈরি করা হয়। আমাদের দেশে এর আরও চাষ হওয়া প্রয়োজন। এর আটা গমের আটার সঙ্গে মিশিয়ে রুটি বানানো যেতে পারে। অথবা সয়া চাল অথবা সয়াবিন দিয়ে খিচুড়ি করেও খাওয়া যায়।
লেখক : চিফ নিউট্রিশন অফিসার ও বিভাগীয় প্রধান (অব.), বারডেম। সভাপতি, ডায়াবেটিস নিউট্রিশনিস্ট সোসাইটি অব বাংলাদেশ, পপুলার ডায়াগনস্টিক সেন্টার, শ্যামলী ও আতাভাল হাসপাতাল, ঢাকা।

# সবচেয়ে মর্যাদা ও সম্মানের স্থান মক্কা-মদিনা

২৫ পৃষ্ঠার পর

পর্যন্ত তা সম্মানিত থাকবে।' (মুসলিম) বায়তুল্লাহ শরিফে পৃথিবীর সব মুসলমানের সমানভাবে প্রবেশাধিকার রয়েছে। এখানে ধনী-গরিব, কালো-সাদা, উঁচু-নিচু, ফকির-বাদশা, মালিক-শ্রমিক, পুরুষ ও নারীর প্রবেশের ক্ষেত্রে কোনো ভেদাভেদ নেই। যে ব্যক্তি আল্লাহকে একমাত্র রব ও মহানবী (সা.) কে তার রাসুল হিসেবে মেনে নেবে তিনিই হেরেমে প্রবেশের অধিকার লাভ করবেন। এ মর্মে সুরা হজের ২৫ আয়াতে এরশাদ হয়েছে, 'যারা কুফরি করেছে এবং আল্লাহর পথে চলতে বাধা দিচ্ছে এবং মসজিদে হারামে যাবার পথে বাধা হয়ে দাঁড়িয়েছে, যে মসজিদে হারামকে আমি সব মানুষের জন্য তৈরি করেছি এবং যেখানে স্থানীয় ও বহিরাগত লোকের অধিকার সমান, তাদের আচরণ নিশ্চিতভাবেই শাস্তি প্রদানের মতো আচরণ, যারা এতে (মসজিদে হারামে) সত্যপথ থেকে বিচ্যুত হয়ে জুলুমের পথ ধরবে, আমি তাকে কঠিন শাস্তির আস্বাদ গ্রহণ করাব।' মক্কা শুধু মানুষের জন্য নিরাপদ নয়, এটা প্রতিটি প্রাণীর জন্যই নিরাপদ, কেবলমাত্র মানুষকে কষ্ট দেয় এমন পাঁচটি জীব ব্যতিরেকে। এ প্রসঙ্গে রাসুলে পাক (সা.) বলেন- হেরেমে কাক, চিল, ইঁদুর, বিচ্ছু ও ক্ষেপা কুকুর এ পাঁচ প্রকারের জন্তুকে কেউ হত্যা করলে কোনো দোষ নেই। -সহিহ বোখারি : ১৬৬৬ এ হেরেমের সম্মানিত হবার মূল কারণ হলো- আল্লাহর ঘর যেখানে অবস্থিত সেখানে তার হুকুম বাস্তবায়নের কেন্দ্র হবে এবং সেখানে যেমন যাবতীয় অবৈধ কার্যক্রম নিষিদ্ধ থাকবে তেমনি এখান থেকে একমাত্র আল্লাহর হুকুম বাস্তবায়নের প্রশিক্ষণ ও দীক্ষা তার বান্দাগণ লাভ করে তা বিশ্বময় প্রচার প্রসারে ভূমিকা গ্রহণ করবে। রাসুলে পাক (সা.) আল্লাহর দেয়া সে দায়িত্ব পালন করতে গিয়ে অবর্ণনীয় জুলুমনির্যাতন সহ্য করেও শেষ পর্যন্ত জন্মভূমি মক্কা ত্যাগ করে মদিনায় স্বীয় কর্মকেন্দ্র স্থাপনের মাধ্যমে আল্লাহ কর্তৃক অর্পিত দায়িত্ব সুসম্পন্ন করেন। যে জায়গাটি আল্লাহর বিধান বাস্তবায়নের কর্মকেন্দ্র হয় তার মর্যাদা যে পৃথিবীর সকল স্থানের চেয়ে উত্তম হবে সেটাই তো স্বাভাবিক। এ দিক দিয়ে বিচার করলে দেখা যায় মদিনার মর্যাদাকে আল্লাহতায়ালা অনেক বাড়িয়ে দিয়েছেন। এ মর্মে রাসুলে পাক (সা.)-এর একটি হাদিস এভাবে এসেছে, 'হজরত আবদুল্লাহ ইবনে যায়েদ (রা.) থেকে বর্ণিত, রাসুলে পাক (সা.) বলেছেন, হজরত ইবরাহিম (আ.) মক্কাকে সম্মানিত ঘোষণা করেছিলেন এবং এর জন্য দোয়া করেছিলেন, সুতরাং হজরত ইবরাহিম (আ.) যেমন মক্কাকে সম্মানিত ঘোষণা করেছিলেন আমিও অনুরূপ মদিনাকে সম্মানিত ঘোষণা করলাম এবং মুদ ও সায়ের জন্য দোয়া করলাম যেমন হজরত ইবরাহিম (আ.) মক্কার জন্য করেছিলেন।' (সহিহ বোখারি : ১৯৮১) নির্ভরযোগ্য হাদিসের বর্ণনা থেকে জানা যায়, কেয়ামতের আগ মুহূর্তে দাজ্জালের ফেতনা থেকেও এ দুই নগরী মুক্ত থাকবে। ওই সময় ফেরেশতারা এই দুই নগরীর পাহারায় নিয়োজিত থাকবেন, ফলে দাজ্জাল সেখানে প্রবেশ করতে পারবে না। অন্য দিকে রাসুলে পাক (সা.) মদিনার মর্যাদা ঘোষণা করে বলেন- 'শুধু তিনটি মসজিদের উদ্দেশে সফর করা যাবে- আমার মসজিদ (মদিনার মসজিদে নববি), মক্কার মসজিদে হারাম এবং মসজিদে আকসা (জেরুজালেম)।' (মুসলিম)। রাসুলে পাক (সা.) বলেন, 'আমার এ মসজিদে নামাজ আদায় অন্য মসজিদের হাজার নামাজের চেয়েও উত্তম। তবে মক্কার মসজিদে হারাম ছাড়া। কেননা, মক্কার মসজিদে হারামে নামাজ আদায় অন্য মসজিদের লক্ষ নামাজের চেয়ে উত্তম।' (মুসনাদে আহমদ) আল্লাহ তায়ালা আমাদের সবাইকে মক্কা ও মদীনার প্রতি যথাযথ সম্মান দেখানোর মাধ্যমে দুনিয়া ও আখেরাতে কল্যাণ ও সফলতা লাভের তাওফিক দান করুন। আমিন।

# মহানবী (সা.)-এর যে ভাষণ শুনে অশ্রুসিক্ত হয়েছিল সাহাবিদের চোখ

২৫ পৃষ্ঠার পর

মসজিদ-ই-নববীতে মিম্বার তৈরির আগে খেজুরগাছের গুঁড়ির ওপর দাঁড়িয়ে ভাষণ দিয়েছেন। (সহিহ বুখারি, হাদিস : ৮৭২, জামে তিরমিজি, হাদিস : ৫০৫)। এক নারী সাহাবির সহায়তায় মিম্বার তৈরি হলে সেখানে দাঁড়িয়ে মুহাম্মদ (সা.) ভাষণ দিয়েছেন। (সহিহ বুখারি, হাদিস : ৯১৭)। এ ছাড়া তিনি যুদ্ধের ময়দানে ও সমতল ভূমিতে ভাষণ দিয়েছেন। তবে সবাই যেন তাঁর ভাষণ শুনতে পায় এবং তাঁকে দেখতে পায় সেদিকে বিশেষ লক্ষ রাখতেন। শ্রোতাদের প্রতি দৃষ্টি বিনিময় করতেন।
গুরুত্বপূর্ণ কথা বলার ধরন : নবী করিম (সা.) ভাষণের ক্ষেত্রে অত্যন্ত সহজ-সরল বাক্য ব্যবহার করতেন। স্পষ্ট ও সুবোধ্য ভাষা পরিহার করতেন। প্রতিটি গুরুত্বপূর্ণ কথা ও প্রশ্নোত্তর পর্ব দু-তিনবারে শেষ করতেন। আনাস (রা.) বলেন, নবী (সা.) যখন কোনো কথা বলতেন তখন তা বুঝে নেওয়ার জন্য তিনবার বলতেন। আর যখন কোনো গোত্রের কাছে এসে সালাম দিতেন, তাদের প্রতি তিনবার সালাম দিতেন। (সহিহ বুখারি, হাদিস : ৯৫)।
ভাষণের দারুণ কৌশল : রাসুল (সা.)-এর ভাষণের শব্দগুলো সংক্ষিপ্ত হলেও ব্যাপক অর্থবহ, মর্মস্পর্শী ও তাৎপর্যপূর্ণ ছিল। যা শুনে বিবেকের দুয়ার খুলে যেত। হিদায়াতের নুরে হৃদয় আলোকিত হতো। তিনি ভাষণের মধ্যে প্রায় সময় প্রশ্ন করতেন। শ্রোতারা সচেতন ও সক্রিয় হয়ে উঠত। সাহাবায়ে কেরাম বেশির ভাগ সময় জবাব না দিয়ে আদবের সঙ্গে বলতেন, আল্লাহ ও তাঁর রাসুল ভালো জানেন। তাঁর কণ্ঠে বলিষ্ঠ কথা ছোট-বড় সবাই মন্ত্রমুগ্ধের মতো শুনতেন। সাধারণত মসজিদের ভাষণ প্রদানের সময় তিনি হাতে লাঠি রাখতেন। কখনো তার ওপর ভর দিয়ে দাঁড়াতেন। আরো প্রয়োজনমতো বিভিন্ন অঙ্গভঙ্গি করার কথাও হাদিসে বর্ণিত হয়েছে।
সংক্ষিপ্ত ভাষণের রীতিঃ রাসুলুল্লাহ (সা.) সংক্ষিপ্ত ভাষণ দিতে পছন্দ করতেন। জীবনের বেশির ভাগ সময় সংক্ষিপ্ত ভাষণ দিয়েছেন। ঐতিহাসিক বিদায় হজের ভাষণ ছিল কিছুটা দীর্ঘ। এমন আরো কয়েকটি দীর্ঘ ভাষণ আছে। তবে সেগুলো বেশি দীর্ঘ নয়। আবু ওয়াইল (রহ.) বলেন, আম্মার (রা.) আমাদের উদ্দেশে সংক্ষিপ্ত ও সারগর্ভ খুতবা প্রদান করলেন। তিনি যখন মিম্বার থেকে নেমে এলেন, তখন আমরা বললাম, হে আবুল ইয়াকজান! আপনি অত্যন্ত সংক্ষিপ্ত ও সারগর্ভ খুতবা দিয়েছেন। যদি কিছুটা দীর্ঘ করতেন আরো ভালো হতো। তখন তিনি বলেন, আমি রাসুলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি যে নামাজকে দীর্ঘ ও খুতবাকে সংক্ষিপ্ত করা মানুষের জ্ঞানবুদ্ধির পরিচায়ক। সুতরাং নামাজকে দীর্ঘ ও খুতবাকে সংক্ষিপ্ত করো। কোনো কোনো বয়ান অনেক সময় জাদুর মতো হয়ে থাকে। (সহিহ মুসলিম, হাদিস : ১৮৮২)
জুমার খুতবার পদ্ধতি : আল্লাহর রাসুল (সা.) যখন জুমার খুতবা দিতেন প্রথমে হামদ ও সানা পেশ করতেন। তারপর বক্তব্য দিতেন। জাবের ইবনে আব্দুল্লাহ (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) যখন খুতবা দিতেন তখন তাঁর চক্ষুদ্বয় রক্তিমবর্ণ হতো। স্বর উঁচু হতো এবং কঠোর রাগ প্রকাশ পেত। মনে হতো, তিনি যেন আক্রমণকারী বাহিনী সম্পর্কে সতর্ক করছেন। বলতেন, তারা তোমাদের সকালে আক্রমণ করবে এবং বিকেলে আক্রমণ করবে। তিনি বলতেন, আমি এমন অবস্থায় প্রেরিত হয়েছি যে আমি ও কিয়ামত এ দুটির মতো এবং মধ্যমা ও শাহাদাত অঙ্গুলি মিলিয়ে দেখাতেন। তিনি বলতেন, উত্তম বাণী হলো আল্লাহ তায়ালার কিতাব এবং সর্বোত্তম আদর্শ হলো মুহাম্মদের আদর্শ। নিকৃষ্ট বিষয় হলো বিদআত। সব বিদআত হলো পথভ্রষ্টতা। (সহিহ মুসলিম, হাদিস : ১৮৭৮)।
জ্বালাময়ী ভাষণ : রাসুলুল্লাহ (সা.) মাঝেমধ্যে এমন জ্বালাময়ী ভাষণ দিতেন, যা শুনে মানুষের অন্তর মোমের মতো গলে যেত। চোখ দিয়ে প্রবাহিত হতো অশ্রুর ফোয়ারা। ইবনে হাজার (রহ.) বলেন, একবার ইরবাজ ইবনে সারিয়া (রা.) আমাদের আবেদনের পরিপ্রেক্ষিতে বলেন, একদা রাসুলুল্লাহ (সা.) আমাদের সঙ্গে নামাজ আদায়ের পর আমাদের দিকে ফিরে একটি গুরুত্বপূর্ণ ভাষণ দেন। যাতে আমাদের চোখ অশ্রু ভারাক্রান্ত হয়। অন্তর ভীতসন্ত্রস্ত হয়। আমাদের মধ্যে একজন বলল, হে আল্লাহর রাসুল! মনে হচ্ছে, এ আপনার বিদায়ি ভাষণ। কাজেই আপনি আমাদের আরো কিছু অসিয়ত পেশ করুন। তখন তিনি বলেন, আমি তোমাদের তাকওয়া অবলম্বনের জন্য বলছি এবং শোনা ও মানার জন্যও। যদিও তোমাদের আমির হাবশি গোলাম হয়। কেননা তোমাদের মাঝে যারা আমার পরে জীবিত থাকবে, তারা বহু মতভেদ দেখতে পাবে। এমতাবস্থায় তোমাদের উচিত হবে আমার ও আমার খোলাফায়ে রাশেদার সুন্নতের অনুসরণ করা; যাঁরা সত্য ও ন্যায়ের অনুসারী। তোমরা তাঁদের দৃঢ়ভাবে অনুসরণ করবে। তোমরা বিদআতের অনুসরণ ও অনুকরণ করা থেকে দূরে থাকবে। কেননা প্রতিটি নতুন কথাই বিদআত এবং প্রতিটি বিদআত গুমরাহি। (আবু দাউদ, হাদিস : ৪৬০৭)।
ভাষণ থেকে শিক্ষা : আল্লাহর রাসুল (সা.) সর্বদা উম্মত নিয়ে ফিকির করতেন। তাদের মঙ্গল, কল্যাণ ও দুনিয়া-আখিরাতের মুক্তির সামগ্রিক বিষয় নিয়ে পেরেশান ছিলেন। মুক্তার চেয়ে দামি তাঁর প্রতিটি কথায় তা স্পষ্ট। তিনি কখনো ভাষণের মধ্যে কাউকে নিয়ে উপহাস করতেন না। কারো গিবত চর্চা করতেন না। মুক্তর সুভাষণ ছিল তাঁর স্বতন্ত্র বৈশিষ্ট্য। মহানবী (সা.)-এর ভাষণ থেকে সবার শিক্ষা নেওয়া প্রয়োজন।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

# ইতিহাস গড়লেন মামদানি

১ পৃষ্ঠার পর

মহানায়কের আসনে অধিষ্ঠিত। সোশ্যাল মিডিয়ায় নানা অপপ্রচার, মামদানির ধর্মীয় পরিচয় নিয়ে নানা ট্রল করেও তাঁর ঐতিহাসিক বিজয় ঠেকানো যায়নি। 'হেমিলনের বাঁশিওয়ালা'র মতোই মানুষ তাঁর ডাকে ঘর ছেড়ে, কাজ ছেড়ে ছুটে গেছেন, পাশে দাঁড়িয়েছেন। ছাত্র, জনতা, পেশাজীবী এবং সাধারণ নিউইয়র্কবাসি নিজেদের ভালোবাসা উজার করে দিয়েছেন মামদানির জন্য। নিউইয়র্কের ইতিহাসে এবারই প্রথম আগাম ভোট পড়েছে ৭ লাখ ৩৫ হাজার ৩১৭টি। জানা যায়, মোট ভোট পড়েছে ২০ লাখ। নির্বাচনে ৩৪ বছর বয়স্ক জোহরান মামদানি ৫০.৪ শতাংশ ভোট পেয়ে বিজয়ি হয়েছেন। অন্যদিকে ৬৭ বছর বয়সী অ্যান্ড্রু কুমো অর্জন করেন ৪০.৬ শতাংশ ভোট এবং রিপাবলিকান স্লিওয়া পেয়েছেন ৭.১ শতাংশ ভোট। শুরুতে ডেমোক্রেটিক সোশ্যালিস্ট মামদানিকে তাঁর দলে একজন প্রান্তিক পর্যায়ের প্রার্থী হিসেবে গণ্য করা হতো। কিন্তু নিউইয়র্কে প্রচলিত ধারার রাজনীতিবিদদের চিন্তাধারা, কথা, শিক্ষার তরুণ প্রজন্মের কাছে গুরুত্ব হারিয়েছিল অনেক আগেই। তরুণ সমাজ নতুন কোন যাদুকরি ডাকের অপেক্ষায় ছিলেন। অনেকটা হঠাৎ করেই মামদানির আবির্ভাব হলো। নানা ভাষায় পারদর্শী মামদানি ব্যতিক্রমভাবে কথা বলা শুরু করলেন। তিনি নগরবাসিকে ভালোবাসার ডাক দিলেন। নিজেদের অধিকারের পক্ষে আওয়াজ তোললেন। তাতেই তরুণ ভোটাররা এগিয়ে আসতে শুরু করে। ছোট ছোট আলোচনা অনুষ্ঠান সমাবেশে রূপ নিতে শুরু করলো। তাঁর মুসলিম পরিচয়, নম্রতা ও নিষ্ঠার কারণে ভোটারদের কাছে আলাদা গুরুত্ব বহন করতে শুরু করছিল। অল্প দিনেই জোহরান মামদানি জাতীয় পর্যায়ের আলোচিত নেতা হিসেবে গণ্য হতে থাকেন। গত জুন মাসের দলীয় নির্বাচনে তিনি অপ্রত্যাশিতভাবে বিজয়ী হয়ে অনেককে চ্যালেঞ্জে ফেলে দেন।

মামদানি আশাবাদি ছিলেন- আগেরবারের মতো এবারও তরুণ ভোটাররা তাঁর পাশে থাকবেন। তবে শুধু নিউইয়র্কের মধ্যেই নয়, জীবনযাত্রার ক্রমবর্ধমান ব্যয় মোকাবিলার তাঁর অঙ্গীকার পুরো দেশের তরুণ প্রজন্মের মধ্যেও সাড়া ফেলেছে। অনেক জেনজি ও মিলেনিয়ালস প্রজন্মের মানুষ বলেছেন, মামদানির জন্য তারা ছিলেন নিবেদিত। অন্য প্রার্থীরা এভাবে সাড়া জাগাতে পারেননি। নির্বাচনে তাঁর প্রচার প্রচারণা, মিডিয়া টিম ছিল অত্যন্ত সক্রিয়।

মামদানির প্রচারণায় প্রগতিশীল নেতারা যেমন সেনেটর বার্নি স্যান্ডার্স, কংগ্রেসওম্যান আলেকজান্ড্রিয়া ওকাসিও কর্টেজ উচ্ছ্বসিতভাবে পাশে এসে, মঞ্চে উঠে জনতার সামনে সমর্থন দেন। শেষ দিকে সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা, হাউস সংখ্যালঘু নেতা হাকিম জেফ্রিজ এবং নিউইয়র্কের গভর্নর ক্যাথি হোকুল তাঁকে সমর্থন জানিয়েছেন।

নির্বাচনের ফলাফল ঘোষণার পর প্রতিদ্বন্দ্বি প্রার্থী কুমো এক বার্তায় মামদানিকে অভিনন্দন জানান। ওইদিন রাতেই ব্রুকলিনে আয়োজিত এক বিজয় ভাষণে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মন্তব্যের ব্যাপারে রীতিমত পাল্টা জবাব দেন নবনির্বাচিত মামদানি। তাঁর ভাষণ সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়ে যায়। মামদানি তাঁর এই জয়কে পরিবর্তনের ম্যান্ডেট হিসেবে ঘোষণা করেন। ব্রুকলিন প্যারামাউন্টে উপস্থিত সমর্থকদের মাঝে তিনি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ইঙ্গিত করে ভলিউম বাড়ানোর কথা বলে রীতিমতো চাঞ্চল্যকর পরিস্থিতি তৈরি করেন। তাঁর এ বক্তব্যের পর পুরো এলাকা করতালিতে মুখরিত হয়ে ওঠে। জোহরান মামদানি বিজয় সমাবেশে বলেন, আজ আমরা স্পষ্ট কণ্ঠে বলেছি, আশা বেঁচে আছে। এটি এমন এক যুগ হবে, যেখানে নিউইয়র্কের বাসিন্দারা তাদের নেতাদের কাছে আরও সাহসী ভূমিকা প্রত্যাশা করবেন। রাজনৈতিক অন্ধকারের এই মুহূর্তে, নিউইয়র্ক আলোর প্রদীপ হবে বলেও ভাষণে দৃঢ়তার সাথে উচ্চারণ করেন মামদানি।

মামদানি বলেন, কোনো স্বৈরশাসককে হারানোর একমাত্র উপায় হলো সেই ব্যবস্থাকে ভেঙে ফেলা, যা তাকে ক্ষমতায় যেতে সাহায্য করেছে। মামদানির এ ভাষণ চলাকালীনই ট্রাম্প নিজের ট্রুথ সোশ্যাল অ্যাকাউন্টে লেখেন, ...এবং শুরু হলো! মেয়র নির্বাচিত হয়েই প্রথম ভাষণে মামদানি তাঁর প্রশাসনের এজেন্ডা ঘোষণা করেন। তিনি বলেন, তার প্রশাসন জমি ও বাড়ির মালিকদের জবাবদিহিতার আওতায় আনবে, যারা নিউইয়র্কে যাচ্ছেতাই ভাড়াটিয়াদের শোষণ করে চলেছেন। তিনি শ্রমিক ইউনিয়নের পাশে থাকার এবং তাদের অধিকার নিয়ে কাজ করার অঙ্গীকার করেন। তিনি বলেন,' নিউইয়র্ক থাকবে অভিবাসীদের শহর হিসেবে।' দায়িত্ব গ্রহণের প্রস্তুতি হিসেবে মামদানি তাঁর প্রশাসন ঢেলে সাজানোর উদ্যোগ নিয়েছেন বলে জানা যায়।




# 'আজকাল' সম্পাদকের শুভেচ্ছা

১ পৃষ্ঠার পর

আহবায়ক এবং বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ এক বিবৃতিতে নিউইয়র্ক সিটির নির্বাচিত মেয়র জোহরান মামদানির ঐতিহাসিক বিজয়ে তাঁকে উষ্ণ ও প্রাণঢালা অভিনন্দন জানিয়েছেন।

বাংলাদেশি কমিউনিটি আগামীতে জোহরান মামদানির নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নে পাশে থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

শাহ নেওয়াজ গ্রুপের ভাইস প্রেসিডেন্ট রানো নেওয়াজ এক বিবৃতিতে জোহরান মামদানির সাফল্য কামনা করে তাঁকে অভিনন্দন জানিয়েছেন।

# বিপুল ভোটে বিজয়ী সোমা সায়ীদ

১ পৃষ্ঠার পর

প্রার্থী হিসেবে বিপুল ভোটে জয়লাভ করেছেন। তিনি নিউইয়র্কের ডিস্ট্রিক্ট-১১ থেকে এই পদে নির্বাচন করেন। তার প্রাপ্ত



ভোট ২৫৫,১২৩। এর আগে তিনি কুইন্স ডিস্ট্রিক্টের সিভিল কোর্টের বিচারক পদে দায়িত্ব পালন করছিলেন। সুপ্রিম কোর্টের বিচারক পদে জয়ের মধ্য দিয়ে তিনি নতুন ইতিহাস গড়লেন। কারণ কুইন্সে তিনিই প্রথম বাংলাদেশি, প্রথম মহিলা সাউথ এশিয়ান এবং প্রথম মুসলিম নারী, যিনি বিচারক নির্বাচিত হলেন। জয়ী হয়ে তিনি বাংলাদেশি কমিউনিটির মুখ উজ্জ্বল করেছেন। তার এই জয়ে বাংলাদেশি কমিউনিটির মানুষ ভীষণ আনন্দিত। সবাই তাকে শুভেচ্ছা জানাচ্ছেন।

সোমা সায়ীদ বিজয়ের পর তাৎক্ষণিক এক প্রতিক্রিয়ায় বলেন, এই জয় আমার একার নয়, এই জয় পুরো বাংলাদেশি কমিউনিটির। জয়ের পেছনে অবদান রাখায় তিনি ভোটার, তার সমর্থক ও শুভাকাঙ্ক্ষীদের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন। কেবল বাংলাদেশি কমিউনিটি নয়, অন্যান্য কমিউনিটির ভোটাররাও তাকে ভোট দিয়েছেন। তাই তিনি সকলের প্রতিও কৃতজ্ঞতা জানিয়েছেন।

সোমা সায়ীদ কুইন্স কাউন্টির জজ নির্বাচিত হওয়ার আগে বিশেষজ্ঞ প্রসিকিউটর এবং প্রাইভেট প্র্যাকটিশনার অ্যাট কমিউনিটি ও প্রোবনো বিশেষজ্ঞ হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি আলবেনি ল' স্কুল থেকে আইন বিষয়ে জুরিস ডক্টরেট ডিগ্রি লাভ করেন। এর আগে তিনি নিউইয়র্ক সিটি ইউনিভার্সিটির সিটি কলেজ থেকে ব্যাচেলর ডিগ্রি অর্জন করেন। তিনি নিউইয়র্ক সিটির পাবলিক স্কুলে ছোটবেলার শিক্ষাজীবন কাটিয়েছেন। হাইস্কুলও ছিল সিটির পাবলিক স্কুল।

তিনি একাধিক লিডারশিপ পদে দায়িত্ব পালন করেছেন। বিভিন্ন অ্যাসোসিয়েশনের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। তিনি নিউইয়র্ক এশিয়ান আমেরিকান জজ অ্যাসোসিয়েশনের বোর্ড মেম্বার হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি প্রথম সাউথ এশিয়ান ও মুসলিম প্রেসিডেন্ট হিসেবে কুইন্স কাউন্টি ওমেন্স বারের দায়িত্ব পালন করেছেন। সোমা সায়ীদ ছোট বেলায় তার পরিবারের সাথে টাঙ্গাইল থেকে যুক্তরাষ্ট্রে আসেন।

# ব্রুকলিনে শাহানার রেকর্ড ভোটে বিজয়



১ পৃষ্ঠার পর

বাংলাদেশি শাহানা হানিফ। চট্টগ্রামের নাজিরহাটের পূর্ব ফরহাদাবাদের মেয়ে শাহানা ব্রুকলিনে ইতিহাস গড়লেন এবার। গত ৪ নভেম্বর মঙ্গলবার অনুষ্ঠিত নিউইয়র্ক সিটির নির্বাচনে শাহানা হানিফ ৫১৬৫৩ ভোট পেয়ে রেকর্ড গড়লেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কনজারভেটিভ পার্টির ব্রেট উইনকুপ পেয়েছেন ৫২১৮ ভোট। শাহানা প্রথম কোন মুসলিম নারী হিসেবে নিউইয়র্ক সিটির কাউন্সিলর হিসেবে ২০২১ সালে প্রথম নির্বাচিত হয়েছিলেন। তার এই বিশাল ব্যবধানে জয়লাভ জনগণের আস্থা, ভালোবাসা এবং প্রতিনিধিত্বের প্রতিশ্রুতি তাকে নিয়ে গেছে এক অনন্য উচ্চতায়। সিটির কেনসিংটন, পার্ক স্লোপ, কবল হ্যামেল হিলসহ বৃহত্তর ব্রুকলিন এলাকার বাসিন্দাদের নিয়ে তার নির্বাচনি এলাকা গঠিত। এই ডিস্ট্রিক্টে শাহানার কাজ ছিল বহুমুখী পার্ক ও রাস্তার উন্নয়ন থেকে শুরু করে স্কুল অবকাঠামো, পরিবেশ বান্ধব প্রকল্প, স্বাস্থ্য ও অভিবাসন অধিকার সুরক্ষায় আইন প্রণয়ন। তার উদ্যোগে পাস হয়েছে 'ইমিগ্র্যান্ট ওয়ার্কার প্রোটেকশন অ্যাক্ট', গর্ভপাত অধিকার সুরক্ষা আইন এবং সুপার নজরদারি বৃদ্ধি সম্পর্কিত বিল। বিজয়ি হবার পর তিনি বলেন, এই জয় শুধু আমার নয়- এটি আমাদের পুরো কমিউনিটির। এই বিজয়ে প্রমাণ হয়েছে, বৈচিত্র ও মর্যাদার সঙ্গে নেতৃত্ব দেওয়া সম্ভব এবং আমাদের কণ্ঠ চিরকাল প্রাসঙ্গিক থাকবে। শাহানা হানিফ যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা মোহাম্মদ হানিফের কন্যা।



# বাংলাদেশ সোসাইটির জমকালো সুবর্ণ জয়ন্তী উৎসব

১ পৃষ্ঠার পর

মঞ্চে ব্যক্তির হন ৫০ বছর ধরে সোসাইটিকে নেতৃত্ব সাবেক নেতৃবৃন্দ। পুরনো ও নতুন প্রজন্মের এক হাজারের বেশি প্রবাসী বাংলাদেশির স্বতঃস্ফূর্ত উপস্থিতি অনুষ্ঠানস্থল প্রবাসীদের মিলনমেলায় পরিণত। ৫০ বছরপূর্তি অনুষ্ঠানের অপরূপ সাজসজ্জা, সুন্দর ও তথ্যবহুল স্মরণিকা প্রকাশ, বিশিষ্টজনকে এওয়ার্ড প্রদান, নতুন প্রজন্মের অনুভূতি, মনোরম নৃত্য, শ্রুতিমধুর দেশীয় সংগীত পরিবেশনাসহ নানা আয়োজনে বাংলাদেশিদের মনে দাগ কাটে এ মনোমুগ্ধকর অনুষ্ঠান।

অনুষ্ঠানের শুরুতে ছিল পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়। পরে বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশন এবং বায়ান্নর ভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধসহ সব আন্দোলনের শহীদদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়। এছাড়া এই সংগঠনের প্রয়াত সব নেতৃবৃন্দ ও সদস্যদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়া করা হয়।

'আমি বাংলায় গান গাই'র সাথে উদ্বোধনী নৃত্য পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। এ পর্যায়ে স্বাগত বক্তব্য রাখেন সুবর্ণ জয়ন্তী উৎসবের আহবায়ক এবং বাংলাদেশ সোসাইটির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মহিউদ্দিন দেওয়ান। এরপর প্রবাসে বাংলাদেশের ঐক্য, সংস্কৃতি ও কমিউনিটির উন্নয়নে অবদানের জন্য জন ৬ গুণী ব্যক্তি ও সংগঠনকে 'সোসাইটির অ্যাওয়ার্ড' প্রদান করা হয়। এর মধ্যে রয়েছে- সাংবাদিকতায় সৈয়দ মুহাম্মদ উল্লাহ, সমাজকর্মে জীবন উৎসর্গ করা কামাল আহমেদ (তার কন্যা রুমানা আহমেদ অ্যাওয়ার্ড গ্রহণ করেন), ক্রীড়া ব্যক্তিত্ব সাইদুর রহমান ডন, সাংস্কৃতিক সংগঠক সেলিমা আশরাফ, শিক্ষা বিস্তারে মোশাররফ হোসেন খান চৌধুরী, সংগঠক কাজী আজহারুল হক মিলন এবং বাংলাদেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠির সন্তানদের টেকনিক্যাল শিক্ষায় শিক্ষিত করতে ২৫ বছর যাবত কর্মরত 'দ্য অপ্টিমিস্টস'।

এরপর নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার জেনিফার রাজকুমার কমিউনিটি সার্ভিসে অবদানের জন্যে বাংলাদেশ সোসাইটি এবং এর শীর্ষ নেতৃত্বকে বিশেষ সম্মাননা স্মারক প্রদান করেন। কুইন্স বরো প্রেসিডেন্টের অফিস থেকেও সাইটেশন প্রদান করা হয়। এ সময় বিপুল করতালির মাধ্যমে সংগঠনের কাজের স্বীকৃতি উদযাপন করেন সদস্যরা।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহনেওয়াজ বলেন, অর্ধ শতাব্দীর পথ পরিক্রমায় বাংলাদেশ সোসাইটি অনন্য অবস্থানে পৌঁছেছে, যা সবার গর্ব এবং ভালোবাসার প্রতীকে পরিণত হয়েছে। যা প্রবাসীদের সম্মিলিত প্রচেষ্টার অংশ।

নতুন প্রজন্মের অনুভূতি প্রকাশ পর্ব ছিল অনন্য। অনুভূতি প্রকাশ করেন। তাদের মধ্যে ছিলেন হার্ভার্ড থেকে গ্র্যাজুয়েট নাফিরা মেহেদি এবং ভিক্টর ঘোষ, সেন্ট জোন্স ইউনিভার্সিটি থেকে ব্যবসা-প্রশাসনে উচ্চতর ডিগ্রি অ হাড়াও যুক্তরাষ্ট্র সেনাবাহিনীর লেফটেন্যান্ট হিসেবে গ্র্যাজুয়েশন করা আনিকা জেবা। নিউইয়র্কের বাঙালিদের অবস্থান বিশেষভাবে সমাদৃত হয় বলে তারা সহকর্মী-বন্ধু-বান্ধবদের সাথে কথা বলার সময় এক গৌরবে উজ্জীবিত হন বলে জানান।

সুবর্ণ জয়ন্তী উদযাপন কমিটির প্রধান উপদেষ্টা ও সাবেক সভাপতি ডা. হামিদুজ্জামান বলেন, সোসাইটিতে বিশেষ করে কার্যকরী কমিটিতে নতুন প্রজন্মকে অন্তর্ভুক্ত করতে হবে। তারাই মূলধারায় কমিউনিটিকে তুলে ধরতে পারবে।

সুবর্ণ জয়ন্তী উদযাপন কমিটির চেয়ারম্যান ও সাবেক সভাপতি ডা. মঈনুল ইসলাম মিয়া বলেন, আমাদের নিজস্ব ঐতিহ্য, সংস্কৃতি, গৌরবময় মূল্যবোধকে সমুন্নত রাখার উদ্যোগ অব্যাহত রাখতে হবে।

সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম বলেন, আসুন ঐক্য, ভালবাসা এবং দেশপ্রেমের শক্তিতে বাংলাদেশ সোসাইটিকে আরো এগিয়ে নিয়ে যাই আগামী প্রজন্মের জন্য এক উজ্জ্বল ও গর্বিত ভবিষ্যতের পথে।

সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী বলেন নতুন প্রজন্ম ঐতিহ্য ধারণ করে আরো আধুনিক ও কার্যকর বাংলাদেশ



সোসাইটি গড়ে তুলবে, যা শুধু প্রবাসে নয়, আন্তর্জাতিক অঙ্গনেও বাংলাদেশি কমিউনিটির মর্যাদা বৃদ্ধি করবে।

শারমিনা সিরাজ সোনিয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে স্মৃতিচারণ করেন সাবেক সভাপতি ডা. সিরাজ, সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম হাওলাদার।

অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে ছিলেন উপস্থিত ছিলেন ঠিকানা গ্রুপের চেয়ারম্যান এম. এম. শাহীন, ফোবানার চেয়ারপারসন এবং বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির অন্যতম সদস্য গিয়াস আহমেদ, এটর্নি মঈন চৌধুরী, বাংলাদেশ সোসাইটির আজীবন সদস্য ও মূলধারার রাজনীতিক আকতার হোসেন বাদল, বিএনপি নেতা মো. গিয়াস উদ্দিন, রিয়েল্টির নুরুল আজিম, মিডোব্রুকের ব্রাঞ্চ ম্যানেজার আফিস হোসেন, আবাসন ব্যবসায়ী মোর্শেদা জামান প্রমুখ।

এ উৎসবের সাংস্কৃতিক পর্বে সঙ্গীত পরিবেশন করেন জনপ্রিয় কণ্ঠশিল্পী বাদশা বুলবুল, প্রতীক হাসান, রানো নেওয়াজ, কালা মিয়া, শাহ মাহবুব, অনিক রাজ, হাসান নীলু প্রমুখ।

সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে প্রকাশিত 'অ্যাপথিক' নামের স্মরণিকা সম্পাদনা করেন সাহিত্য সম্পাদক আখতার বাবুল। ব্যবস্থাপনা সম্পাদক ছিলেন সংগঠনের প্রচার সম্পাদক মিন্টু মোহাম্মদ।

সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক ছাড়াও অনুষ্ঠান আয়োজনে সার্বিক সহযোগিতায় ছিলেন- সহ-সভাপতি কামরুজ্জামান কামরুল, সহ সাধারণ সম্পাদক আবুল কালাম ভূইয়া, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি, সাংগঠনিক সম্পাদক ফিউক খান, সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, সমাজকল্যাণ সম্পাদক জামিল আনসারী, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক আশ্রাব আলী খান লিটন, স্কুল ও শিক্ষা সম্পাদক মোহাম্মদ হাসান জিলানী, কার্যকরী সদস্য হারুন অর রশিদ, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, মোহাম্মদ সিদ্দিক পাটোয়ারী, আবুল কাশেম চৌধুরী, নুরনুর আহমেদ ও হাসান খান প্রমুখ।


BIG SALE
KHAAMAR BAARI SUPERMARKET
183-19 HILLSIDE AVE, JAMAICA, NY, 11432
KHAAMAR BAARI
Shahi King Plain Paratha (30P) $4.99 Each
Yellow Onion (10LB) $2.99 Limit-2
Whole Milk Gallon $2.99 Limit-2
Delta Parboiled Rice (50lb) $29.99 Limit-2
Domino Sugar (4LB) 2/$7 Each- $3.99
Crazy Deals @EGGS
Medium White Eggs 3Dz/$5
Jumbo White/Brown Eggs $1.99 Each Limit-5
Extra large Eggs 18p (White/brown) $2.99 Each Limit-5
Organic Eggs (Medium) 3Dz/$10
Shahi Sunflower Oil (5L) $12.99 Each
Hot Deals @MEAT
Chicken Breast $1.99 LB Clean/Cut - $2.49/LB
Regular Chicken Leg $1.49 LB Clean/Cut - $1.99/LB
Beef Mix $3.99 LB
Beef With Bone $4.49 LB
HALAL
Patali Khejur Gur $2.99 LB
Crazy Deals @FISH
Rohu (2kg) $11.99 Each
Mrigal (2kg) $15.99 Each
Katla up to (5kg) $2.49 LB
Hilsha 3P Pack (3/5 size) $19.99 Each
Champmar Shrimp 4LB (30/40 size) $16.99 Each
Buldak Ramen Noodles 2/$14.99 Each - $7.99
Shahi Chinigura Rice (10LB) $12.99 Each
Shahi Extra Virgin Olive Oil Blend (3L) $11.99 Each
Olympia Ghee Toast 2/$5 Each - $2.99
Dano Milk Powder (2.5kg) $29.99 Each Limit-2
THE MOST AFFORDABLE SUPERMARKET IN YOUR Neighborhood
GET REGULAR SALE UPDATES SCAN ME
STORE FRONT METER PARKING AVAILABLE
METER PARKING AVAILABLE
718-739-9700
facebook.com/khaamarbaari
183-19 Hillside AVE Jamaica NY 11432

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

# PCA HOME CARE সেবা

আমাদের স

আমরা শীর্ষস্থানীয় **PCA HOME CARE** সেবা
আমরা **HHA/PCA** সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

**Please Contact**

**Shah Nawaz** MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব **PCA ও HHA** ট্রেনি

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

**HILLSIDE AVE. O**
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
R E
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নের সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903

# বাংলাদেশ সোসাইটির জমকালো সুবর্ণ জয়ন্তী উৎসব



# বাংলাদেশ সোসাইটির জমকালো সুবর্ণ জয়ন্তী উৎসব



## এলডিপি'র প্রতিষ্ঠাবার্ষিকীতে যুক্তরাষ্ট্রে আলোচনা সভা

৬৪ পৃষ্ঠার পর

অবস্থানকালে রাজনৈতিক ও ধর্মীয় উগ্রবাদীদের হাতে নির্যাতিত হয়েছিলেন।
সভায় বক্তারা বলেন জাতির গর্বিত সন্তান, বাংলাদেশের জাতীয় নেতা, যিনি সর্বপ্রথম পাকবাহিনীর বিরুদ্ধে সশস্ত্র বিদ্রোহকারী বীর মুক্তিযোদ্ধা ড. কর্নেল অলি আহমদ এলডিপি-এর প্রতিষ্ঠাতা। তাঁর হাত ধরে আমরা সোনার বাংলাদেশ নতুন করে গড়ার স্বপ্ন দেখছি। মানুষ যখন প্রত্যেক দলকে পরখ করে ফেলবে, তখন এলডিপিকেই বেছে নেবে। সেদিন আর বেশি দূরে নয়।
বক্তারা আরও বলেন, এলডিপি একটি গণমানুষের দল, যা দেশের গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার প্রতিষ্ঠায় অবিরাম কাজ করে যাচ্ছে। দেশবাসীকে সঙ্গে নিয়ে এলডিপি স্বনির্ভর বাংলাদেশ গঠন করবেই।

## ফিরোজ সভাপতি ও আলমগীর সাধারণ সম্পাদক

৬৪ পৃষ্ঠার পর

আব্দুল সালাম সাবু, আব্দুল মান্নান, মোঃ আলমগীর হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক- মনিরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক -মোঃ জসিম উদ্দিন, সহ -সাংগঠনিক সম্পাদক - মোঃ আলাউদ্দিন ফারুক, কোষাধ্যক্ষ - মোঃ আনোয়ারুল ইসলাম, সহ কোষাধ্যক্ষ - মোঃ সোহেল, সমাজ কল্যাণ ও সাংস্কৃতিক সম্পাদক : নাজিম উদ্দিন সুজন, শিক্ষা ও সাহিত্য সম্পাদক : মাহমুদুল হাসান রাজীব, ক্রীড়া ও স্বাস্থ্য সম্পাদক -জোবায়েদুল ইসলাম, প্রশিক্ষণ ও কর্ম সংস্থান সম্পাদক -মোহাম্মদ আরিফ, প্রচার সম্পাদক -ইমরুল হাসান আরজান, দপ্তর সম্পাদক-আজমীর হোসাইন, মেইনটেন্যান্স ও আইন বিষয়ক সম্পাদক- মোঃ আরিফুজ্জামান, তথ্য ও প্রযুক্তি সম্পাদক- রেহান উদ্দিন সোহেল। কার্যনির্বাহী পরিষদ তাদের প্রথম সভায় ১৬ জন কার্যনির্বাহী সদস্য নির্বাচন করবেন।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)




## ঐকমত্য কমিশনের সমালোচনায় নিউইয়র্ক বিএনপি

৬৪ পৃষ্ঠার পর

মানুষ একযোগে আন্দোলনে যোগ দেন, শেষ পর্যন্ত খুনি হাসিনা দেশত্যাগে বাধ্য হন।
তিনি বলেন, যে লক্ষ্য ও প্রত্যাশা নিয়ে বাংলাদেশের মানুষ নিজেদের তাজা রক্ত ঢেলে দিয়েছে, সেই গণতান্ত্রিক স্বপ্নকে ভূলুণ্ঠিত করার জন্য জামায়াতের সহযোগিতায় অন্তর্বর্তী সরকার চক্রান্ত করছে। ঐকমত্য কমিশন ও সরকার জামায়াতের এজেন্ডা বাস্তবায়নের জন্য, এবং বিনা ভোটে দীর্ঘমেয়াদে ক্ষমতায় টিকে থাকার উদ্দেশে রাজনৈতিক দলগুলোর সিদ্ধান্ত উপেক্ষা করে সংবিধান পরিবর্তনের মতো গুরুত্বপূর্ণ বিষয় গণভোটের মাধ্যমে পরিবর্তনের চক্রান্ত করছে, যেখানে বিনমিল্লাহির রাহমানির রাহিম বাদ দেওয়া হয়েছে। রাজনৈতিক দলগুলোর অজান্তে এই অন্তর্বর্তী সরকারের গোপন পদক্ষেপ নির্বাচন প্রক্রিয়া বানচাল করে জামায়াতের সহযোগিতায় ভোটবিহীন ক্ষমতা দখলের চেষ্টা করছে। সরকারের উপদেষ্টাদের অযোগ্যতা ও ব্যর্থতা আজ দৃশ্যমান বাস্তবতা।
তিনি আরও বলেন, ঐকমত্য কমিশনের সদস্য ড. আলী রিয়াজ অতীতে আওয়ামী লীগের পক্ষে কাজ করেছেন। তিনি যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের বিভিন্ন প্যানেল আলোচনায় আওয়ামী লীগের পক্ষ সমর্থন করেছেন। তার অবস্থান সুস্পষ্টভাবে পক্ষপাতদুষ্ট ছিল। তিনি এখনো 'ঐকমত্য'র নামে বিভেদ সৃষ্টি করে বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপট ঘোলাটে করছেন। তার পদত্যাগ দাবি করছি।
তারেক রহমানের দেশে ফেরা নিয়ে গিয়াস আহমেদ বলেন, এই অন্তর্বর্তী সরকার তারেক রহমান যাতে দেশে ফিরে না আসতে পারেন, সেই উদ্দেশে পরিকল্পনা করছে। বর্তমান সরকার এখনো পর্যন্ত তার দেশে ফেরার নিরাপত্তা বিষয়ে কোনো সরকারি ঘোষণা বা নিশ্চয়তা দেয়নি। বরং বিভিন্ন গোয়েন্দা সংস্থা ও সরকারি এজেন্সি তাকে নিরুৎসাহিত করছে।
নিউইয়র্ক স্টেট বিএনপির সাধারণ সম্পাদক সাইদুর রহমান সাঈদের সঞ্চালনায় সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি অলিউল্লাহ আতিকুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন স্টেট বিএনপির নেতা জসিমউদ্দিন, গোলাম ফারুক শাহিন, দেওয়ান কাউসার প্রমুখ।

## নির্বাচন পর্যবেক্ষণে ৬৬ সংস্থাকে চূড়ান্ত নিবন্ধন ইসির

৬৪ পৃষ্ঠার পর

চেয়ে ১৫ কার্যদিবসের সময় দিয়ে গণবিজ্ঞপ্তি প্রকাশ করবে সাংবিধানিক প্রতিষ্ঠানটি।
এর আগে গত ২৮ সেপ্টেম্বর জাতীয় সংসদ নির্বাচনে পর্যবেক্ষক হিসেবে দায়িত্ব পালনের জন্য ৭৩টি স্থানীয় নির্বাচন পর্যবেক্ষক সংস্থার প্রাথমিক তালিকা নির্ধারণ করে গণবিজ্ঞপ্তি প্রকাশ করেছিল নির্বাচন কমিশন।
ইসি জানিয়েছে, বিগত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পূর্বে নিবন্ধিত ৯৬টি স্থানীয় নির্বাচন পর্যবেক্ষক সংস্থার নিবন্ধন 'নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা ২০২৫'-এর ধারা ১৬ মোতাবেক স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়েছে। ত্রয়োদশ সংসদ নির্বাচন সামনে রেখে ২০২৩ সালের নীতিমালা বাতিল ও তৎকালীন ৯৬টি পর্যবেক্ষক সংস্থার নিবন্ধন বাতিল করে নতুন নীতিমালা জারি করে নাসির উদ্দিন কমিশন। আগামীতে এই নতুন নীতিমালা অনুযায়ী পর্যবেক্ষক সংস্থাকে নিবন্ধিত করা হবে।
'নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা ২০২৫'-অনুসারে পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধনে আগ্রহী যোগ্য বেসরকারি সংস্থাসমূহকে আগামী ১০ আগস্ট (রোববার) বিকেল ৫টার মধ্যে নির্বাচন কমিশনের সিনিয়র সচিব বরাবর স্থানীয় পর্যবেক্ষক নিবন্ধনের আবেদন ফরম (ইও-১)-এ আবেদন দাখিল করতে হবে।
নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি এবং আবেদন ফরম (EO-1) নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখায় (কক্ষ নং-১০৫) এবং নির্বাচন কমিশনের ওয়েবসাইট www.ecs.gov.bd -তে পাওয়া যাবে।
প্রসঙ্গত, ২০০৮ সালের নবম জাতীয় সংসদ নির্বাচনের আগে পর্যবেক্ষক নিবন্ধন প্রথা শুরু করে ইসি, যেখানে ১৩৮টি সংস্থা নিবন্ধন পেয়েছিল। সর্বশেষ ২০২৪ সালের দ্বাদশ সংসদ নির্বাচনে ৯৬টি নিবন্ধিত সংস্থার মধ্যে প্রায় ৮০টি সংস্থার ২০ হাজার ২৫৬ জন ভোট পর্যবেক্ষণ করেন।

## কবি ফররুখ আহমদের স্মরণে প্রবাহ'র সাহিত্য সভা অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

কবি, লেখকদের সমাগম ঘটে। ইসলামী রেনেসাঁর কবি ফররুখ আহমদকে উপস্থিত সকলে স্মরণ করেন ও নিজেদের অভিব্যক্তি প্রকাশ করেন আধুনিক বাংলা সাহিত্যের এ মহান কবিকে নিয়ে।
বাচিক শিল্পী ও টিভি উপস্থাপক জি এম ফারুক খান আবৃত্তি করেন কবি ফররুখ আহমদ এর 'পাঞ্জেরী' কবিতা। কবি ফররুখ আহমদ এর লেখা ছড়া আবৃত্তি করে বিশ্ববিদ্যালয় ছাত্র রাকিন ইকবাল কাফিফ। বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম বিশ্বাস একটি কবিতা পাঠ করেন। সমাজসেবক ও সংগঠক লিয়াকত এনায়েত বাংলা সাহিত্যে কবি ফররুখ আহমদের অবদান সম্পর্কে আলোকপাত করেন। সংস্কৃতি কর্মী তোফাজ্জল হোসেন একটি কবিতা পাঠ করেন।
অনুষ্ঠানে উপস্থিত সকলে কবি ফররুখ আহমদের সাহিত্য কর্মকে ব্যাপকভাবে প্রচার, গবেষণার প্রতি উৎসাহিত করেন। অনুষ্ঠানের শেষাংশে বিশিষ্ট বাচিক শিল্পী জি এম ফারুক খান বাংলা উচ্চারণের উপর বিশেষ একটি পর্ব উপস্থাপন করেন ও প্রতি মাসিক সাহিত্য সভায় এর ধারাবাহিকতা রক্ষা করার প্রতিশ্রুতি প্রদান করেন।

## উদ্বেগ কমানোর সহজ কিছু কৌশল

২০ পৃষ্ঠার পর

ক্যাবিনেট রাখা ও তাতে অনেক ফাইল। কল্পনায় একটি করে ফাইল নিয়ে আপনার যে বিষয়গুলো নিয়ে দুশ্চিন্তা হচ্ছে তা লিখুন। একটি ফাইলে একটি দুশ্চিন্তা লিখুন। এটা নিয়ে কিছুক্ষণ ভাবুন এবং ফাইলটি বন্ধ করে ক্যাবিনেটে রেখে দিন। এটি চালিয়ে যান যতক্ষণ না আপনার লেখার মতো একটিও দুশ্চিন্তার বিষয় বাকি থাকবে। মনের ব্যায়ামটি দ্রুত আপনাকে উদ্বেগ থেকে মুক্তি দেবে। সেইসঙ্গে উদ্বেগটা পুরোপুরি দূর করার রাস্তাও হয়তো খুঁজে পাবেন এ প্রক্রিয়ায়।
মনোযোগ সরান : ওপরের কোনো কৌশলই যদি তাৎক্ষণিক কাজ না করে, সে ক্ষেত্রে নিজের মনোযোগ অন্যদিকে নেওয়ার চেষ্টা করুন। উদ্বেগের কারণে যদি হৃৎস্পন্দন বাড়তে থাকে বা ঘামতে থাকেন, তবে দ্রুত অন্য একটি হালকা কাজ শুরু করে দিন। কাজটা হতে পারে রান্না করা, বই পড়া, গাছে পানি দেওয়া বা কাউকে ফোন করে গল্প করা। লিখেছেন ওয়েবএমডি অবলম্বনে

## নায়িকা তিশার বিরুদ্ধে প্রতারণা মামলা

৪৬ পৃষ্ঠার পর

সুপ্রিম কোর্টের এডভোকেট সাফিউল্লাহ সরকার গণমাধ্যমে বলেন, 'তানজিন তিশার মতো তারকা একজন নারী উদ্যোক্তার সঙ্গে যে ধরনের প্রতারণা করেছেন তা কাম্য নয়। উনি চাইলেই বিষয়টি সমাধান করতে পারতেন, কিন্তু সেটা না করে তার ভেরিফায়েড ফেসবুকে মানহানিকর স্ট্যাটাস দিয়ে সামাজিকভাবে হেয় করেছেন। একজন নারী উদ্যোক্তাকে যেখানে ওনার পেট্রোনাইজ করার কথা, সেখানে তিনি করলেন প্রতারণা। এ জন্য তাকে আইনি নোটিশ দেওয়া হয়েছিল। কিন্তু আইনি নোটিশের কোনও জবাব তিনি দেননি। তাই আমার মক্কেল তিশার বিরুদ্ধে বিজ্ঞ আদালতে মামলা করেছেন।'
অনেকেই জানেন, 'এ্যাপোলিয়া' নামের একটি অনলাইন ফ্যাশন পেজ থেকে ২৮ হাজার ৮শ টাকা মূল্যের একটি শাড়ি নিয়েছিলেন। কথা ছিলো শাড়িটির টাকা না নিয়ে তিনি প্রতিষ্ঠানটির প্রমোশন করবেন নিজের ফেসবুক পেজে। কিন্তু সেটি তিশা করেননি, টাকাও দেননি। একপর্যায়ে যোগাযোগ বিচ্ছিন্ন করার জন্যই প্রতারণার অভিযোগ এনেছিলেন ফ্যাশন পেজটির কর্ণধার এক নারী উদ্যোক্তা। ওই নারী উদ্যোক্তার সঙ্গে তিশার ইনস্টাগ্রাম, হোয়াটসঅ্যাপ ও অন্যান্য মেসেঞ্জে কথোপকথন পর্যালোচনা করে প্রতারণার সত্যতা পাওয়া গেছে। যা নিয়ে সংবাদ প্রকাশ হলে সম্প্রতি তুমুল সমালোচনার মুখে পড়েন তিশা।
বিষয়টি নিয়ে তিশা তার ফেসবুক পেজে একটি স্ট্যাটাসের মাধ্যমে দাবি করেছিলেন, ওই শাড়িটি নাকি উপহার দিয়েছেন নারী উদ্যোক্তা।
এরপর প্রতারণা, মানহানিকর কথা ও ফলচাতুরীর অভিযোগ এনে এক লাখ টাকা ক্ষতিপূরণ দাবি করে তানজিন তিশা (তানজিন নাহার তিশা)কে আইনি নোটিশ দিয়েছিলেন 'এ্যাপোলিয়া' অনলাইন ফ্যাশন পেজ-এর কর্ণধার ঝিনুকের হয়ে সুপ্রিম কোর্টের আইনজীবী সাফিউল্লাহ সরকার। গত ২২ অক্টোবর তানজিন তিশার বাসার ঠিকানায় ডাকযোগে এবং তিশার হোয়াটসঅ্যাপে আইনি নোটিশটি পাঠানো হয়েছে বলে নিশ্চিত করেছিলেন এ্যাপোলিয়া কর্তৃপক্ষ।
আইনি নোটিশে এক সপ্তাহের মধ্যে ক্ষতিপূরণের পাশাপাশি ওই নারী উদ্যোক্তাকে নিয়ে সোশ্যাল মিডিয়ায় মিথ্যাচার করার জন্য ক্ষমা চাইতে বলা হয় তিশাকে। কিন্তু আইনি নোটিশে বেঁধে দেওয়া নির্দিষ্ট সময় পেরিয়ে গেলেও বিষয়টি নিয়ে কোনও সমাধানে যাননি তিশা। উল্টো বলেছেন, 'গিফট নিয়ে হয়ে গেলাম প্রতারক।'
এ্যাপোলিয়া অনলাইন ফ্যাশনের কর্ণধার ঝিনুক গণমাধ্যমে বলেন, 'যে কোনও পেশাতেই একটা আভিজাত্য থাকে। সেই অনুযায়ী কাজ না করলে পেশার সম্মান থাকে না। শিল্পীরা তো পানির মতো সহজ সরল হওয়ার কথা। তারা মানুষের জন্যই কাজ করেন। তাদেরকে মানুষ ফলো করেন। কিন্তু শিল্পী যদি এভাবে প্রতারণা করেন, মানুষের বিশ্বাস ভঙ্গ করেন সেটা অনেক দুঃখজনক। যেহেতু বিষয়টি মামলায় গড়িয়েছে। আমি আইনের প্রতি অত্যন্ত শ্রদ্ধাশীল। আমার বিশ্বাস ন্যায় বিচার পাবো।'
মূলত সেই সূত্র ধরেই এবার প্রতারণার মামলার আসামি হলেন তিশা। তিনি এখন দুরন্ত সময় পার করছিলেন শাকিব খানের 'সোলজার' ইউনিটে। এটি মুক্তি দিতেই তার সিনেমার খাতায় নাম লেখানোর কথা, যদিও তার আগেই লেখালেন আসামির খাতায়!



Personal Injuries & Death Claims
Car Accidents and Medical Mal Practice
Divorce, Family Matters and Domestic Violence
Real Estate and Business Closing
Foreclosure proceedings
Bankruptcy
All Civil Matters
Wills, Trust and Estate Planning
All Criminal Matters
All Immigration Matters
MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ
  সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ
  সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA | QATAR AIRWAYS القطرية | Emirates | TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

সাপ্তাহিক আজকাল

## বিজ্ঞাপনের মূল্য তালিকা

**বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার

**পাত্র/ পাত্রী চাই:** এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার

**লোক আবশ্যক:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

**বেবি সিটার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

**ড্রাইভার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

যে কোন তথ্যের জন্য ফোন করুন।

**৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১**

Email: ajkalnews@gmail.com


## অসৎ যে-কেউ হতে পারে, সৎ হতে পারে কেবল মানুষ

৫ পৃষ্ঠার পর

কেবল সততাই দেয়। সৎ মানুষের কিছুই হারানোর ভয় থাকে না, চলার পথে কোনো শঙ্কাও থাকে না। সৎ মানেই স্বাধীন-আত্মসম্মানে বলীয়ান। এই স্বাধীনতাই মানুষকে মানুষ করে তোলে।

মানবজীবন সম্পদহীন হলেও সততায় ভরপুর হওয়া উচিত। একসময় সবাই উপলব্ধি করবে, সততাই প্রকৃত সম্পদ। ব্যক্তিত্বহীন হয়ে বাঁচা মৃত্যুর চেয়েও তুচ্ছ। অভাব, দুর্নামি বা চাপ কোনো কিছুই আদর্শ থেকে বিচ্যুত করতে পারবে না। অনৈতিক অর্জন আত্মতৃপ্তি দেয় না, বরং অস্থিরতা বাড়ায়। তাই মানুষ হিসেবে সৎ হওয়া, সততার গল্প হওয়া এবং অন্যের জন্য প্রেরণা হওয়াই জীবনের আসল অর্জন। অসৎ যে-কেউ হতে পারে, সৎ হতে পারে কেবল মানুষ।

## ঐকমত্য কমিশনের ব্যয় এক কোটি ৭১ লাখ টাকা, আপ্যায়ন খাতে ৪৫ লাখ

৬৪ পৃষ্ঠার পর

পরিকল্পিত প্রোপাগান্ডা, স্বাভাবিকভাবেই অপপ্রচারকারীরা এ বিষয়ে কমিশনের কোনো তথ্য সংগ্রহ করেনি। সংশ্লিষ্ট তথ্যের যথার্থতা যাচাইয়ে যথাযথ কর্তৃপক্ষের সঙ্গেও যোগাযোগ করেনি।

এতে আরও বলা হয়, অপপ্রচারকারীদের নির্জলা মিথ্যাচারের ফলে জনমনে যেন কোনো ধরনের বিভ্রান্তি সৃষ্টি না হয়, সেই লক্ষ্যে কমিশনের পক্ষ থেকে স্পষ্টভাবে জানানো যাচ্ছে যে গত ১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে কার্যক্রম শুরু করার পর ২০২৪২৫ এবং ২০২৫২৬ অর্থবছরে জাতীয় ঐকমত্য কমিশনের সর্বমোট বাজেট ছিল ৭ কোটি ২৩ লাখ ৩১ হাজার ২৬ টাকা। এর বিপরীতে ৩১ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত কমিশনের ব্যয় হয়েছে ১ কোটি ৭১ লাখ ৩১ হাজার ১২৬ টাকা, যা মোট বরাদ্দের ২৩ দশমিক ৪৬ শতাংশ। কমিশনের মোট বরাদ্দের মধ্যে আপ্যায়ন খাতে বরাদ্দ ছিল ৬৩ লাখ টাকা, যার মধ্যে ব্যয় হয়েছে ৪৫ লাখ ৭৭ হাজার ৬৮৫ টাকা।

জাতীয় ঐকমত্য কমিশন

পোস্টে বলা হয়, কমিশনের এই আপ্যায়ন বরাদ্দের বড় অংশ ব্যয় হয়েছে রাজনৈতিক দলসমূহের সঙ্গে আলোচনার সময় এবং কমিশনের অন্যান্য বৈঠকে। রাজনৈতিক দলগুলোর সঙ্গে তিন ধাপের আলোচনাকালে প্রতিদিন কমিশনের উদ্যোগে রাজনৈতিক দলের প্রতিনিধি, তাঁদের সহযোগী, সাংবাদিক ও গণমাধ্যমকর্মী, কমিশনের কর্মকর্তা-কর্মচারী এবং নিরাপত্তাকর্মীদের আপ্যায়নের ব্যবস্থা করা হয়।

এতে বলা হয়, প্রথম পর্যায়ে ২০ মার্চ থেকে ১৯ মে ২০২৫ পর্যন্ত কমিশনের সঙ্গে রাজনৈতিক দলের ৪৪টি বৈঠক অনুষ্ঠিত হয়। ওই সময়ে এই খাতে ব্যয় হয় ৪ লাখ ৯১ হাজার টাকা। দ্বিতীয় পর্যায়ে ফরেন সার্ভিস একাডেমিতে ৩০টি রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে ২৩টি সভা অনুষ্ঠিত হয়। এই সময়ে ব্যয় হয় ২৮ লাখ ৮৩ হাজার ১০০ টাকা। এই বৈঠকগুলো সকাল থেকে রাত অবধি চলায় অংশগ্রহণকারীদের জন্য নাশতা, মধ্যাহ্নভোজ ও নৈশভোজের ব্যবস্থা করতে হয়। গড়ে প্রতিদিন ব্যয় হয়েছে ১ লাখ ২৩ হাজার টাকার কম। তৃতীয় পর্যায়ে ৭টি বৈঠকে ৩০টি দলের প্রতিনিধিরা অংশ নেন, এতে ব্যয় হয় ৭ লাখ ৮ হাজার ৬০০ টাকা।

পোস্টে বলা হয়, এর বাইরে কমিশনের নিজস্ব সভা হয়েছে ৫০টি, যার অনেকগুলো ছিল ছুটির দিনে এবং দিনব্যাপী; এতে ব্যয় হয়েছে ১ লাখ ৫ হাজার ৫২৩ টাকা। রাজনৈতিক দলের সঙ্গে অনানুষ্ঠানিক বৈঠক, নাগরিক সমাজ ও পেশাজীবীদের সঙ্গে বৈঠক, তিনটি সংবাদ সম্মেলনসহ মোট ১৩টি অনুষ্ঠানে ব্যয় হয়েছে ২ লাখ ৩৪০ টাকা।

এতে বলা হয়, বিশেষজ্ঞদের সঙ্গে ১৪টি বৈঠকে আপ্যায়ন বাবদ ব্যয় হয়েছে ৩০ হাজার ৯৬০ টাকা। উল্লেখ্য, বিশেষজ্ঞরা কোনো সম্মানী বা ভাতা গ্রহণ করেননি। এর বাইরে ৯ মাসে অতিথি আপ্যায়নের জন্য ব্যয় হয়েছে ২ লাখ টাকা, যার আওতায় বিদেশি কূটনীতিক, দেশি-বিদেশি প্রতিষ্ঠানের প্রতিনিধি, রাজনৈতিক দলের নেতা, সম্পাদক, সাংবাদিকসহ বিভিন্ন অতিথিকে আপ্যায়ন করা হয়। কমিশনের পক্ষ থেকে বলা হয়, ওপরের বিস্তারিত হিসাব থেকে স্পষ্ট যে ৮৩ কোটি টাকার ব্যয়ের দাবি কেবল মিথ্যাচারই নয়, বরং জাতীয় ঐকমত্য কমিশন ও তার কার্যক্রমকে হেয় করার একটি সংঘবদ্ধ ও পরিকল্পিত অপচেষ্টা। কমিশন আশা করে যে অসাধু মহল অসৎ উদ্দেশ্যে এই প্রোপাগান্ডা পরিচালনা করছেন, তারা অবিলম্বে ভুল স্বীকার ও ক্ষমা প্রার্থনা করবেন। কমিশন তার মেয়াদকালে দায়িত্বশীল গণমাধ্যমের সহযোগিতা পেয়েছে এবং আশা করে, সেই ধারা অব্যাহত রেখে গণমাধ্যমসমূহ এই বিষয়ে সঠিক তথ্য প্রচারের মাধ্যমে জনগণকে বিভ্রান্তির হাত থেকে রক্ষা করবে।


## জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

**নুসরাত জেরিন**

**CALL: 917-436-0954**

- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং নূন্যতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
**718-480-6904, 917-436-0954**
Email: globalnusrat@gmail.com

## Marriage Media

# পাত্র-পাত্রী

**খুজছেন সন্ধান দাতা**

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ীভাবে বসবাস করতে চান?

সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিস্ট, নার্স, ফেডারেল জব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সি ড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।

৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।
সাফল্যতার সাথে অগ্রগতি।

আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।

**খান ভাই**

**646-637-7590**

Email: khanma663@gmail.com

## হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভূঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway)

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



## হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# TUITION FREE TAX SCHOOL*

## লিবার্টি ট্যাক্স স্কুল

## BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course
and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.
* Tuition is Free but there is little fee for books

- Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500
**147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435**

Email: libertytaxschool101@gmail.com (আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

## নিউইয়র্কে 'ভোজন বিলাস' রেস্টুরেন্টের উদ্বোধন

৬২ পৃষ্ঠার পর

বাংলাদেশি কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, ব্যবসায়ী, সংগঠক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

রেস্টুরেন্ট কর্তৃপক্ষ জানান, প্রবাসে থেকেও যেন বাংলাদেশি খাবারের আসল স্বাদ উপভোগ করতে পারেন, সে লক্ষ্যেই 'ভোজন বিলাস'-এর সূচনা। অভিজ্ঞ শেফদের দ্বারা প্রস্তুতকৃত দেশীয় স্বাদের ও ঐতিহ্যবাহী নানা পদে দেশীয় খাবারে সাজানো হয়েছে মেনু। প্রতিদিন দুপুর ১২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত লাঞ্চ বুফে এবং রাত ৯টা থেকে ১২টা পর্যন্ত ডিনার বুফে পরিবেশন করা হবে। এছাড়া বিশেষ আকর্ষণ হিসেবে থাকছে দেশীয় পিঠা ও নানা ধরনের স্ন্যাকস। থাকছে ইলিশ, হাঁসের মাংস, খাসির মাংস ও হরেক রকমের ভর্তা। উদ্বোধনী অনুষ্ঠানে আগত অতিথিরা রেস্টুরেন্টটির পরিবেশ, খাবারের মান ও আতিথেয়তার প্রশংসা করেন। নতুন এ রেস্টুরেন্টটি ভোজন রসিক নামের সাথে মিল রেখে ভোজন রসিক প্রবাসী বাংলাদেশীদের সেরা সার্ভিস যেন দেয়, সে প্রত্যাশাও ব্যক্ত করেন তারা।

## মিশিগানে 'মুক্তিযুদ্ধের অজানা কথা'র অডিও সংস্করণ প্রকাশনা উৎসব

৬২ পৃষ্ঠার পর

প্রকাশ উপলক্ষে বক্তব্য দেন বইটির সম্পাদক ও লেখক শামীম শহীদ।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ড. জাকিউল হক ও ড. দেবাশীষ মৃধা। শেষ পর্যায়ে ঐতিহাসিক ছয় দফা আন্দোলন ও মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ করেন মুক্তিযোদ্ধা ইউনুস সালাউদ্দিন আহমেদ। তার হাতেই আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হয় বইটির অডিও সংস্করণের।

অনুষ্ঠানে জানানো হয়, মুক্তিযুদ্ধের প্রত্যক্ষদর্শী ও অংশগ্রহণকারীদের স্মৃতিচারণভিত্তিক এই অডিও সিরিজ আগামী ডিসেম্বর মাস থেকে ইউটিউবে প্রকাশ করা হবে।

অনুষ্ঠানে শিশু-কিশোরদের দেশাত্মবোধক গানসহ নানা সাংস্কৃতিক পরিবেশনা উপস্থিত দর্শক-শ্রোতাদের মুগ্ধ করে। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চৌধুরী আফরিন।

## ডেমোক্র্যাটদের নিয়ে প্রেসিডেন্ট ট্রাম্পের সতর্ক বার্তা

৬২ পৃষ্ঠার পর

